Solution: মুক্তিযুদ্ধে খেতাবপ্রাপ্ত যোদ্ধার সংখ্যা ৬৭৭ জন। তাদের মধ্যে বীরশ্রেষ্ঠ ৭ জন, বীর উত্তম ৬৯ জন, বীর বিক্রম ১৭৫ জন এবং বীর প্রতীক ৪২৬ জন।
উল্লেখ্য, বীর উত্তম বাংলাদেশের দ্বিতীয় সর্বোচ্চ বীরত্বের পুরস্কার। মুক্তিযুদ্ধে অবদানের জন্য ৬৮ জনকে বীর উত্তম উপাধিতে ভূষিত করা হয়েছে। সর্বশেষ বীর উত্তম প্রতীক

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

পেয়েছেন ব্রিগেডিয়ার জেনারেল জামিল আহমেদ (২০১০) মরণোত্তর সহ মোট বীর উত্তম ৬৯ জন।

21. মহান মুক্তিযুদ্ধের সময় ঢাকা কত নম্বর সেক্টরের অধীন ছিল?
a) ১নং b) ৩নং
c) ২নং d) ১০নং
ans. C

Solution:

সেক্টর ১	চট্টগ্রাম, পার্বত্য চট্টগ্রাম ও ফেনী নদী পর্যন্ত। এ সেক্টরের হেড কোয়ার্টার ছিল হরিনাতে।
সেক্টর ২	নোয়াখালী, কুমিল্লা, আখাউড়া, ভৈরব, ঢাকা ও ফরিদপুর জেলার অংশবিশেষ। আগরতলার ২০ মাইল দক্ষিণে ছিল এ সেক্টরের সদরদপ্তর।

22. জাপানের বৈদেশিক সাহায্য সংস্থার নাম কী?
a) জাইকা b) ডিএফআইডি
c) ডানিডা d) ওসিডি
ans. A

Solution: বিভিন্ন দেশের বৈদেশিক সাহায্য সংস্থাঃ JICA, SIDA, USAID, MCA, DFID, OTCA, CIDA, DANIDA.

23. বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট কোথায় অবস্থিত?
a) মানিকগঞ্জ b) রংপুর
c) ঢাকা d) পাবনা
ans. C

Solution:

নাম	অবস্থান
ফল গবেষণা ইনস্টিটিউট	বিনোদপুর, রাজশাহী
বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট	মানিক মিয়া এভিনিউ, ঢাকা
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট	জয়দেবপুর, গাজীপুর
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট	জয়দেবপুর, গাজীপুর
বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট	মানিক মিয়া এভিনিউ, ঢাকা
বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট	রাজশাহী
বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট	সাভার, ঢাকা

১৬তম শিক্ষক নিবন্ধন
পদের নামঃ কলেজ/সমপর্যায়; তারিখঃ ৩০.০৮.২০১৯

01. স্বাধীনতা যুদ্ধে অবদানের জন্য 'বীর প্রতীক' উপাধি লাভ করে কত জন?
a) ৭ জন b) ৬৮ জন
c) ১৭৫ জন d) ৪২৬ জন
ans. D

Solution: প্রশ্নে মুক্তিযুদ্ধের কথা বলা হয়েছে তাই উত্তর হবে কোনটিই নয়। উল্লেখ্য, বীর উত্তম বাংলাদেশের দ্বিতীয় সর্বোচ্চ বীরত্বের পুরস্কার। মুক্তিযুদ্ধে অবদানের জন্য ৬৮ জনকে বীর উত্তম উপাধিতে ভূষিত করা হয়েছে। সর্বশেষ বীর উত্তম প্রতীক পেয়েছেন ব্রিগেডিয়ার জেনারেল জামিল আহমেদ (২০১০) মরণোত্তর সহ মোট বীর উত্তম ৬৯ জন। বঙ্গবন্ধুকে ১৯৭৫ সালের আগস্টে বাঁচানোর চেষ্টার জন্য তাঁকে ২০১০ সালে মরণোত্তর বীর উত্তম পদক প্রদান করা হয়।

02. বাংলাদেশের সংবিধান রচনা কমিটির একমাত্র মহিলা সদস্য কে?
a) ক্যাপ্টেন সেতারা বেগম b) বেগম সুফিয়া কামাল
c) বেগম মতিয়া চৌধুরী d) বেগম রাজিয়া বানু
ans. D

Solution: খসড়া সংবিধান রচনা কমিটির প্রধান বা সভাপতি ছিলেন ড. কামাল হোসেন। সংবিধান প্রণয়ন কমিটির সদস্য সংখ্যা ছিল ৩৪ জন (৩৩ জন আওয়ামী লীগ দলীয় গণপরিষদ সদস্য এবং একজন ন্যাপ সদস্য বুরঞ্জিত সেন গুপ্ত। খসড়া সংবিধান প্রণয়ন কমিটি সর্বমোট ৪৭টি (৩০০ ঘণ্টা ব্যয় করে) বৈঠকের মাধ্যমে সংবিধানের খসড়া প্রনয়ণ করে। হস্তলিখিত সংবিধানের মূল লেখক ছিলেন এ কে এম আবদুর রউফ।

03. বাংলাদেশের বৃহত্তম উপজেলা কোনটি?
a) শ্যামনগর b) ঘাটাইল
c) সাভার d) বরকল
ans. A

Solution: বাংলাদেশের বৃহত্তম (আয়তনে)ঃ বিভাগ হলো চট্টগ্রাম, জেলা হলো রাঙামাটি, উপজেলা হলো শ্যামনগর (সাতক্ষীরা), থানা হলো শ্যামনগর (সাতক্ষীরা), পৌরসভা হলো বগুড়া সদর।
বাংলাদেশের ক্ষুদ্রতম (আয়তনে)ঃ বিভাগ হলো ময়মনসিংহ, জেলা হলো নারায়ণগঞ্জ, উপজেলা হলো বন্দর (নারায়নগঞ্জ), পৌরসভা হলো বানারীপাড়া, ইউনিয়ন হলো হাজীপুর (দৌলতখান, ভোলা), থানা হলো কোতোয়ালী (ঢাকা)।

04. মনপুরা ৭০ কি?
a) একটি উপজেলা b) একটি নদী বন্দর
c) একটি উপন্যাস d) একটি চিত্রশিল্প **ans. D**

Solution: বাংলাদেশের বিখ্যাত চিত্রশিল্পী শিল্পাচার্য জয়নুল আবেদিন রচিত একটি চিত্রশিল্প হল 'মনপুরা ৭০'। ১৯৭০ সালের ১২ নভেম্বর মনপুরা দ্বীপে সংঘটিত ঘূর্ণিঝর নিয়ে এই চিত্রটি আঁকেন। তাঁর অন্যান্য চিত্রকর্ম হল দুর্ভিক্ষের রেখাচিত্র, ম্যাডোনা-৪৩, পাইন্যারমা, সংগ্রাম, গায়ের বধু, নবান্ন, মইটানা। এছাড়াও গৌতম ঘোষ পরিচালিত একটি সিনেমা হল মনপুরা। যা বাউল সম্রাট লালন শাহ এর জীবনী নিয়ে নির্মিত।

05. বাংলাদেশের সংবিধান কতটি ভাষায় রচিত?
a) ১টি b) ২টি
c) ৩টি d) ৪টি **ans. B**

Solution: বাংলাদেশের সংবিধান ২টি ভাষায় রচিত হয়েছে। একটি হলো ইংরেজি এবং অপরটি বাংলা। সংবিধানের ইংরেজি লেখক হলেন ড. কামাল হোসেন এবং বাংলায় অনুবাদক হলেন ড. আনিসুজ্জামান।

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

06. বাংলাদেশের কোন জেলা দুই দেশের সীমানা দ্বারা বেষ্টিত?
a) খাগড়াছড়ি b) বান্দরবান
c) রাঙ্গামাটি d) কুমিলা **ans. C**

Solution: বাংলাদেশের সাথে ২টি দেশের সীমানা রয়েছে। যথাঃ ভারত ও মায়ানমার। ভারতের সাথে বাংলাদেশের সীমান্ত জেলা ৩০টি এবং মায়ানমারের সাথে ৩টি। মোট সীমান্ত জেলা ৩২টি। রাঙামাটির সাথে ভারত ও মায়ানমার উভয় দেশের সীমান্ত রয়েছে।

07. বাংলার প্রাচীনস্থান মহাস্থানগড় এর অবস্থান কোথায় ছিল?
a) মুন্সিগঞ্জে b) কুমিলায়
c) বগুড়ায় d) ফরিদপুর **ans. C**

Solution: বগুড়া শহর হতে সাত মাইল উত্তরে করতোয়া নদীর পশ্চিম তীরে মহস্থানগড়, যা একসময় মৌর্য ও গুপ্ত বংশের রাজাদের রাজধানী ছিল। আর এই রাজধানীর নাম ছিল 'পুণ্ড্রনগর'। বাংলাদেশে প্রাপ্ত পাথরের চাকতিতে খোদাই করা সম্ভবত প্রাচীনতম শিলালিপি এখানে পাওয়া গেছে।

08. বাংলাদেশে কবে থেকে বয়স্কভাতা চালু হয়?
a) ১৯৯৬ সালে b) ১৯৯৭ সালে
c) ১৯৯৮ সালে d) ১৯৯৯ সালে **ans. B & C**

Solution: বয়স্কভাতা হচ্ছে এমন একটি কর্মসূচি যা দেশের বয়োজ্যেষ্ঠ দুস্থ ও স্বল্প উপার্জনক্ষম অথবা উপার্জনে অক্ষম বয়স্ক জনগোষ্ঠীর সামাজিক নিরাপত্তা বিধানে ও পরিবার ও সমাজে মর্যাদা বৃদ্ধির লক্ষ্যে ১৯৯৭-৯৮ অর্থ বছরে প্রবর্তন করা হয়। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীনে সমাজসেবা অধিদপ্তর এই কর্মসূচি বাস্তবায়ন করে থাকে।

09. নদী ছাড়া 'মহানন্দা' কী?
a) তরমুজ b) সরিষা
c) আম d) কলা **ans. C**

Solution: কিছু উন্নতজাতের আমের নাম হলোঃ বারি আম-১(মহানন্দা), বারি আম-২, বারি আম-৩, (আম্রপলি), বারি আম-৪ (হাইব্রিড), মোহনভোগ, ল্যাংড়া, ফজলী, গোপালভোগ, হিমসাগর, ক্ষীরসাপাতি, আশ্বিনা, কিষাণভোগ, কুয়াপাহাড়ি, লতা, বোম্বাই, ফোরিয়া, কোহিতুর, লক্ষণভোগ, মিশ্রিভোগ, গৌড়মতি।
উল্লেখ্য, আমকে সর্বপ্রথম বহির্বিশ্বে পরিচিত করান বিখ্যাত চীনা পর্যটক হিউয়েন সাং ৬৩২ থেকে ৬৪৫ সালে। বাংলাদেশের 'ক্ষীরসাপাতি' আম জি.আই. পণ্য হিসেবে স্বীকৃতি পেয়েছে।

10. বাংলাদেশে প্রথম ইপিজেড কোথায় অবস্থিত হয়?
a) সাভার b) চট্টগ্রাম
c) মংলা d) গাজীপুর **ans. B**

Solution: বর্তমানে বাংলাদেশে চালুকৃত সরকারি ইপিজেডের সংখ্যা হলো ৮টি। এগুলো হলোঃ ১. আদমজী ইপিজেড, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ। ২. চট্টগ্রাম ইপিজেড, দক্ষিণ হালিশহর, চট্টগ্রাম। ৩. কুমিলা ইপিজেড, কুমিলা। ৪. ঢাকা ইপিজেড, সাভার, ঢাকা। ৫. ঈশ্বরদী ইপিজেড, ঈশ্বরদী, পাবনা। ৬. কর্ণফুলী ইপিজেড, উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম। ৭. মংলা ইপিজেড, মংলা, বাগেরহাট। ৮. উত্তরা ইপিজেড, সোনারায়, নীলফামারী। উল্লেখ্য, বাংলাদেশের প্রথম ইপিজেড হলো চট্টগ্রাম ইপিজেড। বাংলাদেশের কৃষিভিত্তিক ইপিজেড হলো উত্তরা ইপিজেড। আর দেশের প্রথম বেসরকারি ইপিজেড হলো কর্ণফুলী ইপিজেড (ভিত্তিপ্রস্তর স্থাপন ১৯৯৯ সালে)।

11. বাংলাদেশ ওয়ান ডে ক্রিকেটের শততম ম্যাচে কোন দেশকে পরাজিত করে?
a) পাকিস্তান b) ভারত
c) জিম্বাবুয়ে d) নিউজিল্যান্ড **ans. B**

Solution: ২০০৪ সালের ডিসেম্বরে ভারতের বিপক্ষে ১০০তম ম্যাচে হাবিবুল বাশার সুমনের নেতৃত্বে ওয়ানডে ম্যাচ খেলে বাংলাদেশ দল। বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে সেই ম্যাচে প্রথমে ব্যাট করে ২২৯ রান সংগ্রহ করে ভারতের বিপক্ষে ১৫ রানে জয় পায় বাংলাদেশ।

12. মূল্য সংযোজন কর একটি
a) প্রত্যক্ষ কর b) পরোক্ষ কর
c) পরিপূরক কর d) সম্পূরক কর **ans. B**

Solution: মূল্য সংযোজন কর একটি পরোক্ষ কর। এটি বাংলাদেশে বিক্রয় করের বিকল্প হিসেবে ধার্য করা হয়। বাংলাদেশে এই মূল্য সংযোজন কর চালু হয় ২ জুন ১৯৯১ সালে। বাংলাদেশের রাজস্ব আয়ের প্রধান উৎস হলো মূসক (মূল্য সংযোজন কর)।

13. 'কারাগারের রোজনামচা' গ্রন্থটির লেখক কে?
a) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান b) মাওলানা ভাসানী
c) ড. কামাল হোসেন d) জাহানার ইমাম **ans. A**

Solution: 'অসমাপ্ত আত্মজীবনী' জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রথম আত্মজীবনীমূলক গ্রন্থ যা ২০১২ সালের জুন মাসে প্রকাশিত হয়। তাঁর দ্বিতীয় আত্মজীবনীমূলক গ্রন্থ 'কারাগারের রোজনামচা' প্রকাশিত হয় ২০১৭ সালের মার্চ মাসে।

14. বিশ্বব্যাংক থেকে সদস্য পদ প্রত্যাহারকারী দেশ কোনটি?
a) কিউবা b) ফিলিস্তিন
c) ইরান d) চীন **ans. A**

Solution: বিশ্বব্যাংকের বর্তমানে সদস্য দেশ নয় কিউবা। ১৪ নভেম্বর ১৯৬০ সালে দেশটি বিশ্বব্যাংকের সদস্য পদ প্রত্যাহার করে নেয়।



মুদ্রার নাম কী?
b) দিরহাম
d) লিরা

এশিয়ার কিছু দেশ, রাজধানী, মুদ্রার নামঃ

বাহরাইন, ব্রুনাই,	সংযুক্ত আরব আমিরাত	ব্রুনাই, সিঙ্গাপুর
মানামা, আম্মান, বাগদাদ	আবুধাবি	বন্দর সেরি বেগওয়ান, সিঙ্গাপুর
দিনার	দিরহাম	ডলার

বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম আরব দেশ
b) কুয়েত
d) বাহরাইন

বাংলাদেশকে স্বীকৃতিতে প্রথমঃ

দেশ	
ভুটান	৬ ডি
ইরাক	৮ জু
কুয়েত	৪ নে
পূর্ব জার্মানি	১১ জ
বার্বাডোস	২০ অ
ভেনিজুয়েলা	২
টোঙ্গা	২৪
ইন্দোনেশিয়া ও মালয়েশিয়া	২৫

বাংলাদেশের প্রথম ইন্টারনেট সার্চ ইঞ্জিন বে
b) দোয়েল
d) অনুসন্ধান

'পিপীলিকা' বাংলাদেশের প্রথম এব
ইঞ্জিন। এটি বাংলা ও ইংরেজি দুই ভাষাতে
ক্ষম। এটি ১৩ এপ্রিল ২০১৩ সালে চালু

নিউজিল্যান্ডের আদিবাসী কারা?
b) আফ্রিদি
d) মাওরি

ইংরেজি Indigenous শব্দটি
'আদিবাসী'। 'আদিবাসী' শব্দটি এসেছে
'আদি' অর্থ 'মূল' এবং 'বাসী' অর্থ 'অ
'আদিবাসী' শব্দের অর্থ মূল 'অধিবাসী'।
সবচেয়ে প্রাচীন জনবসতি ও তাদের সং
'আদিবাসী' পদটি ব্যবহৃত হয়।

মাওরি	টোঙা	
নিউজিল্যান্ড	ভারত (তামিলনাড়ু)	

বিশ্ব পরিবেশ দিবস পালিত হয় কোন
b) ৮ মার্চ
d) ১০ ডি

দিবস	৫ জুন	৮
তারিখ	বিশ্ব পরিবেশ দিবস	আন্ত নারী

Recent Publications

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

15. তুরস্কের মুদ্রার নাম কী?
a) দিনার b) দিরহাম
c) ডলার d) লিরা **ans. D**

Solution: এশিয়ার কিছু দেশ, রাজধানী, মুদ্রার নামঃ

দেশ	বাহরাইন, ইরাক, জর্ডান	সংযুক্ত আরব আমিরাত	ব্রুনাই, সিঙ্গাপুর	তুরস্ক
রাজধানী	মানামা, আম্মান, বাগদাদ	আবুধাবি	বন্দর সেরি বেগাওয়ান, সিঙ্গাপুর	আঙ্কারা
মুদ্রার নাম	দিনার	দিরহাম	ডলার	লিরা

16. বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম আরব দেশ হচ্ছে
a) সৌদি আরব b) কুয়েত
c) ইরাক d) বাহরাইন **ans. C**

Solution: বাংলাদেশকে স্বীকৃতিতে প্রথমঃ

	দেশ	তারিখ
প্রথম দেশ	ভুটান	৬ ডিসেম্বর ১৯৭১
আরব দেশ	ইরাক	৮ জুলাই ১৯৭২
সমাজতান্ত্রিক দেশ	কুয়েত	৪ নভেম্বর ১৯৭৩
ইউরোপীয় দেশ	পূর্ব জার্মানি	১১ জানুয়ারি ১৯৭২
উত্তর আমেরিকার দেশ	বার্বাডোস	২০ জানুয়ারি ১৯৭২
দক্ষিণ আমেরিকার দেশ	ভেনিজুয়েলা	২ মে ১৯৭২
প্রশান্তমহা দেশ	টোঙ্গা	২৪ জানুয়ারি ১৯৭২
একটি মুসলিম দেশ	ইন্দোনেশিয়া ও মালয়েশিয়া	২৫ ফেব্রুয়ারি ১৯৭২

17. বাংলাদেশের প্রথম ইন্টারনেট সার্চ ইঞ্জিন কোনটি?
a) পিপীলিকা b) দোয়েল
c) পদ্মা d) অনুসন্ধান **ans. A**

Solution: 'পিপীলিকা' বাংলাদেশের প্রথম এবং একমাত্র সার্চ ইঞ্জিন। এটি বাংলা ও ইংরেজি দুই ভাষাতেই কাজ করতে সক্ষম। এটি ১৩ এপ্রিল ২০১৩ সালে চালু হয়।

18. নিউজিল্যান্ডের আদিবাসী কারা?
a) টোডা b) আফ্রিদি
c) জুলু d) মাওরি **ans. D**

Solution: ইংরেজি Indigenous শব্দটির বাংলা হলো 'আদিবাসী'। 'আদিবাসী' শব্দটি এসেছে সংস্কৃত থেকে। 'আদি' অর্থ 'মূল' এবং 'বাসী' অর্থ 'অধিবাসী'। অর্থাৎ 'আদিবাসী' শব্দের অর্থ মূল 'অধিবাসী'। কোনো এলাকার সবচেয়ে প্রাচীন জনবসতি ও তাদের সংস্কৃতিকে বোঝাতে 'আদিবাসী' পদটি ব্যবহৃত হয়।

উপজাতি বা আদিবাসী	মাওরি	টোডা	আফ্রিদি	জুলু
দেশ/অঞ্চল	নিউজিল্যান্ড	ভারত (তামিলনাড়ু)	পাকিস্তান	দক্ষিণ আফ্রিকা

19. বিশ্ব পরিবেশ দিবস পালিত হয় কোন তারিখে?
a) ৫ জানুয়ারি b) ৮ মার্চ
c) ৫ জুন d) ১০ ডিসেম্বর **ans. C**

Solution:

দিবস	৫ জুন	৮ মার্চ	১০ ডিসেম্বর
তারিখ	বিশ্ব পরিবেশ দিবস	আন্তর্জাতিক নারী দিবস	মানবাধিকার দিবস

20. জাতিসংঘের কততম সাধারণ অধিবেশনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলায় ভাষণ দিয়েছিলেন?
a) ১৯তম b) ২৯তম
c) ৩৬তম d) ৩৯তম **ans. B**

Solution: ১৭ অক্টোবর ১৯৭২ সালে বাংলাদেশ জাতিসংঘের পর্যবেক্ষক এর মর্যাদা লাভ করে। ১৭ সেপ্টেম্বর ১৯৭৪ সালে জাতিসংঘের সাধারণ পরিষদের ২৯তম অধিবেশনে ১৩৬তম দেশ হিসেবে বাংলাদেশ আনুষ্ঠানিকভাবে জাতিসংঘের সদস্যপদ লাভ করে। ২৫ সেপ্টেম্বর ১৯৭৪ সালে জাতিসংঘের ২৯ তম অধিবেশনে বাংলায় ভাষণ দেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

21. উরুগুয়ে রাউন্ড কোন সংস্থাটির সাথে সম্পর্কিত?
a) IMF b) WTO
c) NATO d) OIC **ans. B**

Solution: উরুগুয়ে রাউন্ড বাণিজ্য সমঝোতার মাধ্যমে বিশ্ব বাণিজ্য সংগঠন WTO গঠিত হয়। উরুগুয়ে রাউন্ডের সংলাপ হয়েছিল ৮ বছর (১৯৮৬-৯৪)। এরপর ১৯৯৫ সালের ১ জানুয়ারি এই সংলাপের আওতায় গড়ে ওঠে WTO যা বাণিজ্য সংক্রান্ত নীতি প্রবর্তন এবং সদস্য রাষ্ট্র বা পক্ষ সমূহের মধ্যকার মতপার্থক্য দূর করতে সাহায্য করে।

22. যুক্তরাষ্ট্রে সরকার ব্যবস্থা কী রূপ?
a) রাষ্ট্রপতি শাসিত b) সাংবিধানিক রাজতন্ত্র
c) সংসদীয় সরকার d) রাজতন্ত্র **ans. A**

Solution: মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি হলেন দেশটির সরকার ও রাষ্ট্রের প্রধান। রাষ্ট্রপতি সেদেশের ফেডারেল শাখাগুলোর নির্বাহী শাখাগুলোর প্রধান এবং তার দায়িত্ব হল সংবিধানের মাধ্যমে প্রদত্ত এবং কংগ্রেস কর্তৃক লিখিত রাষ্ট্রীয় আইনের যথাযথ প্রয়োগ করা।

23. SMOG হচ্ছে
a) সিগারেটের ধোঁয়া b) দূষিত বাতাস
c) কালধোঁয়া d) কুয়াশা **ans. B**

Solution: SMOG হচ্ছে এক ধরনের দূষিত বায়ু। SMOG শব্দটি সৃষ্টি হয়েছে Smoke এবং Fog এর সমন্বয়ে। যান্ত্রিক পরিবহন ও শিল্পকারখানার দূষণ থেকে এই SMOG এর সৃষ্টি হয়। আর SMOG এর ফলে উদ্ভিদ ক্ষতিগ্রস্ত ও ধ্বংস হয়ে যায়, মানব চোখের ক্ষতি করে এবং মানবদেহে শ্বসন সংক্রান্ত সমস্যা সৃষ্টি করে।

24. ভূকম্পনের তীব্রতা মাপার যন্ত্রের নাম কী?
a) ব্যারোমিটার b) ফ্যাদোমিটার
c) সিসমোগ্রাফ d) কম্পাস **ans. C**

Solution: সিসমোগ্রাফ ভূপৃষ্ঠের আন্দোলন পরিমাপনের এবং ভূমিকম্পের উৎস খুঁজে বের করার যন্ত্র। এর সাহায্যে অন্যান্য বিস্ফোরণ, প্রচণ্ড ঝড় ইত্যাদির খোঁজ পাওয়া

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

যায়। তাছাড়া মেরু অঞ্চলের বরফের গভীরতা, খনিজ তেল ভাণ্ডার ইত্যাদিরও এর সাহায্যে বের করা যায়।

যন্ত্রের নাম	ব্যারোমিটার	ফ্যাদোমিটার	সিসমোগ্রাফ
কাজ	বায়ুমণ্ডলের (আবহাওয়া) চাপ নির্ণয়ক যন্ত্র	সমুদ্রের গভীরতা পরিমাপক যন্ত্র	ভূকম্পন তরঙ্গ নির্ণয়ক যন্ত্র

25. রক্তে হিমোগ্লোবিনের কাজ কী?
a) অক্সিজেন পরিবহন করা b) হরমোন বহন করা
c) রক্ত জমাট বাঁধতে সাহায্য করা d) খাদ্য পরিবহন করা
ans. A

Solution: রক্তের মধ্যে বিদ্যমান লৌহঘটিত জটিল গঠনের জৈব পদার্থ হল হিমোগ্লোবিন। এটি অক্সিজেনের সাথে মিশে অক্সিহিমোগ্লোবিন তৈরির মাধ্যমে সমগ্র দেহে অক্সিজেন সরবরাহ করে। হিমোগ্লোবিনের কারণে মানুষের রক্তের বর্ণ লাল হয়। হিমোগ্লোবিন রক্তের লোহিত কণিকায় থাকে। হিমোগ্লোবিন ৪ শতাংশ হিম এবং ৯৬ শতাংশ গোবিন নামক সরল প্রোটিনের সমন্বয়ে গঠিত।

জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (NSI)
পদের নামঃ ওয়াচার কনস্টেবল; তারিখঃ ০২.০৯.২০১৯

01. বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণকে কোন আন্তর্জাতিক প্রতিষ্ঠান ঐতিহাসিক দলিল হিসেবে স্বীকৃতি দেয়?
a) ইউনিসেফ b) ইউএনডিপি c) ইউনেস্কো
d) ইউনিডো e) কোনটিই নয়
ans. C

Solution: বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ ২০১৭ সালের ৩০ অক্টোবরে ইউনেস্কো অন্তর্ভুক্ত হয়েছে। ইউনেস্কোর Memory of the World Heritage হলো সম্মিলিত স্মারক, অবহেলা, সময় ও জলবায়ু পরিস্থিতি এবং ইচ্ছাকৃতভাবে বা ইচ্ছাকৃত ধ্বংসের বিরুদ্ধে মানবতার ডকুমেন্টারি (Heritage) ঐতিহ্য রক্ষার জন্য শুরু করা একটি আন্তর্জাতিক উদ্যোগ। এই প্রতিষ্ঠানটি ২০১৭ সাল পর্যন্ত মোট ৪২৭টি ঐতিহাসিক দলিল, নথি ও বক্তৃতাকে অন্তর্ভুক্ত করেছে।

02. বাংলাদেশের সর্বোচ্চ বেসামরিক পুরস্কারের নাম কী?
a) একুশে পদক b) বীরবিক্রম পদক c) স্বাধীনতা পদক
d) রত্নগর্ভা পদক e) কোনটিই নয়
ans. C

Solution: স্বাধীনতা দিবস পুরস্কার বা স্বাধীনতা পুরস্কার বাংলাদেশ সরকার কর্তৃক প্রদত্ত সর্বোচ্চ বেসামরিক সম্মাননা পদক। ১৯৭১ সালের বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের বীর শহীদদের স্মরণে ১৯৭৭ সাল থেকে প্রতি বছর বাংলাদেশের স্বাধীনতা দিবস ২৬শে মার্চ এই পদক প্রদান করা হয়ে আসছে। এই পুরস্কার জাতীয় জীবনে সরকার কর্তৃক নির্ধারিত বিভিন্ন ক্ষেত্রে গৌরবোজ্জ্বল ও কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ বাংলাদেশের নাগরিক এমন ব্যক্তি বা গোষ্ঠিকে প্রদান করা হয়ে থাকে। এছাড়াও ব্যক্তির পাশাপাশি জাতীয় জীবনের নির্দিষ্ট ক্ষেত্রে অনন্য উল্লেখযোগ্য অবদানের জন্য প্রতিষ্ঠানসমূহকেও এই পুরস্কার প্রদান করা হয়ে থাকে। উল্লেখ্য, ২০২০ সালে ৮ জন বিশিষ্ট ব্যক্তি ও একটি প্রতিষ্ঠানকে তাদের অসাধারণ অবদানের জন্য স্বাধীনতা পুরস্কারে ভূষিত করা হয়। আর একুশে পদক বাংলাদেশের একটি জাতীয় এবং দ্বিতীয় সর্বোচ্চ বেসামরিক পুরস্কার। বীরবিক্রম হলো তৃতীয় সর্বোচ্চ উপাধি।

03. বর্তমানে বাংলাদেশে মোট কতগুলো সিটি কর্পোরেশন রয়েছে?
a) ৪ b) ৬ c) ১২
d) ১৫ e) কোনটিই নয়
ans. C

Solution: বর্তমানে বাংলাদেশে মোট ১২টি সিটি কর্পোরেশন রয়েছে। এর মধ্যে সবচেয়ে বড় সিটি কর্পোরেশন হলো গাজীপুর (৩২৯.৯ বর্গকিমি) এবং সবচেয়ে ছোট সিটি কর্পোরেশন হলো সিলেট (২৬.৫ বর্গকিমি)।

04. 'নীলগিরি' নামক পর্যটন স্থানটি বাংলাদেশের কোন জেলায় অবস্থিত?
a) বান্দরবান b) খাগড়াছড়ি c) চট্টগ্রাম
d) ঢাকা e) কোনটিই নয়
ans. A

Solution: বাংলাদেশের অন্যতম উঁচু পাহাড় এবং অপূর্ব পর্যটন স্পট হল নীলগিরি। বান্দরবান জেলার থানচি উপজেলায় অবস্থিত এই পর্যটন কেন্দ্রটি প্রায় ৩,৫০০ ফুট উঁচুতে অবস্থিত।

05. 'SDG' এর পূর্ণরূপ কী?
a) Strategic Development Goal.
b) Strategic Durable Goal.
c) Sustainable Development Goal.
d) Sustainable Doable Goal.
e) কোনটিই নয়
ans. C

06. মুক্তিযুদ্ধকালীন সময়ে ঢাকা কত নম্বর সেক্টরে অধীনে ছিল?
a) ২ নং b) ৩ নং c) ১১ নং
d) ৭ নং e) কোনটিই নয়
ans. A

Solution: মুক্তিযুদ্ধকালীন সময়ে ঢাকা ২ নম্বর সেক্টরে অধীনে ছিল। উল্লেখ্য, ঢাকা ছাড়াও যে জেলাগুলো ২ নম্বর সেক্টরে অধীনে ছিলোঃ নোয়াখালী, কুমিলা, আখাউড়া, ভৈরব, ফরিদপুর জেলার অংশবিশেষ। আগরতলার ২০ মাইল দক্ষিণে ছিল এ সেক্টরের সদরদপ্তর।

07. ২০১৯ সালের একদিনের আন্তর্জাতিক ক্রিকেট বিশ্বকাপ প্রতিযোগিতায় রানার্সআপ হয় কোন দেশ?
a) পাকিস্তান b) নিউজিল্যান্ড c) শ্রীলংকা
d) ইংল্যান্ড e) কোনটিই নয়
ans. B

08. নিচের কোন সালটি অধিবর্ষ (Leap year)?
a) ২০০৬ b) ২০১৬ c) ২০২৬
d) ২০২১ e) কোনটিই নয়
ans. B

Solution: পরবর্তী অধিবর্ষ বা Leap year ফেব্রুয়ারি আর শেষ লিপ দিন ছিল ২৯ সালে। উল্লেখ্য, রোমান জেনারেল ২০০০ বছর আগে প্রথম লিপ বছর চালু

বছর	২০২০	২০২৪	২০২৮
ফেব্রুয়ারির ২৯ তারিখের দিন	শনিবার	বৃহস্পতিবার	মঙ্গলবার

09. 'ভাওয়াইয়া গান' বাংলাদেশের কোন পল্লীগীতি?
a) কুষ্টিয়া b) ময়মনসিংহ
d) রংপুর e) কোনটিই নয়

Solution: 'ভাওয়াইয়া গান' বাংলাদেশে প্রচলিত পল্লীগীতি। ভাওয়াইয়া মূলত এবং ভারতের পশ্চিমবঙ্গের উত্তর গোয়ালপাড়ায় প্রচলিত এক প্রকার গানের বৈশিষ্ট্য হচ্ছে এ গানগুলো জনপদের জীবনযাত্রা, তাদের ক ঘটনাবলী ইত্যাদির সার্থক প্রয়োগ ঘ

10. বাংলাদেশের বিজয় দিবস পালিত হয়
a) ২৬ মার্চ b) ২১
c) ১৪ ডিসেম্বর d) ১৬
e) কোনটিই নয়

Solution: বিজয় দিবস পালিত হয় ১৬

২৬ মার্চ	২১ ফেব্রুয়ারি
স্বাধীনতা ও জাতীয় দিবস	শহীদ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস

11. নিচের কোন দেশকে হাজার দ্বীপের
a) শ্রীলংকা b) ইন্দোনেশিয়া
d) ফিনল্যান্ড e) কোনটিই নয়

Solution: দ্বীপের নগরী বলা হয় ভেনি দ্বীপের মহাদেশ বলা হয় ওশনিয়া নীল নদের দান বলা হয় মিশরকে পঞ্চ নদের দেশ বলা হয় পাঞ্জাব পান্নার দ্বীপ বলা হয় আয়ারল্যান্ড

12. বিভিন্ন দেশের শিশুদের উন্নতি অধিকার নিশ্চিত করায় উদ্দে প্রতিষ্ঠানে কাজ করে?
a) ইউনেস্কো b) ইউএনডিপি
d) ইউনিসেফ e) কোনটিই ন

Solution: United Nations UNICEF হলো জাতিসংঘ একটি বিশেষ সংস্থার নাম। নিরাপত্তা সংক্রান্ত কর্মকাণ্ড সংস্থাটি ১৯৬৫ সালে নোবেল

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

Solution: পরবর্তী অধিবর্ষ বা Leap year হলো ২০২০ ফেব্রুয়ারি আর শেষ লিপ দিন ছিল ২৯ ফেব্রুয়ারি ২০১৬ সালে। উল্লেখ্য, রোমান জেনারেল জুলিয়াস সিজার ২০০০ বছর আগে প্রথম লিপ বছর চালু করেছিলেন।

বছর	২০২০	২০২৪	২০২৮	২০৩২
ফেব্রুয়ারি ২৯ তারিখের দিন	শনিবার	বৃহস্পতিবার	মঙ্গলবার	রবিবার

9. 'ভাওয়াইয়া গান' বাংলাদেশের কোন অঞ্চলের প্রচলিত পল্লীগীতি?
a) কুষ্টিয়া b) ময়মনসিংহ c) রাজশাহী
d) রংপুর e) কোনটিই নয় **ans. D**

Solution: 'ভাওয়াইয়া গান' বাংলাদেশের রংপুর অঞ্চলের প্রচলিত পল্লীগীতি। ভাওয়াইয়া মূলত বাংলাদেশের রংপুর এবং ভারতের পশ্চিমবঙ্গের উত্তরবঙ্গে ও আসামের গোয়ালপাড়ায় প্রচলিত এক প্রকার পল্লীগীতি। এসকল গানের বৈশিষ্ট্য হচ্ছে এ গানগুলোতে স্থানীয় সংস্কৃতি, জনপদের জীবনযাত্রা, তাদের কর্মক্ষেত্র, পারিবারিক ঘটনাবলী ইত্যাদির সার্থক প্রয়োগ ঘটেছে।

10. বাংলাদেশের বিজয় দিবস পালিত হয় কোন তারিখে?
a) ২৬ মার্চ b) ২১ ফেব্রুয়ারি
c) ১৪ ডিসেম্বর d) ১৬ ডিসেম্বর
e) কোনটিই নয় **ans. D**

Solution: বিজয় দিবস পালিত হয় ১৬ ডিসেম্বরে।

২৬ মার্চ	২১ ফেব্রুয়ারি	১৪ ডিসেম্বর
স্বাধীনতা ও জাতীয় দিবস	শহীদ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস	শহীদ বুদ্ধিজীবী দিবস

11. নিচের কোন দেশকে হাজার দ্বীপের দেশ বলা হয়?
a) শ্রীলংকা b) ইন্দোনেশিয়া c) ভিয়েতনাম
d) ফিনল্যান্ড e) কোনটিই নয় **ans. D**

Solution: দ্বীপের নগরী বলা হয় ভেনিসকে।
দ্বীপের মহাদেশ বলা হয় ওশনিয়াকে।
নীল নদের দান বলা হয় মিশরকে।
পঞ্চ নদের দেশ বলা হয় পাঞ্জাবকে।
পান্নার দ্বীপ বলা হয় আয়ারল্যান্ডকে।

12. বিভিন্ন দেশের শিশুদের উন্নতি, নিরাপত্তা ও মৌলিক অধিকার নিশ্চিত করায় উদ্দেশ্যে জাতিসংঘের কোন প্রতিষ্ঠানে কাজ করে?
a) ইউনেস্কো b) ইউএনডিপি c) ইউনিসেফ
d) ইউনিফেম e) কোনটিই নয় **ans. C**

Solution: United Nations Children's Fund বা UNICEF হলো জাতিসংঘ শিশু তহবিল জাতিসংঘের একটি বিশেষ সংস্থার নাম। এটি শিশুদের উন্নতি ও নিরাপত্তা সংক্রান্ত কর্মকাণ্ড পরিচালনা করে থাকে। সংস্থাটি ১৯৬৫ সালে নোবেল পায়।

13. থাইল্যান্ডের মুদ্রার নাম কী?
a) বাথ b) লিরা c) রিঙ্গিত
d) ডলার e) কোনটিই নয় **ans. A**

Solution: থাইল্যান্ডের মুদ্রার নাম হলো বাথ। এই দেশের রাজধানীর নাম হলো ব্যাংকক।

14. 'সীতাকোট বিহার' কোথায় অবস্থিত?
a) দিনাজপুর b) ময়মনসিংহ c) রংপুর
d) চট্টগ্রাম e) কোনটিই নয় **ans. A**

Solution: 'সীতাকোট বিহার' দিনাজপুর জেলার নবাবগঞ্জ উপজেলায় অবস্থিত একটি বৌদ্ধ বিহার।

15. জিম্বাবুয়ে দেশটি কোন মহাদেশে অবস্থিত?
a) এশিয়া b) ইউরোপ c) অস্ট্রেলিয়া
d) আফ্রিকা e) কোনটিই নয় **ans. D**

Solution: জিম্বাবুয়ে পূর্ব আফ্রিকার একটি দেশ। এর রাজধানী হারারে। আর মুদ্রার নাম হলো মার্কিন ডলার।

16. বাংলাদেশের জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থার সদর দপ্তর কোন এলাকায় অবস্থিত?
a) উত্তরা b) সেগুনবাগিচা c) লালবাগ
d) মতিঝিল e) কোনটিই নয় **ans. B**

Solution: জাতীয় নিরাপত্তা গোয়েন্দা যা এনএসআই নামে পরিচিত। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের প্রধান ও স্বাধীন আন্তর্জাতিক গোয়েন্দা সংস্থা। এনএসআইয়ের প্রধান কার্যালয় ঢাকার সেগুনবাগিচায় অবস্থিত। এটি ২৯ ডিসেম্বর ১৯৭২ সালে গঠিত হয়। এই সংস্থাটি সরাসরি বাংলাদেশের প্রধানমন্ত্রীর তত্ত্বাবধানে পরিচালিত হয়।

17. বাংলাদেশের সবচেয়ে খরস্রোতা নদী কোনটি?
a) মেঘনা b) যমুনা c) কর্ণফুলী
d) সুরমা e) কোনটিই নয় **ans. C**

Solution: বাংলাদেশের সবচেয়ে খরস্রোতা নদী হলো কর্ণফুলী। উল্লেখ্য, বাংলাদেশের দীর্ঘতম ও গভীরতম নদী হলো মেঘনা আর মেঘনা নদী সুরমা ও কুশিয়ারা নামে বিভক্ত হয়েছে। বাংলাদেশের প্রশস্ত নদী হলো যমুনা।

18. বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপিত হবে কোন সালে?
a) ২০২১ b) ২০৪৬ c) ২০৭১
d) ২০৯১ e) কোনটিই নয় **ans. A**

Solution: বাংলাদেশের স্বাধীনতার ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে ২০২১ সালে সুবর্ণজয়ন্তী উদযাপিত হবে।

19. নিচের কোন স্থানের ভৌগলিক উপনাম 'বারো আউলিয়ার দেশ'?
a) সিলেট b) চট্টগ্রাম c) বরিশাল
d) বগুড়া e) কোনটিই নয় **ans. B**

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

Solution: চট্টগ্রামকে ভৌগলিক উপনাম 'বারো আউলিয়ার দেশ' বলা হয়।

উপনাম	প্রকৃত নাম
বারো আউলিয়ার শহর	চট্টগ্রাম
বাংলাদেশের প্রবেশদ্বার/বাণিজ্যিক রাজধানী	চট্টগ্রাম
মসজিদের শহর/রিক্সার নগরী	ঢাকা
বাংলার শস্যভাণ্ডার/বাংলার ভেনিস	বরিশাল
৩৬০ আউলিয়ার আবাসভূমি/দেশ	সিলেট
কুমিল্লার দুঃখ	গোমতী
প্রাচ্যের ভাঁড়	নারায়ণগঞ্জ
উত্তরবঙ্গের প্রবেশদ্বার	বগুড়া

20. আয়তনের ভিত্তিতে বাংলাদেশের বৃহত্তম জেলা কোনটি?
a) বান্দরবান b) ময়মনসিংহ c) রাঙ্গামাটি
d) চট্টগ্রাম e) কোনটিই নয় **ans. C**

Solution:

জেলার নাম	বান্দরবান	ময়মনসিংহ	রাঙ্গামাটি	চট্টগ্রাম
আয়তন (বর্গকিঃ)	৪৪৭৯.০১	৪৩৯৪.৫৭	৬১১৬.১১	৫২৮২.৯২

আমদানী রপ্তানি অধিদপ্তর
পদের নামঃ উচ্চমান সহকারী; তারিখঃ ০৬.০৯.২০১৯

01. বিশ্বকাপ ক্রিকেট ফাইনাল ২০১৯ সালে ম্যান অফ দ্যা ম্যাচ কে হয়েছিলেন?
a) Kane Williamson b) Ben Stoke
c) Jos Buttler d) Virat Kohili **ans. B**

Solution: ইংল্যান্ডকে বিশ্বকাপ ক্রিকেট ২০১৯ শিরোপা উপহার দিতে অনন্য অবদান রাখেন Ben Stoke. ফাইনাল ম্যাচে অনবদ্য ব্যাটিং করে ম্যান অব দ্যা ম্যাচ এর পুরস্কার জিতে নেন তিনি।

02. আন্তর্জাতিক বিচার আদালতের বর্তমান প্রধান কে?
a) Jams Mears
b) Ronny Abraham
c) Abdulqawi Ahmed Yusuf
d) Basharol Asad **ans. C**

Solution: Abdulqawi Ahmed Yusuf ফেব্রুয়ারি ২০১৮ সালে আন্তর্জাতিক বিচার আদালতের ২৫তম প্রেসিডেন্ট হিসেবে নিযুক্ত হন। তিনি ফ্রান্সের রাণি আব্রাহামের স্থলাভিষিক্ত হন। উল্লেখ্য, আন্তর্জাতিক আদালত ২৪ অক্টোবর ১৯৪৫ (কার্যক্রম শুরু ১৮ এপ্রিল ১৯৪৬) সালে প্রতিষ্ঠিত হয়। এর সদর দপ্তর দি হেগ, নেদারল্যান্ডসে। এই আদালতের বিচারকের সংখ্যা ১৫ জন এবং তাদের মেয়াদকাল ৯ বছর।

03. বাংলাদেশে সর্বাধিক রপ্তানিকৃত পণ্য
a) পাট ও পাটের পন্য b) ঔষুধ
c) সফট্ওয়্যার d) তৈরী পোশাক **ans. D**

04. ইউরো কোন সালে চালু হয়েছিল?
a) ১৯৯৫ b) ১৯৯৯
c) ২০০১ d) ২০০২ **ans. B**

Solution: ইউরো মুদ্রা চালু হয় ১ জানুয়ারি ১৯৯৯ সালে। ইউরো মুদ্রার জনক হলেন রবার্ট মুন্ডেল। ইউরোপীয় ইউনিয়নভুক্ত (বেলজিয়াম, লুক্সেমবার্গ, নেদারল্যান্ডস, ইতালি, ফ্রান্স, জার্মানি, আয়ারল্যান্ড, স্পেন, পর্তুগাল, অস্ট্রিয়া ও ফিনল্যান্ড) দেশগুলো ইউরো মুদ্রা চালু করে।

05. ২০১৯ সালে কোন দেশে মুদ্রাস্ফীতির হার সর্বাধিক?
a) ভেনিজুয়েলা b) রাশিয়া
c) দক্ষিণ আফ্রিকা d) আর্জেন্টিনা **ans. A**

Solution:

দেশ	শেষ	পূর্ববর্তী	বিন্যাস	বিন্যাস
ভেনিজুয়েলা	২৮২৯ ৭২.৮০	২০১৯-০৪	৩২৯৫৬৮	৩৪৪৫১০ : ৩২২
আর্জেন্টিনা	৫৩.৬০	২০১৯-০৮	৫৪.৪	২০২৬৩ : ৭
রাশিয়া	৪.৩০	২০১৯-০৮	৪.৬	২৩৩৩ : ২.২
দক্ষিণ আফ্রিকা	৪.০০	২০১৯-০৭	৪.৫	২০.৭ : ০.২

06. কোনটি জি-৭ এর মূল সদস্য নয়?
a) ইতালি b) জাপান
c) চীন d) কানাডা **ans. C**

Solution: কানাডা, ফ্রান্স, জার্মানি, ইতালি, জাপান, যুক্তরাজ্য এবং যুক্তরাষ্ট্র এই ৭টি দেশ হলো (G-7) এর সদস্য।

07. ২০১৯ সালে ১১তম BRICS শীর্ষ সম্মেলন আয়োজন হবে?
a) চীন b) ব্রাজিল
c) রাশিয়া d) ভারত **ans. B**

Solution: যুক্তরাষ্ট্রভিত্তিক ব্যাংকিং ও আর্থিক সেবাদাতা প্রতিষ্ঠান গোল্ডম্যান স্যাকস (Goldman Sachs) এর অর্থনীতিবিদ জিম ও'নিল ২০০১ সালে ব্রাজিল, রাশিয়া ভারত এবং চীনের নামের আদ্যক্ষর সমন্বয়ে BRIC ধারণার প্রবর্তন করেন। BRIC ১৬ মে ২০০৮ সালে আত্মপ্রকাশ করে। ১৪ এপ্রিল ২০১১ সালে দক্ষিণ আফ্রিকা এ জোটে যুক্ত হলে এর নাম হয় BRICS. আর BRICS এর বর্তমান সদস্য দেশগুলো হলোঃ Brazil, Russia, India, China & South Africa (BRICS). এর সদর দপ্তর চীনের সাংহাইয়ে।

08. পেস্ট করার কিবোর্ড কমান্ড কোনটি?
a) Ctrl + P b) Ctrl + V
c) Ctrl + C d) Ctrl + X **ans. B**

Solution: নির্দিষ্ট অথবা Select করার পর Ctrl + C চাপলে সিলেক্টেড অংশ কপি হয়। MS Word এ কিছু শর্টকার্ট কমান্ডঃ

কীবোর্ড কমান্ড	কাজ
Ctrl + S	Save
Ctrl + C	Copy
Ctrl + X	Cut
Ctrl + V	Paste

কীবোর্ড কমান্ড	কাজ
Ctrl + E	Central Alignment
Ctrl + L	Left Alignment
Ctrl + R	Right Alignment
Ctrl + J	Justify Alignment

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark Wondershare PDFelement

Ctrl + Z	Undo
Ctrl + Y	Redo
Ctrl + P	Print

Ctrl + N	Open a new window
Ctrl + H	Replace
Ctrl + F	Find

09. প্রিন্ট করার শর্টকাট কমান্ড কোনটি?
a) Ctrl + shift b) Ctrl + P
c) Shift + P d) Alt + P **ans. B**

10. WAN এর পূর্ণরূপ কি?
a) World Area Network
b) Wide Area Network
c) Wild Area Network
d) White Area Network **ans. B**

Solution: যেসব নেটওয়ার্ক দূরবর্তী স্থানসমূহের মাঝে করা হয়, তাকে WAN বলে। যেমনঃ ঢাকা, চট্টগ্রাম, নিউইয়র্ক এমন শহরগুলোর মধ্যে দিয়ে যদি নেটওয়ার্ক স্থাপন করা হয়, তবে তাকে WAN বলে। WAN এর নেটওয়ার্ক সাধারণত LAN এর নেটওয়ার্কের চেয়ে ধীর গতিসম্পন্ন হয়। WAN নেটওয়ার্কে অবশ্যই কোনো ইন্টারনেটওয়ার্কিং ডিভাইস যেমনঃ রাউটার, মডেম, ওয়্যান সুইচ ইত্যাদি ব্যবহার করতে হয়। WAN নেটওয়ার্ক সাধারণত ১০০ মাইলের বেশি দূরত্ব পর্যন্ত নেটওয়ার্ক কভারেজ করতে পারে।

11. চীনের বর্তমান পররাষ্ট্রমন্ত্রী কে?
a) Qian Qichen b) Wang Yi
c) Huang Hua d) Chen Yi **ans. B**

12. নিচের কোন দেশ মহিলাদের ফিফা বিশ্বকাপ ২০১৯ জিতেছে?
a) নেদারল্যান্ডস b) মার্কিন যুক্তরাষ্ট্র
c) সুইডেন d) জাপান **ans. B**

Solution: ফিফা মহিলা বিশ্বকাপ ২০১৯ সালের ৭ জুন হতে ৭ জুলাই ফ্রান্সের ৯টি শহরে একযোগে অনুষ্ঠিত হয়েছে। এটি মহিলা বিশ্বকাপের ৮ম আসর। নেদারল্যান্ডসকে ২-০ গোলে হারিয়ে ফিফা মহিলা বিশ্বকাপ চ্যাম্পিয়ন হয় আমেরিকা। এই নিয়ে চারবার তারা বিশ্বসেরার শিরোপা অর্জন করল।

বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন
পদের নামঃ বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা
তারিখঃ ১৩.০৯.২০১৯

01. মহাস্থানগড় কিসের জন্য বিখ্যাত?
a) স্থল বন্দর b) প্রাচীন পুরাকীর্তি
c) ব্যবসা কেন্দ্র d) পাহাড় **ans. B**

Solution: বাংলাদেশের প্রাচীন নগর পুণ্ড্রবর্ধনের ধ্বংসাবশেষ এবং মৌর্য ও গুপ্ত রাজবংশের পুরাকীর্তির জন্য মহাস্থানগড় বিখ্যাত। মহাস্থানগড় বগুড়া শহর হতে সাত মাইল উত্তরে করতোয়া নদীর পশ্চিম তীরে অবস্থিত, যা একসময় মৌর্য ও গুপ্ত বংশের রাজাদের রাজধানী ছিল।

02. আন্তর্জাতিক অপরাধ আদালত কোন দেশে অবস্থিত?
a) ব্রিটেন b) ইটালী
c) নেদারল্যান্ড d) পোল্যান্ড **ans. C**

03. কোনটি স্থানীয় সরকার?
a) উপজেলা b) জেলা প্রশাসন
c) স্থানীয় সরকার d) বন অধিদপ্তর **ans. A**

Solution: স্থানীয় সরকার প্রধানত ২ প্রকার। যথাঃ গ্রাম্য স্থানীয় সরকার এবং শহুরে স্থানীয় সরকার। Urban local govt. দুই প্রকার। যথাঃ পৌরসভা এবং সিটি কর্পোরেশন। Rural local govt. কে আবার ৩ ভাগে ভাগ করা হয়েছে। যথাঃ জেলা পরিষদ; উপজেলা পরিষদ এবং ইউনিয়ন পরিষদ। উল্লেখ্য, তৃণমূল পর্যায়ে স্থানীয় সরকার বলতে মূলত ইউনিয়ন পরিষদকেই বোঝায়।

04. 'ছায়াহরিণ' কাব্যগ্রন্থটি কার লেখা?
a) আহসান হবীব b) ফররুখ আহমদ
c) সৈয়দ শামসুল হক d) আল মাহমুদ **ans. A**

Solution: 'ছায়াহরিণ' গ্রন্থটি ১৯৬৪ সালে ঢাকা থেকে প্রকাশিত হয়। মোট কবিতার সংখ্যা ২৪। এ কাব্যে তাঁর সমাজ-সচেতনতা প্রকাশিত। ঐতিহ্যবাহী কবি এখানে বণিক সভ্যতার রুদ্র রূপ দেখেছেন। তিনি গ্রামীণ অনুষঙ্গে স্থিত হতে চেয়েছেন। উল্লেখ্য, আহসান হাবীবের আরো কিছু কাব্যগ্রন্থঃ 'রাত্রিশেষ', 'সারা দুপুর', 'আশার বসতি', 'প্রেমের কবিতা', 'বিদীর্ন দর্পণে মুখ' প্রভৃতি।

05. ফেসবুকের জনক কে?
a) বিল গেটস b) মার্ক জুকারবার্গ
c) মার্ক টোফেন d) স্টীভ জবস **ans. B**

Solution: মার্ক জুকারবার্গ ও তাঁর তিন বন্ধু মিলে ২০০৪ সালে নির্মাণ করেছিলেন ফেসবুক। প্রথমে তা কেবল হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে সীমাবদ্ধ ছিল। কিন্তু পরে এর জনপ্রিয়তার কারণে এটি সকলের কাছে উন্মুক্ত করা হয়। যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ার ম্যানলো পার্কে ফেসবুকের সদর দপ্তর অবস্থিত। মার্ক জুকারবার্গ বর্তমানে ফেসবুকের চেয়ারম্যান এবং সিইও।

06. স্বাধীনতা যুদ্ধে কতজনকে বীরশ্রেষ্ঠ খেতাব দেয়া হয়?
a) ৬৯ জন b) ৭ জন
c) ১৭ জন d) ৪২৯ জন **ans. B**

Solution: মুক্তিযুদ্ধে অবদানের জন্য সর্বোচ্চ খেতাব "বীরশ্রেষ্ঠ" খেতাব প্রাপ্ত ৭ জন।
১) ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান।
২) সিপাহি মোহাম্মদ হামিদুর রহমান।
৩) সিপাহি মোহাম্মদ মোস্তফা কামাল।

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

৪) ইঞ্জিনরুম আর্টিফিসার রুহুল আমিন।
৫) ল্যান্স নায়েক মুন্সি আব্দুর রব।
৬) ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ।
৭) ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর।

07. সংবিধানের কোন অংশে মূলনীতি সমূহ বর্ণিত হয়েছে?
a) ১ম b) ২য়
c) ৩য় d) ৪র্থ **ans. B**

Solution:

ভাগ	১ম	২য়	৩য়	৪র্থ	৫ম
আলোচ্যের বিষয়	প্রজাতন্ত্র	রাষ্ট্র পরিচালার মূলনীতি	মৌলিক অধিকার	নির্বাহী বিভাগ	আইনসভা

08. ষাট গম্বুজ মসজিদ কোথায় অবস্থিত?
a) চাঁপাইনবাবগঞ্জ b) সিলেট
c) লালবাগ d) বাগেরহাট **ans. D**

Solution: বাগেরহাট জেলার 'ষাট গম্বুজ মসজিদ' বাংলার মুসলমান শাসনকালের গৌরব বৃদ্ধি করেছে। খান জাহান আলীর সমাধির তিন মাইল দক্ষিণ-পশ্চিমে ষাট গম্বুজ মসজিদ অবস্থিত। অবশ্য এর গম্বুজ ষাটটি নয়, সাতাত্তরটি। পনের শতকের মাঝামাঝি সময়ে এটি নির্মিত হয়েছিল। তুর্কি সেনাপতি ও ইসলামের একনিষ্ঠ সাধক উলুখ খান জাহান এ মসজিদ নির্মাণ করেন। এই স্থাপত্য কর্মটি জাতিসংঘের ইউনেস্কো কর্তৃক বিশ্বসভ্যতার নিদর্শন হিসেবে (World heritage) স্বীকৃত হয়েছে।

09. কোন দেশটি এশিয়া মহাদেশে নয়?
a) আফগানিস্তান b) ইন্দোনেশিয়া
c) ইরান d) মিশর **ans. D**

Solution:

অবস্থান	দক্ষিণ এশিয়া	দক্ষিণ-পূর্ব এশিয়া	উত্তর আফ্রিকা
দেশ	আফগানিস্তান, ইরান	ইন্দোনেশিয়া	মিশর

10. মুক্তিযুদ্ধে ক্র্যাক প্লাটুন কোন শহরে সক্রিয় ছিল?
a) চট্টগ্রাম b) খুলনা
c) ঢাকা d) বরিশাল **ans. C**

Solution: ক্র্যাক প্লাটুন বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ চলাকালীন সময় পাকিস্তানি সেনাবাহিনী ও তাদের দোসরদের বিরুদ্ধে ঢাকা শহরে গেরিলা আক্রমণ পরিচালনাকারী একদল তরুণ মুক্তিযোদ্ধাদের সংগঠিত দল। যারা তৎকালীন সময় একটি কিংবদন্তিতে পরিণত হয়েছিলেন। এই গেরিলা দলটি অত্যন্ত দক্ষতার সাথে 'হিট এন্ড রান' পদ্ধতিতে অসংখ্য আক্রমণ পরিচালনা করে পাকিস্তানি সেনাবাহিনীর মধ্যে ব্যাপক ত্রাসের সঞ্চার করেন।

11. মুক্তিযুদ্ধে ২ নং সেক্টরের কমান্ডার কে ছিলেন?
a) আবু ওসমান চৌধুরী b) মেজর রফিকুল ইসলাম
c) মেজর খালেদ মোশারফ d) মেজর আবু তাহের **ans. C**

Solution:

সেক্টর	কমান্ডার বা প্রধান	সংশ্লিষ্ট তৎকালীন জেলাসমূহ
২	মেজর খালেদ মোশাররফ (এপ্রিল-সেপ্টেম্বর) এবং মেজর এ.টি.এম. হায়দার (সেপ্টেম্বর-ডিসেম্বর)	কুমিল্লা, আখাউড়া-ভৈরব এবং ঢাকা শহর, ফরিদপুর ও নোয়াখালী জেলার অংশবিশেষ
৮	মেজর আবু ওসমান চৌধুরী (আগস্ট পর্যন্ত) এবং মেজর এম.এ.মঞ্জুর (আগস্ট-ডিসেম্বর)	সমগ্র কুষ্টিয়া ও যশোর জেলা, ফরিদপুরের অংশবিশেষ এবং দৌলতপুর-সাতক্ষীরা সড়ক পর্যন্ত খুলনা জেলার এলাকা
১১	মেজর এম.আবু তাহের (৩ নভেম্বর পর্যন্ত) এবং স্কোয়াড্রন লিডার এম হামিদুল্লাহ (৩ নভেম্বর-ডিসেম্বর)	ময়মনসিংহ ও টাঙ্গাইল জেলা

12. কোনটি 'রামসার সাইট'?
a) হাকালুকি হাওড় b) মারজাও বাওর
c) টাঙ্গুয়ার হাওড় d) সেন্টমার্টিন **ans. A & C**

Solution: 'রামসার সাইট' হলো বিশ্বব্যাপী জীব পরিবেশ রক্ষার একটি সম্মিলিত প্রয়াস যা ১৯৭১ সালে ইরানের রামসারে স্বাক্ষরিত হয়েছিল। বাংলাদেশের রামসার স্থান ক্রমানুসারেঃ ১. সুন্দরবন, ২. হাকালুকি হাওর, ৩. টাঙ্গুয়ার হাওর।

13. মুক্তিযুদ্ধ চলাকালে বাংলাদেশের অস্থায়ী রাষ্ট্রপতি ছিলেন?
a) তাজউদ্দিন আহমেদ
b) সৈয়দ নজরুল ইসলাম
c) ক্যাপটেন এম মনসুর আলী
d) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান **ans. B**

Solution: বাংলাদেশের প্রথম বা অস্থায়ী সরকার ১০ এপ্রিল ১৯৭১ সালে মেহেরপুর জেলার বৈদ্যনাথতলার (বর্তমান মুজিবনগর) ভবের-পাড়া গ্রামের আমবাগানে গঠিত হয়।

নাম	পদবি
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান	রাষ্ট্রপতি
সৈয়দ নজরুল ইসলাম	অস্থায়ী/উপ-রাষ্ট্রপতি
তাজউদ্দিন আহমদ	প্রধানমন্ত্রী
ক্যাপ্টেন এম. মনসুর আলী	মন্ত্রী
খন্দকার মোশতাক আহমদ	মন্ত্রী
আবুল হাসানাত মোহাম্মদ কামারুজ্জামান	মন্ত্রী

14. WWW
a) World wide work b) Work wait web
c) World way work d) World wide web **ans. D**

Solution: সুইজারল্যান্ডের CERN এর বিজ্ঞানীগণ তাদের জন্য প্রয়োজনীয় গবেষণা কর্মের বিস্তারিত বিবরণ, গ্রাফিক্স এবং অন্যান্য আনুষঙ্গিক তথ্যটি কম্পিউটার নেটওয়ার্কের মাধ্যমে সহজে পাওয়ার লক্ষ্যে ১৯৮৯ সালে একটি বিশেষ তথ্য আহরণ এবং সেবাপ্রদান ব্যবস্থা উদ্ভাবন করেন। তাদের উদ্ভাবিত এ ব্যবস্থাই পরবর্তীতে ইন্টারনেটের মাধ্যমে ওয়ার্ল্ড ওয়াইড ওয়েব (World Wide Web) নামে ব্যাপক জনপ্রিয়তা অর্জন করে। একে ইন্টারনেট ব্যবহারকারীগণ পৃথিবীর বিভিন্ন স্থানে যে তথ্যভাণ্ডার রয়েছে তার যেকোনটিতে পৌঁছে যেতে

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

পারে। সাধারণ টেক্সট, গ্রাফিক্স অডিও বা ভিডিও যেভাবেই এর তথ্যসমূহ সংরক্ষিত থাকুক না কেন ওয়েবসাইট ব্যবহারকারীগণ নিজেদের কম্পিউটারের পর্দায় তা অরিজিনাল অবস্থায় দেখতে পান। একে ইন্টারনেটের মাল্টিমিডিয়াও বলা হয়। টিম বার্নাস লি কে ওয়ার্ল্ড ওয়াইড ওয়েব এর জনক বলা হয়।

15. **Who is called an optimist in the Victorian Age?**
a) Arnold b) Tennyson
c) Dickens d) Browning **ans. D**

Solution: রবার্ট ব্রাউনিং ভিক্টোরিয়ান যুগের একজন প্রসিদ্ধ কবি। তাঁর উল্লেখযোগ্য রচনাবলি গুলো হলোঃ Dramatic Lyrics, Men & Women, The Ring & The Book ইত্যাদি।

16. **এশিয়ার দীর্ঘতম নদী কোনটি?**
a) আমাজন b) নীল নদ
c) ইয়াংসিকিয়াং d) যমুনা **ans. C**

Solution: এশিয়ার দীর্ঘতম নদী হলো চীনের ইয়াংসিকিয়াং। এটি দৈর্ঘ্যে ৬,৩৮০ কিলোমিটার। এর উৎপত্তিস্থল হলো তিব্বতের মালভূমিতে এবং পতিতস্থল হলো পূর্ব চীন সাগরে। উল্লেখ্য, পৃথিবীর বৃহত্তম নদী 'আমাজান'। পৃথিবীর গভীরতম নদী 'কঙ্গো নদী'। ইউরোপের দীর্ঘতম নদী 'ভলগা'। মিশরে অবস্থিত পৃথিবীর দীর্ঘতম নদী 'নীল নদ'।

17. **NATO এর সদর দপ্তর কোথায়?**
a) বেলজিয়াম b) ফ্রান্স
c) জার্মানী d) তুরস্ক **ans. A**

Solution: উত্তর আটলান্টিক নিরাপত্তা জোট (North Atlantic Treaty Organisation) বা NATO ১৯৪৯ সালের ৪ এপ্রিলে প্রতিষ্ঠিত একটি সামরিক সহযোগিতার জোট। এর সদর দপ্তর বেলজিয়াম এর ব্রাসেলসে।

18. **নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ জেলা পর্যায়ে কোন কর্মকর্তার অধীনে কাজ করেন?**
a) জেলা জজ b) চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
c) জেলা ম্যাজিস্ট্রেট d) দায়রা জজ **ans. C**

Solution: জেলার ডিসি জেলা ম্যাজিস্ট্রেট হিসেবে কাজ করেন যার অধীনে কাজ করেন একজন নির্বাহী ম্যাজিস্ট্রেট।

19. **হালদা নদী কিসের জন্য বিখ্যাত?**
a) মাতৃ মৎস্য ভান্ডার b) পর্যটন
c) রামসা সাইট d) নদী বন্দর **ans. A**

20. **বাংলাদেশকে প্রথম স্বীকৃতি দানকারী দেশ কোনটি?**
a) ভারত b) সোভিয়েত ইউনিয়ন
c) ভূটান d) ব্রিটেন **ans. C**

Solution: অপশনে উলিখিত দেশগুলোর মধ্যে ভারত প্রথম বাংলাদেশকে স্বীকৃতি দেয়। তবে ভারতের স্বীকৃতি দেয়ার কিছুক্ষণ আগে ভূটান বাংলাদেশকে স্বাধীন সার্বভৌম রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেয়। তাই অপশনে ভারত ও ভূটান থাকলে উত্তর হবে ভূটান।

21. **কোন দেশটি নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য নয়?**
a) জাপান b) চীন
c) রাশিয়া d) যুক্তরাজ্য **ans. A**

Solution: জাতিসংঘ নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্যভুক্ত দেশগুলো হলো যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স, রাশিয়া এবং চীন। উল্লেখ্য, তাইওয়ান জাতিসংঘ নিরাপত্তা পরিষদের সদস্য ছিল কিন্তু বর্তমানে নেই।

22. **ভেনেজুয়েলার রাজধানীর নাম কী?**
a) রিওডি জেনেরিও b) রোম
c) মাদ্রিদ d) কারাকাস **ans. D**

Solution: ভেনেজুয়েলার রাজধানীর নাম কারাকাস।

দেশের নাম	ব্রাজিল	ইতালি	স্পেন
রাজধানীর নাম	ব্রাসিলিয়া (রিওডি জেনেরিও ব্রাজিলের একটি বিখ্যাত শহর)	রোম	মাদ্রিদ

23. **নিচের কোনটি দ্বীপ?**
a) নেপাল b) লিবিয়া
c) আফগানিস্তান d) শ্রীলংকা **ans. D**

Solution: পৃথিবীর কিছু দ্বীপ রাষ্ট্র হলোঃ ইন্দোনেশিয়া, মাল্টা, ফিলিপাইন, মালদ্বীপ, অস্ট্রেলিয়া, কিউবা।

24. **নেপোলিয়ান বোনাপোর্ট কোন দেশের অধিবাসী ছিলেন?**
a) ব্রিটেন b) জার্মানী
c) ফ্রান্স d) ইটালী **ans. C**

Solution: নেপোলিয়ান দ্য বোনাপোর্ট ১৭৬৯ সালের ১৫ আগস্ট ফ্রান্সের করসিকার এজাক্সিউ শহরে জন্মগ্রহণ করেন। তাঁর জন্মের মাত্র একবছর আগে দ্বীপটি জেনোয়া প্রজাতন্ত্র কর্তৃক ফ্রান্সকে দেওয়া হয়। পরবর্তীতে তিনি নেপোলিয়ন বোনাপোর্ট নামেই অধিক পরিচিতি লাভ করেন।

25. **রবীন্দ্রনাথ ঠাকুর নোবেল পুরস্কার পান**
a) ১৯১৩ সালে b) ১৯২০ সালে
c) ১৯২৩ সালে d) ১৯২৪ সালে **ans. A**

Solution: রবীন্দ্রনাথ ঠাকুরকে বাংলা ভাষায় প্রকাশিত গ্রন্থের জন্য নোবেল পুরস্কার দেয়া হয়নি। তিনি এই পুরস্কার অর্জন করেন ইংরেজি 'গীতাঞ্জলী' বা 'Song Offerings' গ্রন্থের জন্য। 'গীতাঞ্জলী'র অনুবাদ Song Offerings ১৯১২ সালের নভেম্বরে, ইংল্যান্ডে প্রকাশিত হয়। Song Offerings এর ভূমিকা লেখেন ইংরেজ কবি W.B. Yeats. উল্লেখ্য, তিনি ১৯১৩ সালে নোবেল পান।

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

26. সুয়েজ খাল কোন দেশে অবস্থিত?
a) তুরস্ক b) পানামা
c) মিশর d) ব্রাজিল **ans. C**

Solution: সুয়েজ খাল খনন করেন ফরাসি ইঞ্জিনিয়ার ফার্ডিনান্দ দা লিসেপস। ২৫ এপ্রিল ১৮৫৯ সালে এটির খনন কাজ শুরু হয় এবং ২৫ এপ্রিল ১৮৬৯ সালে এটি উদ্বোধন করে। মিসর সুয়েজ খাল জাতীয়করণ করেছিল ২৬ জুলাই ১৯৫৬ সালে।

27. বাংলাদেশ ও ভারতের সীমান্ত দৈর্ঘ্য কত?
a) ৬,৫১৪ কিঃমিঃ b) ৪,১৫৬ কিঃমিঃ
c) ৩,০১৫ কিঃমিঃ d) ৭১৬ কিঃমিঃ **ans. B**

Solution: ভারতের সাথে বাংলাদেশের সীমান্ত দৈর্ঘ্য ৪,১৫৬ কিমি (৩,৭১৫.১৮ কিমি) আর স্থল সীমান্ত দৈর্ঘ্য ৩,৯৭৬ কিমি (নদী ছাড়া)। উল্লেখ্য, বাংলাদেশের সাথে মিয়ানমারের সীমান্ত দৈর্ঘ্য ২৭১ কিমি।

28. 'শিবরাত্রির সলতে' বাগধারাটির অর্থ
a) আট প্রহর b) জলন্ত প্রমাণ
c) একমাত্র বংশধর d) দীপশিখা **ans. C**

29. অধ্যাদেশ কে জারি করেন?
a) মাননীয় প্রধানমন্ত্রী b) মন্ত্রিপরিষদ সচিব
c) মহামান্য রাষ্ট্রপতি d) আইন মন্ত্রী **ans. C**

Solution: সংবিধানের ৯৩ নং অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্রপতি এই ক্ষমতা ব্যবহার করেন।

বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন
পদের নামঃ বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা
তারিখঃ ১৬.০৯.২০১৯

01. ইউরোপের ক্ষুদ্রতম দেশ কোনটি?
a) বেলজিয়াম b) অস্ট্রিয়া
c) ভ্যাটিকান সিটি d) ফ্রান্স **ans. C**

Solution: ভ্যাটিকান সিটির আয়তন মাত্র ০.৪৪ বর্গ কিঃমিঃ। এটি ইউরোপের ক্ষুদ্রতম দেশ। ভ্যাটিকান সিটি ইতালির রোম শহরের মধ্যস্থলে প্রাচীর বেষ্টিত একটি এলাকা। শহরটি মূলত একটি ছোট পাহাড়ের উপর অবস্থিত, যার নাম ভ্যাটিকান পাহাড়। উল্লেখ্য, ইউরোপের বৃহত্তম দেশ হলো রাশিয়া যার আয়তন ১,৭০,৭৫,২০০ বর্গ কিঃমিঃ।

02. 'আন্তর্জাতিক আদালত' কোন দেশে অবস্থিত?
a) ফ্রান্স b) সুইজারল্যান্ড
c) নেদারল্যান্ড d) জার্মানী **ans. C**

Solution: জাতিসংঘের প্রধান বিচার বিভাগীয় অঙ্গসংস্থা ইন্টারন্যাশনাল কোর্ট অব জাস্টিস (ICJ) বা আন্তর্জাতিক আদালতের সদর দপ্তর নেদারল্যান্ডসের 'দি হেগ'- এ অবস্থিত। এটি প্রতিষ্ঠিত হয় ১৯৪৫ সালে ২৪ অক্টোবর। এ আদালতে বিচারকের সংখ্যা ১৫ জন হলেও প্রত্যেক বিচারকের মেয়াদকাল ৯ বছর আর সে ক্ষেত্রে সভাপতি নির্বাচন করা হয় ৩ বছরের জন্য।

03. কোন দেশটি নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য নয়?
a) চীন b) রাশিয়া
c) জাপান d) যুক্তরাষ্ট্র **ans. C**

Solution: নিরাপত্তা পরিষদে সর্বোচ্চ জাপান (১১ বার) অস্থায়ী সদস্য নির্বাচিত হয়েছে। উল্লেখ্য, নিরাপত্তা পরিষদের মোট সদস্য দেশ ১৫টি। এর মধ্যে ৫টি হলো স্থায়ী সদস্য দেশ; আর ১০টি হলো অস্থায়ী সদস্য দেশ। ৫টি স্থায়ী দেশগুলো হলো যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স, রাশিয়া এবং চীন। নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্যগুলো দুই বছরের জন্য নির্বাচিত হয়।

04. OIC এর সদস্য কিন্তু জাতিসংঘের সদস্য নয় কোন দেশ?
a) আফগানিস্তান b) ইরাক
c) সিরিয়া d) প্যালেস্টাইন **ans. D**

Solution: জাতিসংঘের সদস্য নয় এমন রাষ্ট্রগুলি হলো তাইওয়ান, ভ্যাটিকান, কসোভা এবং ফিলিস্তিন।

05. জাতীয় শিশু দিবস কোনটি?
a) ১৭ এপ্রিল b) ১০ মার্চ
c) ১৭ মার্চ d) ১০ মে **ans. C**

Solution: জাতীয় শিশু দিবস ১৭ মার্চ।

তারিখ	১০ মার্চ	১৭ এপ্রিল
দিবস	জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস	মুজিবনগর দিবস

06. Who was the youngest of the Romantic poets?
a) Keats b) Colevidge
c) Byron d) Shelley **ans. A**

Solution: জন কিটস ছিলেন Romantic কবিদের মধ্যে সবচেয়ে তরুন। তিনি Sense fo beauty এর জন্য সবচেয়ে বেশি পরিচিত। তিনি মাত্র ২৬ বছর বয়সে মারা যান। তাঁর বিখ্যাত গ্রন্থগুলো হচ্ছে 'ওড টু অটাম', 'লামিয়া', 'দি ইভ অব সেন্ট অ্যাগনিস' ইত্যাদি।

07. কোনটি স্থানীয় সরকার নয়?
a) ইউনিয়ন পরিষদ b) সিটি কর্পোরেশন
c) জেলা প্রশাসন d) পৌরসভা **ans. C**

Solution: জেলা প্রশাসন না হয়ে জেলা পরিষদ হবে স্থানীয় সরকার কাঠামোর অংশ। স্থানীয় সরকারের কয়েকটি অঙ্গ হলোঃ ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, জেলা পরিষদ, গ্রাম সরকার, পৌরসভা, সিটি কর্পোরেশন।

08. 'Knowledge is power' was stated by
a) Disraele b) Hobbes
c) Socrates d) Rousseau **ans. B**

Solution: ফ্রান্সিস বেকন সর্বপ্রথম তাঁর Meditationes Sacrae (1597) গ্রন্থে 'Knowledge is power' কথাটি উল্লেখ করেন।

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

09. মুক্তিযুদ্ধে বীরত্বের সর্বোচ্চ খেতাব 'বীরশ্রেষ্ঠ' কত জনকে দেয়া হয়?
a) ৭ জন b) ৮ জন
c) ১০৯ জন d) ৯ জন **ans. A**

Solution: মুক্তিযুদ্ধে বীরত্বের সর্বোচ্চ খেতাব 'বীরশ্রেষ্ঠ' ৭ জনকে দেয়া হয়। এরা হলেনঃ ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ, ল্যান্স নায়েক মুন্সি আবদুর রউফ, ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর, ইঞ্জিনরুম আর্টিফিসার আবদুল আমিন, সিপাহি মোহাম্মদ মোস্তফা কামাল, ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান, সিপাহি মোহাম্মদ হামিদুর রহমান। উল্লেখ্য, বীরশ্রেষ্ঠদের মধ্যে প্রথম শহিদ হন সিপাহি মোহাম্মদ মোস্তফা কামাল।

10. মুক্তিযুদ্ধকালীন বাংলাদেশের রাষ্ট্রপতি কে ছিলেন?
a) সৈয়দ নজরুল ইসলাম b) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
c) তাজউদ্দিন আহমদ d) মাওলানা ভাসানী **ans. B**

Solution: বাংলাদেশের প্রথম বা অস্থায়ী সরকার ১০ এপ্রিল ১৯৭১ সালে মেহেরপুর জেলার বৈদ্যনাথতলার (বর্তমান মুজিবনগর) ভবের-পাড়া গ্রামের আমবাগানে গঠিত হয়।

নাম	পদবি
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান	রাষ্ট্রপতি
সৈয়দ নজরুল ইসলাম	অস্থায়ী/উপ-রাষ্ট্রপতি
তাজউদ্দিন আহমদ	প্রধানমন্ত্রী
ক্যাপ্টেন এম. মনসুর আলী	মন্ত্রী
খন্দকার মোশতাক আহমদ	মন্ত্রী
এএইচএম কামারুজ্জামান	মন্ত্রী

11. 'মোনা লিসা' চিত্রকর্মটি কোন শিল্পীর?
a) মাইকেল এ্যাঞ্জেলো b) পাবলো পিকাসো
c) লিওনার্দো দ্য ভিঞ্চি d) ভ্যানগগ **ans. C**

Solution: 'মোনা লিসা' হলো একটি বিশ্বখ্যাত চিত্রকর্ম। ইতালীর শিল্পী লিওনার্দো দ্য ভিঞ্চি ১৬ শতকে এই ছবিটি অঙ্কন করেন। ধারণা করা হয়, বিখ্যাত এই ছবিটি মোনা লিসার দ্বিতীয় পুত্র সন্তান জন্মগ্রহণ স্মরণে অঙ্কিত হয়। শিল্পকর্মটি ফ্রান্সের ল্যুভ জাদুঘরে সংরক্ষিত আছে। ল্যুভ জাদুঘরের তথ্যমতে প্রায় ৮০% পর্যটক শুধু মোনা লিসার চিত্রটি দেখার জন্য আসে।

12. জিব্রাল্টার কী?
a) উপসাগর b) প্রণালী
c) হ্রদ d) শহর **ans. B**

Solution: জিব্রাল্টার প্রণালী (Strait of Gibraltar) পূর্বে ভূমধ্যসাগরকে পশ্চিমে আটলান্টিক মহাসাগরের সাথে সংযোগকারী সমুদ্র প্রণালী। এটি উত্তর আফ্রিকাকে দক্ষিণ-পশ্চিম ইউরোপের সাইবেরীয় উপদ্বীপ থেকে পৃথক করেছে। প্রণালীটি ৬০ কিলোমিটার দীর্ঘ এবং এর প্রস্থ অবস্থানভেদে ১৩ থেকে ৩৯ কিলোমিটার হতে পারে। প্রণালীর মধ্যে দিয়ে একটি ৮ কিলোমিটার প্রশস্ত ও ৩০০ মিটার গভীর চ্যানেল চলে গেছে।

13. কোনটি ব্যাংক নোট নয়?
a) ২ টাকা b) ১০ টাকা
c) ১০০ টাকা d) ৫০০ টাকা **ans. A**

Solution: ১, ২ এবং ৫ টাকার নোট ব্যাংক নোট নয়। এই তিন নোটে অর্থ সচিবের সাক্ষর থাকে। বাকি নোটগুলো ব্যাংক নোট। নোটগুলোতে গভর্নরের সাক্ষর থাকে।

14. সোনা মসজিদ কোন জেলায় অবস্থিত?
a) বাগেরহাট b) যশোর
c) চাঁপাইনবাবগঞ্জ d) কুড়িগ্রাম **ans. C**

Solution: সোনা মসজিদ বাংলাদেশের প্রাচীনতম মসজিদ। প্রাচীন বাংলার রাজধানী গৌড় নগরীর উপকণ্ঠে পিরোজপুর গ্রামে স্থাপনাটি নির্মিত হয়েছিল, যা বর্তমানে রাজশাহী বিভাগের চাপাঁইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ থানায় পড়েছে।

15. 'As You Like It' is a play by
a) Shakespeare b) T.S Eliot
c) Hemingway d) Marlowe **ans. A**

Solution: 'As You Like It' হলো উইলিয়াম শেক্সপিয়ার রচিত হাস্যরসাত্মক নাটক। ধারণা করা হয় এটি ১৫৯৯ সলে রচিত হয়েছিল এবং প্রথম প্রকাশিত হয় ১৬২৩ সালে।

16. ওভাল ক্রিকেট মাঠ কোথায় অবস্থিত?
a) শ্রীলংকা b) অস্ট্রেলিয়া
c) যুক্তরাজ্য d) ভারত **ans. C**

Solution: দি ওভাল (The Oval) লন্ডনের কেনিংটনে অবস্থিত একটি আন্তর্জাতিক ক্রিকেট মাঠ। ইংল্যান্ডের গুরুত্বপূর্ণ ক্রিকেট খেলাগুলো এই মাঠে অনুষ্ঠিত হয়ে থাকে। ব্যবসায়িক অংশীদারিত্বের কারণে এটি বর্তমানে 'কিয়া ওভাল' নামে পরিচিত।

17. কোনটি প্রতিবেশ সংকটাপন্ন এলাকা নয়?
a) সেন্ট মার্টিন দ্বীপ b) টাঙ্গুয়ার হাওড়
c) সোনাদিয়া দ্বীপ d) চলন বিল **ans. D**

Solution: প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা বলতে মানুষের বিভিন্ন কর্মকাণ্ডের ফলে ক্ষতিগ্রস্ত বা ক্ষতিগ্রস্ত হওয়ার ঝুঁকিপূর্ণ এলাকাকে বুঝায়। ১৯৯৯ সালে বাংলাদেশ সরকার ৮টি প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা ঘোষণা করে। এগুলো হলোঃ সেন্টমার্টিন দ্বীপ, কক্সবাজার ও টেকনাফ উপকূলবর্তী এলাকা, সোনাদিয়া দ্বীপ, হাকালুকি হাওর, টাঙ্গুয়ার হাওর, মারজাত বাঁওর, গুলশান-বারিধারা লেক এবং সুন্দরবন।

18. অলিম্পিক গেমসের প্রতীকে কয়টি বৃত্ত?
a) ৫টি b) ৬টি
c) ৭টি d) ৯টি **ans. A**

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

Solution: অলিম্পিক গেমসের ৫টি বৃত্ত দ্বারা ৫টি মহাদেশকে বুঝানো হয়।

19. কোন দেশটি আফ্রিকা মহাদেশে নয়?
a) মিশর b) আলবেনিয়া
c) ঘানা d) জাম্বিয়া **ans. B**

Solution: আলবেনিয়া দক্ষিণ ইউরোপের একটি দেশ। এর আয়তন ২৮,৭৪৮ বর্গ কিলোমিটার। রাজধানীর নাম হলো তিরানা আর মুদ্রার নাম হলো লেক।

দেশ	মিশর	ঘানা	জাম্বিয়া
অবস্থান	উত্তর আফ্রিকা	পশ্চিম আফ্রিকা	পূর্ব আফ্রিকা

20. বাংলাদেশের সংবিধানের কোনভাগে মৌলিক অধিকার বর্ণিত হয়েছে?
a) ১ম ভাগে b) ৫ম ভাগে
c) ৬ষ্ঠ ভাগে d) ৩য় ভাগে **ans. D**

Solution: সংবিধানের প্রথম ভাগে প্রজাতন্ত্র। পঞ্চম ভাগে আইনসভা এবং ষষ্ঠ ভাগে বিচার বিভাগ নিয়ে আলোচনা করা হয়েছে।

21. স্বাধীনতা যুদ্ধে বাংলাদেশ কয়টি সেক্টরে বিভক্ত ছিল?
a) ৭টি b) ১১টি
c) ১৭টি d) ৯টি **ans. B**

Solution: ১০ এপ্রিল সরকার ৪টি সামরিক জোনে বাংলাদেশকে ভাগ করে ৪ জন সেক্টর কমান্ডার নিযুক্ত করে। ১১ এপ্রিল তা পুনর্গঠিত করে ১১টি সেক্টরে বিভক্ত করা হয়। এ ছাড়া বেশ কিছু সাব-সেক্টর এবং তিনটি ব্রিগেড ফোর্স গঠিত হয়।

22. 'হো চি মিন' কোন দেশের নাগরিক ছিলেন?
a) কম্বোডিয়া b) চীন
c) থাইল্যান্ড d) ভিয়েতনাম **ans. D**

Solution: হো চি মিন ছিলেন ভিয়েতনামের একজন কমিউনিস্ট বিপবী নেতা, যিনি ভিয়েতনামের একজন কমিউনিস্ট বিপবী নেতা। যিনি পরবর্তীকালে গণপ্রজাতন্ত্রী ভিয়েতনামের প্রধানমন্ত্রী ছিলেন ১৯৪৬ থেকে ১৯৫৫ সাল পর্যন্ত এবং রাষ্ট্রপতি ছিলেন ১৯৪৫ থেকে ১৯৬৯ সাল পর্যন্ত। ভিয়েতনাম যুদ্ধের সময় তিনি আমৃত্যু ভিয়েত কং এর নেতৃত্ব দান করেন।

23. COP-24 কোন দেশে অনুষ্ঠিত হয়েছে?
a) জাপান b) ইংল্যান্ড
c) চীন d) পোল্যান্ড **ans. D**

Solution: পোল্যান্ডের দক্ষিণাঞ্চলীয় শহর কাতোভিচে আন্ত র্জাতিক সম্প্রদায় কপ-২৪ সম্মেলনে মিলিত হয়। এটি মূলত বৈশ্বিক তাপমাত্রা নিয়ন্ত্রণে ২০০টি দেশের সম্মিলিত উদ্যোগের এক বৃহৎ কর্মপরিকল্পনা। এই সম্মেলনে বৈশ্বিক তাপমাত্রা ২° সেলসিয়াসের নিচে নামানোর জন্য একমতে আসা হয়।

24. এলিসি প্রাসাদ কার বাসভবন?
a) ফরাসী প্রেসিডেন্ট b) বৃটেনের রানীর
c) ভারতের রাষ্ট্রপতির d) স্পেনের রানীর **ans. A**

Solution: ফ্রান্সের রাজধানী প্যারিসে বিখ্যাত 'এলিসি প্রাসাদটি অবস্থিত। আরনেস্ত ক্লাউড নামের এক বিখ্যাত স্থপতি এটি নির্মাণ করে রাজা-রানীকে উপহার দেন। ১৭৫৩ সাল পর্যন্ত এলিসি প্রাসাদ আবাসিক হোটেল হিসেবেই স্বীকৃত ছিল। নেপোলিয়ন বোনাপার্টের সময় সর্বপ্রথম প্রাসাদটিতে অফিসিয়াল দফতর হিসেবে কার্যক্রম শুরু হয়। উল্লেখ্য, ভারতের প্রেসিডেন্টের বাসভবন হলো 'রাষ্ট্রপতি ভবন'; বৃটেনের রানীর সরকারি বাসভবন হলো 'উইন্ডসর ক্যাসেল'।

পররাষ্ট্র মন্ত্রণালয়
পদের নামঃ ব্যক্তিগত কর্মকর্তা; তারিখঃ ২৭.০৯.২০১৯

01. Integrated Circuit (IC) তৈরিতে কোন দ্রব্যটি ব্যবহৃত হয়?
a) প্লাস্টিক b) সিলিকন
c) তামা d) লোহা **ans. B**

Solution: আধুনিক কম্পিউটারের দ্রুত অগ্রগতির মূলে রয়েছে IC বা Integrated Circuit. এটি মূলত Registor ও Capacitor এর সম্বন্বিত রূপ। এই IC ব্যবহারের ফলে কম্পিউটারের আকার ছোট হয়েছে এবং ধারণ ক্ষমতা অনেকগুলো বেড়ে গেছে। কিন্তু Microprocessors কম্পিউটারের Fourth Generation এর সাথে সংযুক্ত হয়েছে। যুক্তরাষ্ট্রের ইনটেল কর্পোরেশন ১৯৭১ সালে Microprocessors তৈরি করে। যার নাম ছিলো Intel 4004.

02. নিচের কোনটি বাংলাদেশের সিট মহল?
a) তিনবিঘা করিডোর b) রৌমারী
c) দহগ্রাম d) জাফলং **ans. C**

Solution: 'দহগ্রাম' ইউনিয়নটি বাংলাদেশের পাটগ্রাম (লালমনিরহাট) উপজেলার অন্তর্গত। এর আয়তন ৩৫ বর্গমাইল। 'দহগ্রাম' ইউনিয়ন হিসেবে উদ্বোধন করা হয় ১৯ আগস্ট ১৯৮৯ সালে।
উল্লেখ্য, দহগ্রাম-আঙ্গরপোতার সাথে বাংলাদেশের মূল ভূখণ্ডে যোগাযোগের জন্য ১৭৮ × ৮৫ মিটার পরিমাপের একটি Passage door রয়েছে, যা 'তিনবিঘা করিডোর' নামে পরিচিত।

03. নিশীথ সূর্যের দেশ কোনটি?
a) সুইডেন b) কানাডা
c) সুইজারল্যান্ড d) নরওয়ে **ans. D**

Solution: 'নিশীথ সূর্যের দেশ' বলা হয় নরওয়েকে।

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

বাসাদ কার বাসভবন?
ী প্রেসিডেন্ট
b) বৃটেনের রানীর
র রাষ্ট্রপতির
d) স্পেনের রানীর ans. A
ালের রাজধানী প্যারিসে বিখ্যাত
বস্থিত। আরমেন্ড ক্লাউড নামের এক
নির্মাণ করে রাজা-রানীকে উপহার দে
পর্যন্ত এলিসি প্রাসাদ আবাসিক হি
কৃত ছিল। নেপোলিয়ন বোনাপার্টের সম
াসাদটিতে অফিসিয়াল দফতর হিসে
হয়। উল্লেখ্য, ভারতের প্রেসিডেন্ট
া 'রাষ্ট্রপতি ভবন'; বৃটেনের রানীর সরকা
া 'উইন্ডসর ক্যাসেল'।

পররাষ্ট্র মন্ত্রণালয়

ক্তগত কর্মকর্তা; তারিখঃ ২৭.০৯.২০১১

Circuit (IC) তৈরিতে কোন ধরণ

b) সিলিকন
d) লোহা ans. B

কম্পিউটারের দ্রুত অগ্রগতির মূ
Integrated Circuit. এটি মূল
pacitor এর সম্বন্বিত রূপ। এই IC
ম্পিউটারের আকার ছোট হয়েছে এবং
নেকগুলো বেড়ে গেছে। দ্বি
কম্পিউটারের Fourth
সাথে সংযুক্ত হয়েছে। যুক্তরাষ্ট্র
১৯৭১ সালে Microprocessors
ছিলো Intel 4004.

দশের সিট মহল?
b) রৌমারী
d) জাফলং ans. C

নিয়নটি বাংলাদেশের প্যাভিলি
লার অন্তর্গত। এর আয়তন ৫৫
নিয়ন হিসেবে উদ্বোধন করা হ
।
পাতার সাথে বাংলাদেশের মূল
১৭৮ × ৮৫ মিটার পরিমাপের
য়েছে, যা 'তিনবিঘা করিডোর'

b) কানাডা
d) নরওয়ে ans. D
লা হয় নরওয়েকে।

দেশ/স্থান উদ্দেশ্য	সুইডেন	কানাডা	সুইজারল্যান্ড
	ইউরোপের সংমিল	ম্যাপল পাতার দেশ, লিলি ফুলের দেশ	ইউরোপের ক্রীড়াভূমি/ক্রীড়াঙ্গন

04. বাংলাদেশ উন্নয়ন ফোরামের প্রধান সমন্বয়কারী সংস্থা কোনটি?
a) আইএফসি b) আইবিআরডি
c) এশীয় উন্নয়ন ব্যাংক d) বিশ্বব্যাংক ans. D

05. বঙ্গবন্ধু সাফারি পার্কটি কোথায় অবস্থিত?
a) গাজীপুর b) কুমিলা
c) চট্টগ্রাম d) রাজশাহী ans. A

Solution: বাংলাদেশের বৃহত্তম ও দ্বিতীয় সাফারি পার্ক হলো 'বঙ্গবন্ধু সাফারি পার্ক'। এটি ইন্দ্রপুর (বাঘেরবাজার), গাজীপুরে অবস্থিত। এই পার্কটি ৩১ অক্টোবর ২০১৩ সালে উদ্বোধন করা হয়। এর আয়তন ৩,৬৯০ একর। উল্লেখ্য, বাংলাদেশের প্রথম সাফারি পার্ক হলো 'বঙ্গবন্ধু শেখ মুজিবর সাফারি পার্ক'। এটি চকোরিয়া, কক্সবাজারে অবস্থিত। এই পার্কটি ১৯ জানুয়ারি ২০০১ সালে উদ্বোধন করা হয়।

06. লেবুর রসে যে এসিড থাকে তার নাম-
a) এসিটিক এসিড b) ফলিক এসিড
c) নাইট্রিক এসিড d) সাইট্রিক এসিড ans. D

Solution: সাইট্রিক এসিড একটি দুর্বল ত্রিক্ষারীয় জৈব এসিড। এর রাসায়নিক সংকেত হল $C_6H_8O_7$. প্রাকৃতিকভাবে লেবুজাতীয় ফলে সাধারণত এই এসিড পাওয়া যায়।

07. কোন রং বেশি দূর থেকে দেখা যায়?
a) লাল b) হলুদ
c) সাদা d) কালো ans. A

Solution: ইলেকট্রোম্যাগনেটিক ফিল্ডে দৃশ্যমান আলোর মধ্যে লাল রঙের তরঙ্গ দৈর্ঘই সবচেয়ে বেশি। আর বেগুনির তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে কম। তাই সবচেয়ে দূর থেকে লাল রং-কে দেখা যায়।

08. জাতিসংঘের বর্তমান মহাসচিব অ্যান্টানিও গুতেরেস কোন দেশের অধিবাসী?
a) পর্তুগাল b) গাম্বিয়া
Solution: তমদ্দুন মজলিস ১৯৪৭ সালে আবুল কাসেম কর্তৃক প্রতিষ্ঠিত বাংলাদেশের (তৎকালীন পূর্ব পাকিস্তান) একটি ইসলামি সাংস্কৃতিক সংগঠন। পাকিস্তান প্রতিষ্ঠার পর প্রথম বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা হিসেবে দাবি তুলে তমদ্দুন মজলিস বাংলা ভাষা আন্দোলন শুরু করে।

03. পাকিস্তানের কারাগার থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন তারিখে মুক্তি লাভ করে?

a) ১৯৭১ সালের ২০ ডিসেম্বর।
b) ১৯৭১ সালের ২৭ ডিসেম্বর।
c) ১৯৭২ সালর ০৬ জানুয়ারি।
d) ১৯৭২ সালের ১০ জানুয়ারি। **ans. Note**

Solution: পাকিস্তানের কারাগার থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৮ জানুয়ারি ১৯৭২ সালে মুক্তি লাভ করেন। তিনি ১০ জানুয়ারি বাংলাদেশে আসেন। এজন্য ১০ জানুয়ারি স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত হয়।

04. বাংলাদেশের কোন জেলায় মাত্র একটি সংসদীয় আসন রয়েছে?

a) রাঙামাটি b) ভোলা
c) লক্ষ্মীপুর d) ফেনী **ans. A**

Solution: বাংলাদেশের ৩টি (বান্দরবান, খাগড়াছড়ি, রাঙামাটি) জেলায় সংসদীয় আসন একটি করে রয়েছে। উল্লেখ্য, বাংলাদেশ জাতীয় সংসদের ১ নং আসন হলো পঞ্চগড় (তেঁতুলিয়া-পঞ্চগড় সদর-আটোয়ারি) জেলায়। আর ৩০০ নং আসন বান্দরবান (পার্বত্য বান্দরবান জেলা)। বাংলাদেশে প্রথম সংসদীয় আসন বিন্যাস করা হয় ১৯৭৩ সালে।

05. বাংলাদেশের জাতীয় গাছের নাম কী?

a) কাঁঠাল গাছ b) আম গাছ
c) বট গাছ d) জাম গাছ **ans. B**

Solution: বাংলাদেশের জাতীয় বৃক্ষ আম গাছ। ১৫ নভেম্বর ২০১০ সালে আম গাছকে জাতীয় বৃক্ষ ঘোষণা করা হয়।

06. বাংলাদেশ কোন সালে জাতিসংঘের সদস্যপদ লাভ করে?

a) ১৯৭২ b) ১৯৭৩
c) ১৯৭৪ d) ১৯৭৫ **ans. C**

Solution: ১৯৭৪ সালের মধ্যেই বাংলাদেশ বিশ্বের অধিকাংশ রাষ্ট্র ও জাতিসংঘসহ প্রায় সকল আন্তর্জাতিক সংস্থার স্বীকৃতি লাভ করে। সাধারণ পরিষদের সর্বসম্মত সিদ্ধান্ত অনুযায়ী ১৭ সেপ্টেম্বর ১৯৭৪ সালের বাংলাদেশ জাতিসংঘের ১৩৬তম সদস্য হিসেবে যোগদান করে।

07. কোন সালে বাংলাদেশ উন্নত দেশে পরিণত হওয়ার লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে?

a) ২০৩০ b) ২০৩৫
c) ২০৩৯ d) ২০৪১ **ans. D**

Solution: বাংলাদেশে বর্তমান ক্ষমতাসীন সরকার 'বাংলাদেশ আওয়ামী লীগ'র নেতৃত্বে ২০১৮ সালে বাংলাদেশ নিম্ন আয়ের দেশ (এলডিসি) থেকে উন্নয়নশীল (ডেভেলপিং) দেশে উত্তরণ করে।
বর্তমান ক্ষমতাসীন ভিশনারী সরকারের ভিশন হচ্ছেঃ ২০২১ সালে বাংলাদেশ মধ্যম আয়ের দেশের তালিকায় নিজেদের জায়গা করে নিবে ইতোমধ্যে মধ্যম আয়ের দেশ হবার তিনটি শর্ত পুরণ করা হয়েছে। ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ বিশ্বের উন্নত দেশের কাতারে নিজেদেরকে দেখতে সক্ষম হবে বলে লক্ষ্য ঠিক করা হয়েছে।

08. কোনটি শহীদ বুদ্ধিজীবী দিবস?

a) ১০ ডিসেম্বর b) ১২ ডিসেম্বর
c) ১৪ ডিসেম্বর d) ১৬ ডিসেম্বর **ans. C**

Solution: ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস। আর, ১৬ ডিসেম্বর বিজয় দিবস।

09. 'কারাগারের রোজনামচা' বইটি কার লেখা?

a) মাওলানা ভাসানী।
b) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।
c) এ. কে ফজলুল হক।
d) হোসেন শহীদ সোহরাওয়ার্দী **ans. B**

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

সদের ১ নং আসন হলো
দর-আটোয়ারি) জেলায়।
বান (পার্বত্য বান্দরবান
দীয় আসন বিন্যাস করা

কী?
ম গাছ
ম গাছ
ans. B
াম গাছ। ১৫ নভেম্বর
ক্ষ ঘোষণা করা হয়।
সদস্যপদ লাভ করে?
৩
ans. C
বাংলাদেশ বিশ্বের
সকল আন্তর্জাতিক
পরিষদের সর্বসম্মত
সালের বাংলাদেশ
যোগদান করে।
পরিণত হওয়ার

ans. D
তাসীন সরকার
২০১৮ সালে
থেকে উন্নয়নশীল

ভিশন হচ্ছেঃ
দশের তালিকায়
মধ্যম আয়ের
২০৪১ সালের
শের কাতারে
ক্ষ্য ঠিক করা

ans. C

ans. B

Solution: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মজীবনীর দ্বিতীয় গ্রন্থ হলো 'কারাগারের রোজনামচা'। উল্লেখ্য, বাংলা একাডেমি ১৭ মার্চ ২০১৭ সালে আনুষ্ঠানিকভাবে কারাগারের রোজনামচা'টি প্রকাশ করে। 'কারাগারের রোজনামচা' গ্রন্থটিতে ১৯৬৬ থেকে ১৯৬৮ সাল সমকালের কারাস্মৃতি স্থান পেয়েছে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মজীবনীর প্রথম গ্রন্থ হলো 'অসমাপ্ত আত্মজীবনী'।

*আন্তর্জাতিক মাতৃভাষা দিবস কোনটি?
a) ২১ ফেব্রুয়ারি b) ১৪ ডিসেম্বর
c) ১৬ ডিসেম্বর d) ২৬ মার্চ ans. A

Solution: আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয় ২১ ফেব্রুয়ারি। স্বাধীনতা ও জাতীয় দিবস পালিত হয় ২৬ মার্চ। শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত হয় ১৪ ডিসেম্বর। বিজয় দিবস পালিত হয় ১৬ ডিসেম্বর।

*১৯৭১ সালে কোন গ্রামের নামকরণ 'মুজিবনগর' করা হয়?
a) মানিক নগর b) বৈদ্যনাথ তলা
c) বুড়িগোতা d) আমঝুপি ans. B

Solution: ১৯৭১ সালের ১৭ এপ্রিল বৈদ্যনাথ তলা গ্রামের নামকরণ 'মুজিবনগর' করা হয়।

*কত সালে শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধিতে ভূষিত করা হয়?
a) ১৯৬৭ b) ১৯৬৯
c) ১৯৭০ d) ১৯৭১ ans. B

Solution: তৎকালীন ডাকসু ভিপি তোফায়েল আহমেদ ২৩ ফেব্রুয়ারি ১৯৬৯ সালে রেসকোর্স ময়দানে (বর্তমান সোহরাওয়ার্দী উদ্যানে) শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধিতে ভূষিত করেন।

*বাংলাদেশের প্রথম শিক্ষা কমিশন কার নেতৃত্বে গঠিত হয়?
a) ড. কুদরাত-ই-খুদা b) ড. মনিরুজ্জামান মিঞা
c) কাজি খলীকুজ্জামান d) ড. মফিজ উদ্দীন ans. A

Solution: বাংলাদেশের প্রথম শিক্ষা কমিশন ড. কুদরাত-ই-খুদার নেতৃত্বে ২৬ জুলাই ১৯৭২ সালে গঠিত হয়। আর জাতীয় শিক্ষা কমিশন ২৪ সেপ্টেম্বর ১৯৭২ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান উদ্বোধন করেন।

*কোনটি সমাষ্টিগত সম্পদের উদাহরণ?
a) বাড়িঘর b) ভূ-সম্পত্তি
c) রেলপথ d) আসবাবপত্র ans. C

Solution: মালিকানার দিক হতে সম্পদকে চারভাগে ভাগ যায়ঃ
০১. ব্যক্তিগত সম্পদঃ ব্যক্তির মালিকানায় যেসব সম্পদ রয়েছে তাই হচ্ছে ব্যক্তিগত সম্পদ। যেমনঃ গাড়ি-বাড়ি, আসবাবপত্র ইত্যাদি।
০২. সমষ্টিগত সম্পদঃ যেসব সম্পদের মালিকানা সমাজ বা রাষ্ট্রের হাতে থাকে সেসব সম্পদকে সমষ্টিগত সম্পদ বলে। অর্থাৎ জনগণের ব্যবহৃত সম্পদ ও সরকারি সম্পদ একত্রে মিলে সমষ্টিগত সম্পদ সৃষ্টি। যেমনঃ রাস্তাঘাট, হাসপাতাল, পার্ক, চিড়িয়াখানা ইত্যাদি।
০৩. জাতীয় সম্পদঃ জাতীয় সম্পদ মূলত ব্যক্তিগত ও সমষ্টিগত সম্পদের সংমিশ্রণ সৃষ্টি। যেমনঃ জনগণের সুনাম, কারিগরি সম্পদ, খনিজ সম্পদ ইত্যাদি জাতীয় সম্পদের অন্তর্গত।
০৪. আন্তর্জাতিক সম্পদঃ আন্তর্জাতিক সম্পদ হচ্ছে সেই সম্পদ যার মালিকানা ব্যক্তি কিংবা রাষ্ট্রের নয় বরং পৃথিবীর সব দেশ তা ভোগ করতে পারে। যেমনঃ সাগর, মহাসাগর, বৈজ্ঞানিক আবিষ্কার ইত্যাদি।

15. বাংলাদেশের 'শিক্ষা-স্বাস্থ্য-বিনোদন' সাধারণভাবে অর্থনীতির কোন খাতের আওতাধীন?
a) কৃষি খাত b) শিল্প খাত
c) সেবা খাত d) জনকল্যাণ খাত ans. C

Solution: বাংলাদেশের প্রধান অর্থনীতির খাত তিনটি। যথাঃ সেবা খাত, শিল্প খাত, কৃষি খাত। এই তিনটি প্রধান খাতে বেশ কিছু উপখাত রয়েছে।

16. ঢাকা বিশ্ববিদ্যালয় কত সালে প্রতিষ্ঠিত হয়?
a) ১৯০৫ b) ১৯১১
c) ১৯১৭ d) ১৯২১ ans. D

Solution: প্রাচ্যের অক্সফোর্ড হিসেবে খ্যাত ঢাকা বিশ্ববিদ্যালয় ১ জুলাই ১৯২১ সালে প্রতিষ্ঠিত হয়। উল্লেখ্য, প্রতিষ্ঠাকালীন সময়ে ৩টি (কলা, বিজ্ঞান ও আইন) অনুষদ নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় যাত্রা শুরু করে।

17. পত্রিকা পড়ে, রেডিও শুনে, টেলিভিশন দেখে শেখা-কোন ধরনের শিক্ষা?
a) আনুষ্ঠানিক শিক্ষা b) অনানুষ্ঠানিক শিক্ষা
c) উপনুষ্ঠানিক শিক্ষা d) অব্যাহত শিক্ষা ans. B

Solution: অনানুষ্ঠানিক শিক্ষা (Informal Education) শিক্ষার একটি উল্লেখযোগ্য ধরন। মানুষ তার জন্মের পর থেকে এ নানাভাবে শিখছে। এই শিক্ষা তার সমাজের কাছ থেকে হচ্ছে, পরিবারের কাছ থেকে হচ্ছে, আবার গুরুজনের বা বিশিষ্ট-অবিশিষ্ট ব্যক্তি বা বন্ধু-বান্ধবের মাধ্যমেও হচ্ছে। আবার প্রকৃতি কাছ থেকেও মানুষ শিখছে। প্রতিনিয়ত তার শেখার চেষ্টা অব্যাহত থাকে। ইচ্ছায় বা অনিচ্ছাসত্ত্বেও সে শেখে। এই যে অনির্দিষ্ট নানা উপায়ে মানুষ শিখছে এটাই অনানুষ্ঠানিক শিক্ষা। অনানুষ্ঠানিক শিক্ষাই আমাদের শেখার বা আচার-আচরণের অনেক বৈশিষ্ট্য ঠিক করে দেয়। জন্মের পর একটি শিশু কীভাবে কথা বলতে হবে তাকে আলাদা করে

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark Wondershare PDFelement

শেখাতে হয় না, সে নিজে নিজে তার পরিবারের সবাইকে দেখেই শেখে। এভাবেই সূচনা হয় অনানুষ্ঠানিক শিক্ষার।

18. উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কোনটির অধীনে?

a) শিক্ষা মন্ত্রণালয়।
b) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
c) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
d) কারিগরি শিক্ষা অধিদপ্তর। **ans. B**

Solution: ব্রিটিশ শাসনামলে ১৯১৮ সালে নৈশ বিদ্যালয়ে বয়স্ক শিক্ষা কার্যক্রম চালুর মাধ্যমে বাংলাদেশে উপানুষ্ঠানিক শিক্ষা প্রথম চালু হয়। উপানুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তর ১৯৯২ সালে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সংযুক্ত বিভাগ হিসেবে প্রতিষ্ঠিত হয়। ২০০৫ সালে উপানুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তরকে বিলুপ্ত করে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো প্রতিষ্ঠান করা হয়।

19. উপানুষ্ঠানিক শিক্ষার অন্যতম বৈশিষ্ট্য কোনটি?

a) কঠোর নিয়মকানুন
b) বয়স ভিত্তিক
c) অনমনীয়তা
d) নমনীয়তা **ans. D**

Solution: উপানুষ্ঠানিক শিক্ষার উল্লেখযোগ্য কিছু বৈশিষ্ট্যঃ এটি একটি সুশৃঙ্খল নিয়ম-কানুন ও পদ্ধতির মাধ্যমে পরিচালিত উন্মুক্ত শিক্ষা ব্যবস্থা। শিক্ষাক্রম নির্দিষ্ট নয়, আর থাকলেও শিথিলযোগ্য। ডিগ্রীমুখী বা সার্টিফিকেটমুখী শিক্ষা নয়। এটি স্থানীয় সুযোগ-সুবিধা ভিত্তিক শিক্ষা কার্যক্রম। শিক্ষার্থীদের চাহিদা অনুসারে বিষয়বস্তু নির্ধারিত হয়। ব্যবহারিক দিকগুলোর প্রতি বেশি লক্ষ রাখা হয়। আলাদাভাবে পরীক্ষা পদ্ধতির ব্যবস্থা নেই তবে ধারাবাহিক মূল্যায়নের ব্যবস্থা আছে।

20. কোন দেশটি জাতিসংঘের সদস্য নয়?

a) সুইজারল্যান্ড
b) ফিনল্যান্ড
c) নিউজিল্যান্ড
d) হল্যান্ড **ans. Note**

Solution: জাতিসংঘের বর্তমানে মোট সদস্য সংখ্যা ১৯৩টি। উপরোলিখিত দেশগুলো জাতিসংঘের সদস্য। ভ্যাটিকান সিটি, ফিলিস্তিন এবং তাইওয়ান জাতিসংঘের সদস্য নয়। জাতিসংঘের স্থায়ী পর্যবেক্ষক দেশ দুটি হলো ভ্যাটিকান সিটি এবং ফিলিস্তিন।

21. সাম্প্রতিক কোন আবিষ্কারের ক্ষেত্রে বাংলাদেশ আন্তর্জাতিক পেটেন্ট অর্জন করেছে?

a) পাটের জিনতত্ত্ব
b) হিগস বোসনা কনা
c) ডায়েরিয়ার ভ্যাকসিন
d) ধানের জিনতত্ত্ব **ans. A**

Solution: ড. মাকসুদুল আলম ছিলেন একজন বাংলাদেশী জিনতত্ত্ববিদ। তিনি ২০১০ সালে পাটের জিনোম সিকোয়েন্স আবিষ্কার করেন।

22. কলেরা রোগ নিরাময়ে কোন আন্তর্জাতিক সংস্থা কাজ করছে?

a) WHO
b) FAO
c) ICDDRB
d) UNICEF **ans. C**

Solution: ICDDRB এর পূর্ণরূপ হলো International Centre for Diarrhoeal Disease Research, Bangladesh (আন্তর্জাতিক উদারময় গবেষণা কেন্দ্র, বাংলাদেশ)। চাঁদপুর জেলার মতলব উপজেলায় এই কেন্দ্র পরিচালিত মাঠ পর্যায়ের একটি গবেষণা স্টেশন রয়েছে। এখানে বসবাসকারী প্রায় ২ লক্ষ মানুষের স্বাস্থ্যের উপর সমীক্ষা পরিচালনা এবং পর্যবেক্ষণই এই স্টেশনের উদ্দেশ্য। ১৯৬৩ থেকে ১৯৭৪ সাল পর্যন্ত এই স্থানে কলেরা রোগের বিভিন্ন টিকার কার্যকারিতার উপর পরীক্ষা-নিরীক্ষা পরিচালনা করা হয়। এখানে ঔষধ, পুষ্টি এবং জনসংখ্যা নিয়ন্ত্রণের উপরও গবেষণা পরিচালিত হয়। সম্প্রতি ICDDRB এর গবেষণা কার্যক্রমের বিস্তার আরও দীর্ঘায়িত হয়েছে। নতুন অন্তর্ভুক্ত গবেষণার ক্ষেত্রগুলির মধ্যে রয়েছে শ্বাসরোগ, যৌনরোগ, এইডস, হেপাটাইটিস, মা ও শিশু স্বাস্থ্য, টিকার কার্যকারিতা পরীক্ষা ও বিভিন্ন সংক্রামক ব্যাধি।

23. আন্তর্জাতিক স্বাক্ষরতা দিবস কোনটি?

a) ১ মে
b) ৫ জুন
c) ৮ সেপ্টেম্বর
d) ১০ ডিসেম্বর **ans. C**

Solution: আন্তর্জাতিক স্বাক্ষরতা দিবস এবং বিশ্ব ফিজিওথেরাপি দিবস পালিত হয় ৮ সেপ্টেম্বর। বিশ্ব পরিবেশ দিবস পালিত হয় ৫ জুন। আন্তর্জাতিক শ্রমিক দিবস বা মে দিবস পালিত হয় ১ মে। বিশ্ব মানসিক স্বাস্থ্য এবং বিশ্ব মৃত্যুদণ্ড বিরোধী দিবস পালিত হয় ১০ ডিসেম্বর।

24. বাংলাদেশের প্রথম অস্থায়ী রাজধানী মুজিবনগর কোন জেলায় অবস্থিত?

a) সাতক্ষীরা
b) মেহেরপুর
c) ঝিনাইদহ
d) যশোর **ans. B**

Solution: বাংলাদেশের প্রথম অস্থায়ী রাজধানী মুজিবনগর মেহেরপুর জেলার বৈদ্যনাথ তলায় অবস্থিত।

25. হালদা নদী কেন বিখ্যাত?

a) এখান থেকে মাছের ডিম সংগ্রহ করা হয়।
b) এটি পর্যটন কেন্দ্র হিসেবে ব্যবহৃত হয়।
c) এর মোহনায় সমুদ্র বন্দর গড়ে উঠেছে।
d) এর নিচ দিয়ে টানেল স্থাপন করা হচ্ছে। **ans. A**

Solution: বাংলাদেশের একমাত্র প্রাকৃতিক মৎস্য প্রজনন ক্ষেত্র হালদা নদী। উল্লেখ্য, হালদা নদী বাংলাদেশের পূর্ব পাহাড়ি অঞ্চলের খাগড়াছড়ি ও চট্টগ্রাম জেলার একটি নদী। নদীটি ১০৬ কিলোমিটার দীর্ঘ। নদীটি বাদনাতলী ইউনিয়নের পাহাড়ি এলাকা থেকে উৎপন্ন।

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

26. বাংলাদেশে সবচেয়ে বেশি চা বাগান রয়েছে কোন জেলায়?
a) চট্টগ্রাম b) হবিগঞ্জ
c) সিলেট d) মৌলভীবাজার ans. D

Solution: বাংলাদেশে সবচেয়ে বেশি ৯২টি চা বাগান রয়েছে মৌলভীবাজার জেলায়। উল্লেখ্য, বাংলাদেশের প্রথম চা বাগান জাদুঘর ১৬ সেপ্টেম্বর ২০০৯ সালে শ্রীমঙ্গল, মৌলভীবাজারে যাত্রা শুরু করে। বর্তমানে বাংলাদেশে ১৬৭টি চা বাগান রয়েছে।

27. বাংলাদেশে সবচেয়ে বেশি বৈদেশিক মুদ্রা আয় হয় কোন খাত থেকে?
a) চামড়াজাত দ্রব্য রফতানী।
b) পাট ও পাটজাত দ্রব্য রফতানী।
c) শ্রমিকদের পাঠানো রেমিটেন্স।
d) তৈরি পোশাক রফতানী। ans. D

28. বাংলাদেশে কোন উৎস হতে বেশি বিদ্যুৎ উৎপাদিত হয়?
a) জ্বালানী তেল b) জল বিদ্যুৎ
c) সৌর বিদ্যুৎ d) প্রাকৃতিক গ্যাস ans. D

29. বাংলাদেশের সংবিধানের কোন অনুচ্ছেদে সবার জন্য শিক্ষার নির্দেশনা রয়েছে?
a) ১৭ b) ২৭
c) ৩৭ d) ৪৭ ans. A

Solution: সংবিধানের ১১টি অধ্যায় ১৫৩টি অনুচ্ছেদ রয়েছে। ১৭ নং অনুচ্ছেদে অবৈতনিক ও বাধ্যতামূলক শিক্ষার কথা বলা হয়েছে।

30. বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (BARD) কোথায় অবস্থিত?
a) বগুড়া b) রংপুর
c) ময়মনসিংহ d) কুমিলা ans. D

Solution: বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (BARD) কুমিলা শহর থেকে ১০ কিলোমিটার পশ্চিমে কোটবাড়ীতে অবস্থিত। উল্লেখ্য, বাংলাদেশের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীনস্থ একটি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান। এর প্রতিষ্ঠাতা হলেন ড. আখতার হামিদ খান। ১৯৫৯ সালে প্রতিষ্ঠিত এই প্রতিষ্ঠানটি পল্লী উন্নয়নের ক্ষেত্রে প্রশিক্ষণ, গবেষণা ও প্রায়োগিক গবেষণার মাধ্যমে পল্লী অঞ্চলের মানুষের আর্থ-সামাজিক উন্নয়ন তথা পল্লীর দারিদ্র্য বিমোচনে নিরলস সহায়তা করে যাচ্ছে।

31. টেকসই উন্নয়ন লক্ষ্য-৪ এর মূল প্রতিপাদ্য কী?
a) ২০৩০ সালের মধ্যে সবার জন্য একীভূত ও মানসম্মত শিক্ষা নিশ্চিত করা।
b) নারী-পুরুষ বৈষম্য দূর করা এবং সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চি করা।
c) সমতাভিত্তিক অর্থনীতি, দারিদ্র্য বিমোচন, শান্তি ও সফলতা নিশ্চিত করা।
d) ২০৩০ সালের মধ্যে সবার জন্য একীভূত, সমতামূখী, মানসম্মত ও জীবনব্যাপী শিক্ষা নিশ্চিত করা

Solution: টেকসই উন্নয়ন লক্ষ্য মাত্রা (SDG) এর মেয়াদ ২০১৬-৩০ সাল। এতে মোট ১৭টি লক্ষ্যমাত্রা ও ১৬৯টি সুনির্দিষ্ট লক্ষ্য অন্তর্ভূক্ত রয়েছে। ans. D

32. পরবর্তী ফুটবল বিশ্বকাপ কোন দেশে অনুষ্ঠিত হবে?
a) ব্রাজিল b) আর্জেন্টিনা
c) ইরান d) কাতার ans. D

Solution: ২০২২ সালে ২২তম ফুটবল বিশ্বকাপ অনুষ্ঠিত হবে আরব দেশ কাতারে। আর ২০২৬ সালে ২৩তম ফুটবল বিশ্বকাপ অনুষ্ঠিত হবে যৌথভাবে আমেরিকা, মেক্সিকো এবং কানাডায়।

33. ২০১৯ সালে 'শান্তি'তে নোবেল বিজয়ীর নাম কী?
a) আবি আহমেদ আলী b) অভিজিৎ ব্যানার্জী
c) মাদার তেরেসা d) অমর্ত্য সেন ans. A

Solution: প্রতিবেশী দেশ ইরিত্রিয়ার সাথে সীমান্ত বিশৃঙ্খলা সমাধানের জন্য ২০১৯ সালে শান্তিতে নোবেল পেয়েছেন ইথিওপিয়ার প্রধানমন্ত্রী 'আবি আহমেদ আলী'। উল্লেখ্য, সংঘাত এবং যুদ্ধকবলিত এলাকাগুলোতে ক্ষুধা নিরসনে অবদান রাখার স্বীকৃতিস্বরূপ ২০২০ সালে শান্তিতে নোবেল পুরস্কার পেয়েছে জাতিসংঘের অঙ্গ সংস্থা 'বিশ্ব খাদ্য কর্মসূচি' বা 'World Food Programme' (WFP).

34. নায়াগ্রা জলপ্রপাত কোন দুটি দেশের মধ্যে অবস্থিত?
a) ইংল্যান্ড-পোল্যান্ড b) উগান্ডা-কেনিয়া
c) যুক্তরাষ্ট্র-কানাডা d) চীন-ভারত ans. C

Solution: নায়াগ্রা জলপ্রপাতটি যুক্তরাষ্ট্র এবং কানাডা এই দুটি দেশের মধ্যে অবস্থিত। এই জলপ্রপাতের উচ্চতা ১৬৭ মিটার। উল্লেখ্য, নিচে উচ্চতায় বিশ্বের বিখ্যাত কিছু জলপ্রপাতের নাম দেওয়া হলোঃ

নাম	উচ্চতা ফুট	অবস্থান
অ্যাঞ্জেল	৩,২১২	ভেনিজুয়েলা
তুগেলা	৩,১১০	দক্ষিণ আফ্রিকা
ট্রেস হারমানাস	৩,০০০	পেরু
লুপেনা	২,৯৫৩	যুক্তরাষ্ট্র
ভিক্টোরিয়া	৩৫৪.৩৩	জাম্বিয়া-জিম্বাবুয়ে

35. মোবাইল ফোনের জনক কে?
a) বিল গেটস b) স্টীভ জবস
c) মার্টিন কুপার d) জুকারবার্গ ans. C

Solution:

মোবাইল ফোনের জনক	মার্টিন কুপার
ইন্টারনেটের জনক	ভিন্টন গ্রে কার্ফ

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

ই-মেইলের জনক	স্যামুয়েল টমলিনসন
মাইক্রোসফটের জনক	বিল গেটস
WWW এর জনক	টিম বার্নার্স লি
গুগলের জনক	সার্জেই ব্রিন
সার্চ ইঞ্জিনের জনক	এলান এমটাজ
ডিজিটাল ক্যামেরার জনক	স্টিভেন জে সিসোন
ট্রানজিস্টরের জনক	জ্যাক ডোরসেই
ফেসবুকের জনক	মার্ক জুকারবার্গ
ইউটিউবের জনক	জাওদেদ করিম, স্টিভ চ্যান ও চাদ হার্লি

36. আন্তর্জাতিক আদালত কোথায় অবস্থিত?
a) হেগ b) বন
c) নিউইয়র্ক d) কোপেনহেগেন **ans. A**

Solution: আন্তর্জাতিক আদালত ২৪ অক্টোবর ১৯৪৫ (কার্যক্রম শুরু ১৮ এপ্রিল ১৯৪৬) সালে প্রতিষ্ঠিত হয়। এর সদর দপ্তর দি হেগ, নেদারল্যান্ডসে। এই আদালতের বিচারকের সংখ্যা ১৫ জন এবং তাদের মেয়াদকাল ৯ বছর।

37. লন্ডন শহর কোন নদীর তীরে অবস্থিত?
a) টেম্‌স b) রাইন
c) ভোলগা d) দানিয়ুব **ans. A**

Solution: টেম্‌স নদী ইংল্যান্ডের দক্ষিণাঞ্চল দিয়ে প্রবাহিত অন্যতম প্রধান একটি নদী। লন্ডন শহর এই নদীর তীরে অবস্থিত। লন্ডনের পাশ দিয়ে প্রবাহিত হবার করণেই এই নদী বিখ্যাত, অবশ্য আরও বেশ কিছু শহরের মধ্য দিয়ে বয়ে গেছে এই নদীটি। এর মধ্যে রয়েছে অক্সফোর্ড, রেডিং এবং উইন্ডসর। নদীর নামের উৎপত্তি ঘটেছে টেম্‌স উপত্যকা থেকে। এই উপত্যকাটি অক্সফোর্ড, পশ্চিম লন্ডন এবং টেম্‌স গেটওয়ের মধ্যবর্তী স্থানে অবস্থিত। এই উপত্যকাকে কেন্দ্র করেই টেম্‌স নদী প্রবাহিত হয়েছে।

38. অস্ট্রেলিয়ার জাতীয় প্রতীক কী?
a) ঈগল b) কিউই
c) ক্যাঙ্গারু d) পেঙ্গুইন **ans. C**

Solution: অস্ট্রেলিয়ার জাতীয় প্রতীক ক্যাঙ্গারু। স্পেনের জাতীয় প্রতীক ঈগল এবং নিউজিল্যান্ডের জাতীয় পাখি কিউই।

39. ডোনাল্ড ট্রাম্প যুক্তরাষ্ট্রের অভিশংসনের মুখোমুখি হওয়া কততম প্রেসিডেন্ট?
a) প্রথম b) দ্বিতীয়
c) তৃতীয় d) চতুর্থ **ans. C**

Solution: ৪৫তম মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ১৯ ডিসেম্বর, ২০১৯ সালে অভিশংসনের মুখোমুখি হওয়া তৃতীয় প্রেসিডেন্ট। এর আগে আরো দুজন মার্কিন প্রেসিডেন্ট অভিশংসনের মুখোমুখি হয়। ১৭তম প্রেসিডেন্ট অ্যান্ড্রু জনসন ১৮৬৮ সালে এবং ৪২তম প্রেসিডেন্ট বিল ক্লিনটন ১৯৯৮ সালে অভিশংসিত হন। কিন্তু সিনেটে অভিশংসনের পক্ষে দুই-তৃতীয়াংশ ভোট না পড়ায় শেষ পর্যন্ত তিন জনের কারোই ক্ষমতা ছাড়তে হয়নি।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
পদের নামঃ থানা পরিসংখ্যান; তারিখঃ ১১.০১.২০২০

01. অন্যের রচনা থেকে চুরি করাকে কি বলা হয়?
a) বেতসবৃত্তি b) পতঙ্গবৃত্তি
c) জলৌকাবৃত্তি d) কুম্ভিলকবৃত্তি **ans. D**

Solution: ব্যক্তিত্বসম্পন্ন লোকের সামনে নত হয়ে থাকা স্বভাব = বেতসবৃত্তি।
মনোরম বস্তু দেখে মুগ্ধ হয়ে আত্মবিনাশ = পতঙ্গবৃত্তি।
জলৌকা শব্দের অর্থ জোঁক। আর সেই হিসেবে জলৌকাবৃত্তি হলো জোঁক ধরে যে জীবিকা নির্বাহ করে।

02. "The Rainbow" is?
a) a poem by Wordsworth
b) a short story by Somerst Maugham
c) a novel by D.H. Lawrence
d) a verse by Coleridge **ans. C**

Solution: D. H. Lawrence এর অন্যতম উপন্যাসগুলো হলোঃ 'The Rainbow', 'Lady Chatterley's Lover', Sons and Lovers ইত্যাদি। Somerst Maugham বিখ্যাত ছোটগল্প হলো The Luncheon.

03. আন্তর্জাতিক নারী দিবস?
a) ৮ এপ্রিল b) ৮ মার্চ
c) ৭ মার্চ d) ৭ এপ্রিল **ans. B**

Solution: ১৮৫৭ খিস্টাব্দে মজুরি বৈষম্য, কর্মঘন্টা নির্দিষ্ট করা, কাজের অমানবিক পরিবেশের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে মার্কিন যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের রাস্তায় নেমেছিল সুতা কারখানার নারী শ্রমিকেরা। সেই মিছিলে চলে সরকার লাঠিয়াল বাহিনীর দমন-পীড়ন। ১৯০৯ সালের ২৮ ফেব্রুয়ারি নিউইয়র্কের সোশ্যাল ডেমোক্র্যাট নারী সংগঠনের পক্ষ থেকে আয়োজিত নারী সমাবেশে জার্মান সমাজতান্ত্রিক নেত্রী ক্লারা জেটকিনের নেতৃত্বে সর্বপ্রথম আর্ন্তজাতিক নারী সম্মেলন অনুষ্ঠিত হয়। ক্লারা ছিলেন একজন জার্মান রাজনীতিবিদ, জার্মান কমিউনিস্ট পার্টির স্থপতিদের একজন। বাংলাদেশেও ১৯৭১ সালে স্বাধীনতা লাভের পূর্ব থেকেই এই দিবসটি পালিত হতে থাকে। অতঃপর ১৯৭৫ সালে ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস হিসেবে স্বীকৃতি প্রদান করা হয়।

04. ১৯৭২ সালের ৪ নভেম্বর স্বাধীন বাংলাদেশের সংবিধানের খসড়া গৃহীত হয়?
a) জাতীয় পরিসষদে b) জাতীয় সংসদে
c) গণপরিষদে d) সুপ্রীম কোর্টে **ans. C**

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

Solution: ড. কামাল হোসেনের নেতৃত্বে ৩৪ সদস্যসংখ্যা বিশিষ্ট কমিটি গঠন করে। এই কমিটি ১৯৭২ সালের ১১ অক্টোবরের মধ্যে খসড়া সংবিধান প্রণয়ন কাজ শেষ করে। দীর্ঘ সময় ধরে আলাপ-আলোচনার পর ১৯৭২ এর ৪ নভেম্বর সংবিধান বিল গণপরিষদে পাস হয়। আর ১৯৭২ সালের ১৬ ডিসেম্বর প্রথম বিজয় দিবসে সংবিধান কার্যকর হয়। ৪ নভেম্বর সংবিধান দিবস পালিত হয়।

06. বাংলাদেশের স্বাধীনতার ইশতেহার ঘোষণা করা হয় ১৯৭১ এর?

a) ২ মার্চ
b) ৪ মার্চ
c) ৭ মার্চ
d) ৩ মার্চ

ans. D

Solution: বাংলাদেশের স্বাধীনতার ইশতেহার ঘোষণা করা হয় ১৯৭১ সালের ৩ মার্চ। সারা বাংলাদেশে ছড়িয়ে পড়েছিলো আন্দোলন। এদিন বঙ্গবন্ধুর নির্দেশে ও উপস্থিতিতে স্বাধীন বাংলা কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের উদ্যোগে পল্টন ময়দানে আয়োজিত জনসভায় স্বাধীনতার ইশতেহার পাঠ, জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সঙ্গীত পরিবেশিত হয়।

ছাত্রলীগ সভাপতি নূরে আলম সিদ্দিকীর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় সাধারণ সম্পাদক শাহজাহান সিরাজ স্বাধীনতার ইশতেহার পাঠ করেন। ইশতেহারে বলা হয়, ৫৪ হাজার ৫০৬ বর্গমাইল বিস্তৃত ভৌগোলিক এলাকার ৭ কোটি মানুষের আবাসিক ভূমি হিসেবে স্বাধীন ও সার্বভৌম এ রাষ্ট্রের নাম 'বাংলাদেশ'। স্বাধীন সার্বভৌম বাংলাদেশের জাতীয় সংগীত হিসেবে গৃহীত হয় রবীন্দ্রনাথ ঠাকুরের 'আমার সোনার বাংলা আমি তোমায় ভালোবাসি' সংগীতটি। পাকিস্তানি পতাকার বদলে বাংলাদেশের জাতীয় পতাকা ব্যবহার ও উত্তোলনের নির্দেশনা দেয়া হয়। বঙ্গবন্ধুকে স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশের সর্বাধিনায়ক ঘোষণা করা হয়। 'জয় বাংলা' নির্ধারিত হয় বাংলাদেশের জাতীয় স্লোগান হিসেবে।

06. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতিসংঘের কখন বাংলায় ভাষণ দিয়েছিলেন?

a) ২৫ সেপ্টেম্বর ১৯৭৪
b) ২৪ সেপ্টেম্বর ১৯৭৪
c) ২৩ সেপ্টেম্বর ১৯৭৪
d) ২২ সেপ্টেম্বর ১৯৭৪

ans. A

Solution: বঙ্গবন্ধু ১৯৭৪ সালের ২৫ সেপ্টেম্বর জাতিসংঘের সাধারণ পরিষদের ২৯তম অধিবেশনে প্রথমবারের মতো আমাদের মাতৃভাষা বাংলায় ভাষণ দেন। আন্তর্জাতিক পর্যায়ে বাংলা ভাষা লাভ করে নতুন মর্যাদা।

07. UNHCR এর সদর দপ্তর কোথায়?

a) নিউইয়র্ক
b) রোম
c) জেনেভা
d) লন্ডন

ans. C

Solution: UNHCR এর সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভা শহরে অবস্থিত। উল্লেখ্য, UNHCR হলো United Nations High Commissioner for Refugees বা জাতিসংঘ শরণার্থী বিষয়ক হাইকমিশন। সংস্থাটি ১৪ ডিসেম্বর ১৯৫০ সালে প্রতিষ্ঠিত হয়। এর প্রধানকে বলা হয় হাইকমিশনার। বিভিন্ন দেশের শরণার্থীদের নিয়ে কাজ করে UNHCR. এটি ১৯৫০ সালের ১৪ ডিসেম্বর প্রতিষ্ঠিত হয়। এটি ১৯৫৪ সালে এবং ১৯৮১ সালে দুইবার শান্তিতে নোবেল পুরস্কার লাভ করে।

08. ডেঙ্গু জ্বরের বাহক কোন মশা?

a) অ্যানোফিলিস মশা
b) এডিস মশা
c) কিউলেক্স মশা
d) কোনটি নয়

ans. B

Solution: ডেঙ্গু, জিকা ভাইরাস, ইয়েলো ফিভার ভাইরাস ও চিকনগুনিয়া জ্বরের জীবাণু বহন করে এডিস মশা। উল্লেখ্য, অ্যানোফিলিস মশা ম্যালেরিয়া আর কিউলেক্স ফাইলেরিয়া রোগের জীবাণু ছড়ায়।

09. বাংলাদেশের জাতীয় পতাকার ডিজাইনার কে?

a) জয়নুল আবেদীন
b) হামিদুর রহমান
c) কামরুল হাসান
d) হাশেম খান

ans. C

Solution: এক নজরে জাতীয় পতাকাঃ

পতাকার রং	গাঢ় সবুজের মাঝে লালবৃত্ত
ডিজাইনার	কামরুল হাসান
নকশা প্রথম তৈরী করেন	শিবনারায়ণ দাস (১৯৭০ সাল ৬ জুন)
সরকারি ভাবে গৃহীত হয়	১৭ জানুয়ারি ১৯৭২ সালে
পতাকার অনুপাত	১০ ঃ ৬ অথবা ৫ ঃ ৩
প্রথম উত্তোলন	২ মার্চ, ১৯৭১ সালে
প্রথম উত্তোলন করেন	আ. স. ম. আব্দুর রব, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বটতলায়

10. "মুক্তির গান" চলচ্চিত্র কে পরিচালনা করেছেন?

a) জহির রায়হান
b) আলমগীর কবির
c) গীতা মেহতা
d) তারেক মাসুদ

ans. D

Solution: তারেক মাসুদের কিছু উল্লেখযোগ্য চলচ্চিত্রঃ সোনার বেড়ি (১৯৮৫); আদম সুর (১৯৮৯), ইউনিসন (১৯৯৪); মুক্তির গান (১৯৯৫); মুক্তির কথা (১৯৯৬); ভয়েসেস অব চিলড্রেন (১৯৯৭); ইন দ্য নেম অব সেফটি (১৯৮৯); নারীর কথা (২০০০); মাটির ময়না (২০০২); এ কাইন্ড অব চাইল্ডহুড (২০০২); অন্তর্যাত্রা (২০০৬); রানওয়ে (২০১০); কাগজের ফুল (নির্মাণ করার পরিকল্পনা ছিল)।

11. বর্তমানে বাংলাদেশের মাথাপিছু আয় কত?

a) ২০০০ মার্কিন ডলার
b) ১৯০৯ মার্কিন ডলার
c) ১৯৫২ মার্কিন ডলার
d) ১৯১৯ মার্কিন ডলার

ans. Note

Solution: ২০১৯-২০ অর্থবছরের হিসেব অনুযায়ী বর্তমানে বাংলাদেশের মাথাপিছু আয় হলো ২,০৬৪ মার্কিন ডলার।

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

12. বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ মহাকাশে কত তারিখে উৎক্ষেপণ করা হয়?
a) ১২ মে ২০১৮ b) ১৪ মে ২০১৮
c) ০৮ মে ২০১৮ d) ২১ মে ২০১৮ **ans. A**

Solution: বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ (BS-1) বাংলাদেশের প্রথম ভূস্থির যোগাযোগ উপগ্রহ। কেনেডি স্পেস সেন্টার থেকে ১১ মে ২০১৮, বাংলাদেশ মান সময় ১২ মে রাত ০২:১৪-তে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণ করা হয়। এই প্রকল্পটি ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন কর্তৃক বাস্তবায়িত হয় এবং এটি ফ্যালকন ৯ বক ৫ রকেটের প্রথম পেলোড উৎক্ষেপণ ছিল।

13. বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কত সালে প্রতিষ্ঠিত হয়?
a) ১৯৭২ b) ১৯৭৪
c) ১৯৭৯ d) ১৯৭৭ **ans. B**

Solution: বাংলাদেশের স্বাধীনতার পূর্বেও পরিসংখ্যান ব্যবস্থা চালু ছিল, কিন্তু সেগুলোর পরিসংখ্যানে প্রায়ই ভুল-ত্রুটি পরিলক্ষিত হত। এর পরিপ্রেক্ষিতে ১৯৭৪ সালের আগস্ট মাসে পূর্ববর্তী বৃহত্তর চারটি পরিসংখ্যান সংস্থার (পরিসংখ্যান ব্যুরো, কৃষি পরিসংখ্যান ব্যুরো, কৃষি শুমারি কমিশন এবং আদমশুমারি কমিশন) অবলুপ্তি ঘটিয়ে 'বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো' প্রতিষ্ঠা করা হয়।

14. অলিম্পিক ২০২০ এর স্বাগতিক দেশ কোনটি?
a) ব্রাজিল b) চীন
c) জাপান d) অস্ট্রেলিয়া **ans. C**

Solution: ২০২০ সালের ৪ জুলাই থেকে ৯ আগস্ট জাপানের টোকিওতে গ্রীষ্মকালীন অলিম্পিকের ৩২তম আসর অনুষ্ঠিত হবে।

15. সুন্দরবনকে World Heritage ঘোষণা করেছে?
a) UNDP b) ILO
c) UNICEF d) UNESCO **ans. D**

Solution: UNESCO ঘোষিত বাংলাদেশের World heritage এর তিনটি স্থান হলোঃ ০১. ষাট গম্বুজ মসজিদ (১৯৮৫); ০২. পাহাড়পুরের বৌদ্ধ বিহার (১৯৯৭); ০৩. সুন্দরবন (১৯৮৫)।

16. গম্ভীরা কোন অঞ্চলের সঙ্গীত?
a) বগুড়া b) সিলেট
c) রাজশাহী d) চট্টগ্রাম **ans. C**

Solution: গম্ভীরা বাংলাদেশের রাজশাহী (চাঁপাইনবাবগঞ্জ) অঞ্চলের লোক সাহিত্য। উল্লেখ্য, ভাটিয়ালী ময়মনসিংহ ও সিলেট অঞ্চলের গান। চটকা ও ভাওয়াইয়া রংপুর অঞ্চলের গান।

17. বাংলাদেশের মুক্তিযুদ্ধে নৌ কমান্ডো সেক্টর?
a) সেক্টর ১ b) সেক্টর ২
c) সেক্টর ১০ d) সেক্টর ১১ **ans. C**

Solution: মুক্তিযুদ্ধের সময় ১০নং সেক্টর নৌ-বাহিনী অধীনে ছিলো। এই সেক্টরের কোন নিয়মিত কমান্ডার ছিল না।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
পদের নামঃ পরিসংখ্যান সহকারী; তারিখঃ ১৭.০১.২০২০

01. Who wrote the book 'The waste land'?
a) T.S. Elliot b) George Elliot
c) George Orwell d) G.B. Shaw **ans. A**

Solution: 'The Waste Land' হলো T.S Eliot এর একটি বিখ্যাত কবিতা। বিংশ শতাব্দীর অন্যতম গুরুত্বপূর্ণ কবিতা এবং আধুনিকতাবাদী কবিতার একটি কেন্দ্রীয় কাজ হিসাবে ব্যাপকভাবে বিবেচিত। ১৯২২ সালে প্রকাশিত ৪৩৪ লাইনের কবিতাটি প্রথমবারের মতো 'The Criterion' অক্টোবরে এবং যুক্তরাষ্ট্রে নভেম্বরের 'The Dial' সংখ্যায় যুক্ত হয়েছিল। এই কবিতাটি ১৯২২ সালের ডিসেম্বরে বই আকারে প্রকাশিত হয়েছিল।

02. 'David Copperfield' is a/an ____ novel.
a) Victorian b) Elizabethan
c) Romantic d) Modern **ans. A**

Solution: Victorian যুগের সবচেয়ে প্রতিভাবান ও জনপ্রিয় ঔপন্যাসিক Charles Dicknes এর একটি ছোট উপন্যাস হলো 'A Christmas Carol'. তাঁর রচিত কিছু বিখ্যাত উপন্যাসগুলো হলোঃ 'Great Expectations' (তার রচিত সবচাইতে জনপ্রিয় উপন্যাস), The Adventures of Oliver Twist (এটি একটি বালকের দুর্বিষহ জীবন কাহিনী), The Old Curiosity Shop, David Copperfield (এটি আত্মজীবনীমূলক; সৎ বাবার নির্মম নির্যাতনের কাহিনী), A Tale of Two Cities (এই উপন্যাসটি লেখা হয়েছে যে দুটি শহরের কাহিনী নিয়ে। সেগুলোর নাম হচ্ছে লন্ডন এবং প্যারিস; ফরাসি বিপবের প্রেক্ষিতে লেখা)।

03. BIMSTEC ভুক্ত দেশ নয়?
a) বাংলাদেশ b) ভারত
c) পাকিস্তান d) শ্রীলংকা **ans. C**

Solution: BIMSTEC এর সদস্য দেশগুলো হলোঃ বাংলাদেশ, ভারত, শ্রীলংকা, থাইল্যান্ড, মিয়ানমার, নেপাল এবং ভুটান। উল্লেখ্য, BIMSTEC এর পূর্ণরূপ হলো Bay of Bengal Initiative for Multi-Sectoral Technical and Economic Co-operation. BIMSTEC গঠনের লক্ষ্যে প্রথম বৈঠক ৬

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

জুন ১৯৯৭ সালে ব্যাংকক, থাইল্যান্ডে অনুষ্ঠিত হয়। আর BIMSTEC এর প্রথম মহাসচিব হলেন সুমিথ নাকানদাল, শ্রীলংকা (নিয়োগ ৪ মার্চ ২০১৪ সালে)।

06. ৭ মার্চের ভাষণে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কয় দফা দাবি পেশ করেন?

a) ৬ দফা b) ৪ দফা
c) ১১ দফা d) ৭ দফা

ans. B

Solution: ৭ মার্চের ভাষণে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৪ দফা দাবি পেশ করেন। এগুলো হলোঃ (১) চলমান সামরিক আইন প্রত্যাহার; (২) সৈন্যদের ব্যারাকে ফিরিয়ে নেওয়া; (৩) গণহত্যার তদন্ত করা এবং (৪) নির্বাচিত প্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তর করা।

07. মহাকাশে স্যাটেলাইট প্রেরণকারী দেশ হিসেবে বাংলাদেশের অবস্থান কত?

a) ৫৭ b) ৪০
c) ৪৭ d) ৩৭

ans. A

Solution: বঙ্গবন্ধু-১ বাংলাদেশের একটি কৃত্রিম উপগ্রহের নাম। বাংলাদেশ ৫৭তম দেশ হিসেবে কৃত্রিম উপগ্রহ উৎক্ষেপণ করে। এটি যুক্তরাষ্ট্রের স্পেস এক্স কর্তৃক উৎক্ষেপণ করা হয়।

08. স্বাধীনতা যুদ্ধে অবদান রাখার জন্য কতজন মহিলাকে বীরপ্রতীক উপাধি দেওয়া হয়?

a) ৭ জন b) ৬ জন
c) ২ জন d) ৫ জন

ans. C

Solution: মুক্তিযুদ্ধে অসামান্য অবদান রাখার জন্য দুইজন মহিলাকে 'বীরপ্রতীক' খেতাব প্রদান করা হয়। তাঁরা হলেন - মুক্তিযোদ্ধা তারামন বিবি ও মুক্তিযোদ্ধা সেতারা বানু। মুক্তিযোদ্ধা তারামন বিবি ১১নং সেক্টরে যুদ্ধ করেন।

07. ইউরোপীয় ইউনিয়নের সদর দপ্তর কোথায়?

a) কোপেনহেগেন b) লন্ডন
c) রোম d) ব্রাসেলস

ans. D

Solution: European Union এর সদর দপ্তর ব্রাসেলস, বেলজিয়ামে অবস্থিত। উল্লেখ্য, ১ জানুয়ারি ১৯৫৮ (২৫ মার্চ ১৯৫৭ সালে স্বাক্ষরিত রোম চুক্তির মাধ্যমে) ইউরোপীয় ইউনিয়নের প্রতিষ্ঠা হয়। ইউরোপীয় ইউনিয়নের নামকরণ করা হয় ১ নভেম্বর ১৯৯৩ সালে। এর অফিসিয়াল ভাষা ২৩টি আর পতাকায় তারকার সংখ্যা ১২টি। এর লক্ষ্য ও উদ্দেশ্য হলো 'পারস্পরিক স্বার্থে শুল্ক হার হ্রাসের মাধ্যমে দেশসমূহের উৎপাদিত পণ্যের সুলভ ও সাধারণ বাজার প্রতিষ্ঠা করা'।

08. সতীদাহ প্রথা কে বিলুপ্ত করেন?

a) লর্ড বেন্টিংক b) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
c) রাজা রামমোহন রায় d) হান্টার

ans. A

Solution: লর্ড বেন্টিংক ১৮২৯ খ্রিস্টাব্দে আইন করে সতীদাহ প্রথা রহিত করেন। উল্লেখ্য, লর্ড ক্যানিং উপমহাদেশে প্রথম কাগজের মুদ্রা চালু করেন ১৮৫৭ সালে।

09. ময়নামতিতে কোন সভ্যতার নিদর্শন পাওয়া যায়?

a) পুণ্ড্র সভ্যতার b) মৌর্য সভ্যতার
c) বৌদ্ধ সভ্যতার d) কোনটিই নয় **ans. C**

Solution: ময়নামতি বাংলাদেশের কুমিলায় অবস্থিত একটি ঐতিহাসিক স্থান। লালমাই অঞ্চলের প্রাচীনতম সভ্যতার নিদর্শন হলো ময়নামতি প্রত্নস্থল। এটি মূলত প্রাচীন নগরী ও বৌদ্ধ বিহারের ধ্বংসস্তূপের অবশিষ্টাংশ।

10. কোন তারিখে আনুষ্ঠানিকভাবে স্বাধীন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের ঘোষণা দেওয়া হয়েছিলো?

a) ১৭ এপ্রিল ১৯৭১ b) ১০ এপ্রিল ১৯৭১
c) ১০ জানুয়ারি ১৯৭১ d) ২৬ মার্চ ১৯৭১ **ans. B**

Solution: ১৯৭১ সালের ২৫ মার্চ রাত ১২টার পর অর্থাৎ ২৬ মার্চ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন। স্বাধীনতার ঘোষণাপত্র আনুষ্ঠানিকভাবে জারি করা হয় ১৯৭১ সালের ১০ এপ্রিল এবং ১৭ এপ্রিল ১৯৭১ সালে স্বাধীনতার ঘোষণাপত্র গৃহীত হয়।

11. নিচের কোনটি ইনপুট ডিভাইস?

a) মনিটর b) প্রিন্টার
c) সিপিইউ d) কিবোর্ড **ans. D**

Solution: **Input Device:** Keyboard, Mouse, Joy-Stick, Light pen, Scanner, Graphics Tablet, Microphone, Magnetic Ink Character Reader (MICR), Optical Character Reader (OCR), Bar Code Reader, Optical Mark Reader (OMR) ইত্যাদি। আর **Output Device:** Monitor, Graphic Plotter, Printer, Speaker, Projector ইত্যাদি।

12. ক্যালিফোর্নিয়া অঙ্গরাজ্যের 'Big one' বলতে বুঝায়-

a) চূড়ান্ত ভূমিকম্প b) শেয়ার বাজারের পতন
c) বাৎসরিক মোটর চালানো উৎসব
d) আনবিক যুদ্ধ **ans. A**

Solution: ক্যালিফোর্নিয়া অঙ্গরাজ্যে (Big one) বলতে বোঝায় চূড়ান্ত ভূমিকম্প।

13. 'বুজুমবুরা' কোন দেশের রাজধানী?

a) রুয়ান্ডা b) বুরুন্ডি
c) জাপান d) হাইতি **ans. B**

Solution: 'বুজুমবুরা' হলো 'বুরুন্ডি' দেশের রাজধানী। কিন্তু 'রুরুন্ডি' দেশের বর্তমান রাজধানী হলো 'জিতেগা'। আর রুয়ান্ডার রাজধানী হলো কিগালি; জাপানের রাজধানী হলো টোকিও এবং হাইতির রাজধানী হলো পোর্ট অব প্রিন্স।

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

14. ২০২২ সালে ফিফা বিশ্বকাপ কোথায় হবে?
a) দুবাই b) আবুধাবি
c) রিয়াদ d) দোহা **ans. D**

Solution: ২০২২ সালে ২২তম ফুটবল বিশ্বকাপ অনুষ্ঠিত হবে আরব দেশ কাতারের রাজধানী দোহায়। আর ২০২৬ সালে ২৩তম ফুটবল বিশ্বকাপ অনুষ্ঠিত হবে যৌথভাবে আমেরিকা, মেক্সিকো এবং কানাডায়।

15. পানামা খাল কোন মহাসাগরকে যুক্ত করেছে?
a) আটলান্টিক ও ভারত মহাসাগর
b) প্রশান্ত ও উত্তর মহাসাগর
c) আটলান্টিক ও প্রশান্ত মহাসাগর
d) ভারত ও প্রশান্ত মহাসাগর **ans. C**

Solution: পানামা খাল জাহাজ চলাচলের জন্য পানামা প্রজাতন্ত্রের ইস্থমাসে নির্মিত একটি খাল যা আটলান্টিক ও প্রশান্ত মহাসাগরকে যুক্ত করেছে। ইস্থমাস বলতে দুটো বড় ভূখণ্ডকে সংযোগকারী সরু ভূমিকে বোঝায় যার অন্য দুই পাশে সাধারণত পানি থাকে। পানামার ইস্থমাস উত্তর ও দক্ষিণ আমেরিকা মহাদেশকে যুক্ত করে এবং আটলান্টিক ও প্রশান্ত মহাসাগরকে আলাদা করে রাখে। এই খালটি তাই এক অর্থে মহাদেশ দুটিকে আলাদা করে এবং মহাসাগর দুটিকে যুক্ত করেছে। আর এই খালটি প্রথম ব্যবহার করা হয় ১৫ আগস্ট ১৯১৪ সালে।

16. চীন আবিষ্কার করেন-
a) উইলিয়াম হার্সেল b) মার্কোপোলো
c) লিভিংস্টোন d) গ্যালিলিও **ans. B**

Solution: মার্কোপোলো হলেন একজন ভেনিস পর্যটক ও বণিক। পশ্চিমাদের মধ্যে সর্বপ্রথম তিনি 'সিল্ক রোড' পাড়ি দিয়ে চীন দেশে আসেন। তখন ইউরোপীয়দের কাছে চীনের নাম ছিল 'ক্যাথে'। মার্কোপোলের ভ্রমণ সংক্রান্ত বইটির নাম হলো 'লিভ্রে দেস মানভেলেস দ্যু মণ্ডে' (বিস্ময়কর পৃথিবীর বর্ণনা)। এই বইয়ের মাধ্যমে তিনি সমগ্র ইউরোপের কাছে এশিয়া ও চীনকে পরিচয় করিয়ে দেন।

17. মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ উদ্যোগ কয়টি?
a) ৭ b) ৮
c) ৯ d) ১০ **ans. D**

Solution: মাননীয় প্রধানমন্ত্রীর দশটি বিশেষ উদ্যোগ হলোঃ একটি বাড়ি একটি খামার; আশ্রয়ণ প্রকল্প; ডিজিটাল বাংলাদেশ; শিক্ষা সহায়তা কর্মসূচি; নারীর ক্ষমতায়ন; ঘরে ঘরে বিদ্যুৎ; কমিউনিটি ক্লিনিক ও মানসিক স্বাস্থ্য; সামাজিক নিরাপত্তা কর্মসূচি; বিনিয়োগ বিকাশ; পরিবেশ সুরক্ষা।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

পদের নামঃ ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর; তারিখঃ ১৭.০১.২০২০

01. 'ইন্টারনেট প্রথম চালু হয়
a) ১৯৬৯ সালে b) ১৯৭০ সালে
c) ১৯৬৮ সালে d) ১৯৮১ সালে **ans. A**

Solution: টেলিযোগাযোগ প্রযুক্তিকে ব্যবহার করে কম্পিউটার থেকে কম্পিউটারে তথ্য আদান-প্রদানের প্রযুক্তিকে ইন্টারনেট বলা হয়। ইন্টারনেট এর শব্দগত বিশেষণ করলে তাকে International Network এর সংক্ষিপ্ত রূপ হিসেবে পাওয়া যায়। ইন্টারনেটের ব্যাপক ব্যবহার ১৯৯০ সাল থেকে শুরু হলেও এর প্রকৃত যাত্রা আরম্ভ হয় ১৯৬৯ সাল থেকে। যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা দপ্তর সে বছর Advance Research Projects Agency Network (ARPAnet) চালু করে। এটি কম্পিউটার নেটওয়ার্ক জগতে মানুষের প্রথম পদক্ষেপ। উল্লেখ্য, বাংলাদেশে প্রথম ইন্টারনেট চালু হয় ১৯৯৬ সালে।

02. 'অপরাজেয় বাংলা' ভাস্কর্যটি কে নির্মাণ করেন?
a) হামিদুর রহমান b) মোস্তফা মনোয়ার
c) সৈয়দ আব্দুল্লাহ খালিদ d) শামীম সিকদার **ans. C**

Solution:

স্থাপত্য	স্থপতি	স্থান
অপরাজেয় বাংলা	সৈয়দ আব্দুল্লাহ খালিদ	ঢাকা বিশ্ববিদ্যালয় (কলাভবন)
স্বোপার্জিত স্বাধীনতা	শামীম সিকদার	ঢাকা বিশ্ববিদ্যালয় (TSC)
কেন্দ্রীয় শহীদ মিনার	হামিদুর রহমান	ঢাকা মেডিকেল কলেজ প্রাঙ্গণ

03. ১৯৭১ সালের ৭ মার্চ বঙ্গবন্ধু কোথায় ভাষণ দিয়েছিলেন?
a) প্রেসিডেন্ট ভবনে b) পার্লামেন্ট ভবনে
c) রেসকোর্স ময়দানে d) রমনা পার্কে **ans. C**

Solution: ১৯৭১ সালের ৭ই মার্চ তারিখে ঢাকার রেসকোর্স ময়দানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐতিহাসিক ভাষণ দেন। উল্লেখ্য, ৩০ অক্টোবর ২০১৭ সালে ইউনেস্কো কর্তৃক ঐতিহাসিক দলিল হিসেবে স্বীকৃতি পায় ভাষণটি। ভাষণটি ১৮ মিনিট দীর্ঘ ছিলো।

04. আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ঘোষণা করা হয় কোন সালে?
a) ১৯৯৭ b) ১৯৯৮
c) ১৯৯৯ d) ২০০০ **ans. C**

Solution: ইউনেস্কো ১৯৯৯ সালের ১৭ নভেম্বর ২১ ফেব্রুয়ারিকে আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস ঘোষণা করে। এটি ছিল ইউনেস্কোর ৩০তম সাধারণ অধিবেশন। প্রথম আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয় ২০০০ সালে ১৮৮টি দেশে।

05. Oracle Corporation এর প্রতিষ্ঠাতা কে?
a) Bill Gates b) Andrew S grove
c) Lawrence J. Ellison d) Tim Cook **ans. C**

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark Wondershare PDFelement

Solution: Oracle Corporation এর প্রতিষ্ঠাতা হলেন Lawrence J. Ellison. উল্লেখ্য, ওরাকল কর্পোরেশন হল মার্কিন যুক্তরাষ্ট্রের একটি বহুজাতিক কম্পিউটার প্রযুক্তি কর্পোরেশন যার সদর দফতর ক্যালিফোর্নিয়ার রেডউড সিটিতে অবস্থিত। কোম্পানিটি কম্পিউটার হার্ডওয়্যার সিস্টেম এবং এন্টারপ্রাইজ সফটওয়্যার পণ্যে গারদর্শী, বিশেষভাবে এর নিজস্ব ডাটাবেস ম্যানেজমেন্ট সিস্টেমের ব্রান্ডে।

৬. সোস্যাল নেটওয়ার্কিং সাইট Twitter কত সালে চালু হয়?

a) ২০০৪ b) ২০০৩
c) ২০০৬ d) ২০০৮ **ans. C**

Solution: সোস্যাল নেটওয়ার্কিং সাইট Twitter ২১ মার্চ ২০০৬ সালে চালু হয়। টুইটারের মূল কার্যালয় মার্কিন যুক্তরাষ্ট্রের সানফ্রান্সিসকো শহরে অবস্থিত। এর প্রতিষ্ঠাতা হলেন জ্যাক র্সি। উল্লেখ্য, ফেসবুক ২০০৪ সালে চালু হয়।

৭. নিচের কোনটি সঠিক?

a) ১ KB = ১০২৪ বাইট b) ১ MB = ১০২৪ বাইট
c) ১ KB = ১০০০ বাইট d) ১ MB = ১০০০ বাইট **ans. A**

Solution: 1 Kilo Byte (KB) = 2^{10} (Byte) বা 1,024 Byte.
1 Mega Byte (MB) = 2^{20} (Byte) বা 1,024 Kilo Byte.
1 Giga Byte (GB) = 2^{30} (Byte) বা 1,024 Mega Byte.
1 Tera Byte (TB) = 2^{40} (Byte) বা 1,024 Giga Byte.
1 Peta Byte (PB) = 2^{50} (Byte) বা 1,024 Tera Byte.
1 Exa Byte (EB) = 2^{60} (Byte) বা 1,024 Peta Byte.
1 Zetta Byte (ZB) = 2^{70} (Byte) বা 1,024 Exa Byte.
1 Yotta Byte (YB) = 2^{80} (Byte) বা 1,024 Zetta Byte.
1 Bronot Byte (BB) = 2^{90} (Byte) বা 1,024 Yotta Byte.
1 Geop Byte = 2^{100} (Byte) বা 1,024 Bronot Byte.

৮. বাংলাদেশের সর্বশেষ বিভাগের নাম কী?

a) ময়মনসিংহ b) রংপুর
c) সিলেট d) বরিশাল **ans. A**

Solution: ১৪ সেপ্টেম্বর ২০১৫ সালে সরকার ময়মনসিংহ, জামালপুর, শেরপুর এবং নেত্রকোণা এই চার জেলা নিয়ে ময়মনসিংহ বিভাগ গঠন করে। উল্লেখ্য, ফরিদপুরকে সদর দপ্তর করে 'পদ্মা' নামে দেশের নবম বিভাগ হয় এবং প্রস্তাবিত ১৩তম সিটি কর্পোরেশন।

৯. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতির শপথ বাক্য পাঠ করান কে?

a) প্রধান বিচারপতি
b) আপিল বিভাগের জ্যেষ্ঠ বিচারপতি
c) প্রধানমন্ত্রী
d) স্পিকার **ans. D**

Solution: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতির শপথ বাক্য পাঠ করান স্পিকার (সংবিধানের পঞ্চদশ সংশোধনীর পূর্বে ছিল প্রধান বিচারপতি)।

10. ভূমিকম্প নির্ণায়ক যন্ত্রের নাম কী?

a) ব্যারোমিটার b) ন্যানোমিটার
c) ট্যাকোমিটার d) সিসমোগ্রাফ **ans. D**

Solution: সিসমোগ্রাফ = ভূকম্পন তরঙ্গ নির্ণায়ক যন্ত্র। উল্লেখ্য, ব্যারোমিটার = বায়ুমণ্ডলের (আবহাওয়া) চাপ নির্ণায়ক যন্ত্র। ট্যাকোমিটার = বিমানের গতি নির্ণায়ক যন্ত্র। অডিওমিটার = শব্দের তীব্রতা নির্ণায়ক যন্ত্র।

11. 'ইয়ং বেঙ্গল' কী?

a) বাংলা ভাষা শিক্ষার্থী ইংরেজ
b) ইংরেজি ভাবধারা পুষ্ট বাঙালী যুবক
c) একটি সাহিত্যিক গোষ্ঠীর নাম
d) একটি সাময়িক পত্রের নাম **ans. B**

Solution: ১৮৩১ সালে প্রতিষ্ঠিত ইয়ং বেঙ্গল হল ডিরোজিওর শিষ্য ইংরেজি ভাবধারা পুষ্ট বাঙালী যুবক। তাঁদের যুক্তি ছিল আগে থেকেই কোন কিছু গ্রহণ না করা তা ভালো হোক আর মন্দ হোক। তাদের মুখপাত্র ছিল জ্ঞানান্বেষণ নামক একটি পত্রিকা।

12. লাল আলোতে নীল রঙের বস্তু কেমন দেখায়?

a) বেগুনী b) সবুজ
c) হলুদ d) কালো **ans. D**

Solution: কোনো নির্দিষ্ট রঙের বস্তু শুধু ঐ নির্দিষ্ট রঙের আলোকে রশ্মিই প্রতিফলিত করে এবং বাকি সব রঙের আলোক রশ্মিই শোষণ করে নেয়। আমরা জানি, সাদা আলো হচ্ছে সাতটি ভিন্ন ভিন্ন রঙের আলোক রশ্মির মধ্য থেকে শুধু নীল আলোক রশ্মিই শোষণ করে নেয়। বস্তুটি থেকে নীল আলোক রশ্মি প্রতিফলিত হয়ে আমাদের চোখে আসার কারণে আমরা একে নীল দেখি। কিন্তু নীল রঙের বস্তুর ওপর লাল আলোক রশ্মি আপতিত হলে বস্তুটি আলোই আর প্রতিফলিত করে না। এজন্য লাল আলোতে নীল রঙের বস্তু কালো দেখায়।

13. বিশ্বকাপ ফুটবল ২০১৮ এর চ্যাম্পিয়ন কোন দেশ?

a) ক্রোয়েশিয়া b) ফ্রান্স
c) বেলজিয়াম d) ব্রাজিল **ans. B**

Solution: ২১তম বিশ্বকাপ ফুটবল ২০১৮ অনুষ্ঠিত হয় রাশিয়াতে। চ্যাম্পিয়ন: ফ্রান্স; রানার্স আপ: ক্রোয়েশিয়া। উল্লেখ্য, বিশ্বকাপ ফুটবল ২০১৮ এ গোল্ডেনবল জয়ী খেলোয়াড় হলেন লুকা মদরিচ (ক্রোয়েশিয়া)। উল্লেখ্য, গোল্ডেনবুট জয়ী খেলোয়াড় হলেন হ্যারিকেন (৬ গোল, ইংল্যান্ড) আর সেরা উদীয়মান ফুটবলার হন কিলিয়ান এমবাপ্পে (ফ্রান্স)। ২২তম বিশ্বকাপ ফুটবল ২০২২ সালে অনুষ্ঠিত হবে কাতারে।

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

14. মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের মেয়াদকাল কত?
a) ৫ বছর b) ৪ বছর
c) ৬ বছর d) ৭ বছর **ans. B**

Solution: মার্কিন যুক্তরাষ্ট্রের বিভিন্ন প্রার্থীর মেয়াদ কালঃ

কার্যালয়	প্রেসিডেন্ট	ভাইস প্রেসিডেন্ট	সিনেটর	কংগ্রেসম্যান
মেয়াদকাল	৪ বছর	৪ বছর	২ বছর	৬ বছর
মেয়াদ	২ মেয়াদ	২ মেয়াদ	অনির্ধারিত	অনির্ধারিত

15. প্রোগ্রাম থেকে কপি করা ডাটা কোথায় থাকে?
a) Terminal b) Hard disk
c) Ram d) Clipboard **ans. D**

Solution: প্রোগ্রাম থেকে কপি করা ডাটা Clipboard সংরক্ষিত থাকে।

দুর্নীতি দমন কমিশন
পদের নামঃ উপ-সহকারী পরিচালক; তারিখঃ ০৭.০২.২০২০

01. মধ্যপ্রাচ্যের কোন দেশের নারীরা প্রথমবারের মতো ভোটাধিকার লাভ করে?
a) সৌদি আরব b) জর্ডান
c) বাহরাইন d) ইরান **ans. D**

Solution: মধ্যপ্রাচ্যের ইরানের নারীরা ১৯৬৩ সালে প্রথমবারের মতো ভোটাধিকার লাভ করে। আর বিশ্বে ১৮৯৩ সালে নিউজিল্যান্ডের নারীরা প্রথম ভোটাধিকার লাভ করে।

02. বেনিন প্রজাতন্ত্রের রাজধানীর নাম কি?
a) লুয়ান্ডা b) বুজুমবুরা
c) গ্যাবোরোন d) পোর্ট-নোভো **ans. D**

Solution: বেনিন প্রজাতন্ত্রের রাজধানীর নাম পোর্ট-নোভো। উল্লেখ্য, অ্যাঙ্গোলার রাজধানী এবং বৃহত্তম শহর হলো লুয়ান্ডা। বুরুন্ডির রাজধানী হলো বুজুমবুরা। বতসোয়ানা এর রাজধানী হলো গ্যাবোরোন।

03. হাইপারসনিক ক্ষেপণাস্ত্র Avangard কোন দেশের তৈরি?
a) রাশিয়া b) চীন
c) জাপান d) উত্তর কোরিয়া **ans. A**

04. বর্তমান বিশ্বের সর্বকনিষ্ঠ সরকারপ্রধান কে?
a) জেসিন্দা আর্ডেন b) সেবাস্তিয়ান কুর্জ
c) ওলেসি হংচারুক d) সানা ম্যারিন **ans. B**

Solution: বর্তমান বিশ্বের সর্বকনিষ্ঠ সরকারপ্রধান হলেন অস্ট্রিয়ার পিপলস পার্টির নেতা সেবাস্তিয়ান কুর্জ।

05. জাপানের আইন সভার নাম কি?
a) সিনেট b) কংগ্রেস
c) ডায়েট d) নেসেট **ans. C**

Solution: জাপানের আইন সভার নাম ডায়েট। ইসরাইলের আইনসভার নাম নেসেট। আর যুক্তরাষ্ট্রের আইনসভার নাম কংগ্রেস।

06. ২০১৯ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন কে?
a) আবি আহমেদ আলী b) ডেনিস মুকওয়েগি
c) নদিয়া মুরাদ d) শেখ হাসিনা **ans. A**

Solution: সংঘাত এবং যুদ্ধকবলিত এলাকাগুলোতে ক্ষুধা নিরসনে অবদান রাখার স্বীকৃতিস্বরূপ ২০২০ সালে শান্তিতে নোবেল পুরস্কার পেয়েছে জাতিসংঘের অঙ্গ সংস্থা 'বিশ্ব খাদ্য কর্মসূচি' বা 'World Food Programme' (WFP).

07. নিচের কোনটি বিশ্বের সবচেয়ে বড় অর্থনৈতিক জোট?
a) IFAD b) WHO
c) WTO d) NATO **ans. C**

Solution: বিশ্বের সবচেয়ে বড় অর্থনৈতিক ও বাণিজ্যিক জোট হলো WTO যার পূর্ণরূপ হলো World Trade Organization. উল্লেখ্য, IFAD পূর্ণরূপ হলো International Fund for Agricultural Development. WHO পূর্ণরূপ হলো World Health Organization (বিশ্ব স্বাস্থ্য সংস্থা)। NATO পূর্ণরূপ হলো North Atlantic Treaty Organization.

08. 'Green Peace' কোন দেশের পরিবেশবাদী সংগঠন?
a) কানাডা b) নেদারল্যান্ড
c) অস্ট্রিয়া d) নিউজিল্যান্ড **ans. B**

Solution: 'Green Peace' একটি বেসরকারি আন্তর্জাতিক পরিবেশবাদী সংস্থা। এই সংস্থাটি নেদারল্যান্ডের আমস্টারডাম থেকে পরিচালিত হয়। এটি ১৯৭১ সালে প্রতিষ্ঠিত হয়।

09. ক্যান্সার চিকিৎসায় ব্যবহৃত গামা বিকিরণের উৎস কি?
a) আইসোটোন b) আইসোটোপ
c) আইসোবার d) আইসোমার **ans. B**

Solution: যেসব পরমাণুর প্রোটন সংখ্যা একই কিন্তু ভর সংখ্যা ভিন্ন তাকে আইসোটোপ বলে। ক্যান্সার চিকিৎসায় সাধারণত কোবাল্ট 60(^{60}Co) আইসোটোপ ব্যবহার করা হয়। এছাড়া ক্যান্সারের চিকিৎসা, মস্তিষ্কের টিউমার সনাক্তকরণ, গাছের গঠন পরীক্ষা, গলগণ্ড রোগ নির্ণয়, শস্য থেকে পতঙ্গ বিতাড়ন ইত্যাদি কাজে রেডিও আইসোটোপ ব্যবহার করা হয়।

10. নিচের কোন ধাতুটি পানির চেয়ে হালকা?
a) ক্যালসিয়াম b) সোডিয়াম
c) পটাশিয়াম d) হিলিয়াম **ans. B**

Solution: শুষ্ক বাতাসে সোডিয়াম কক্ষ তাপমাত্রায় বিক্রিয়া করে না। কিন্তু আর্দ্র বাতাসে এটি সোডিয়াম অক্সাইড

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

উৎপন্ন করে যা, বাতাসের জলীয় বাষ্পের সাথে নিষ্ক্রিয় করে। তাই বাতাসের সংস্পর্শে যাতে না আসতে পারে সেজন্য সোডিয়াম ধাতুকে কেরোসিন বা পেট্রোলের নিচে রাখা হয়। সোডিয়াম ধাতুর ঘনত্ব ০.৯৭১ গ্রাম/মিলিগ্রাম যা পানির ঘনত্ব (১ গ্রাম/মিলিগ্রাম) থেকে কম। অর্থাৎ এ ধাতুটি পানি থেকে হালকা।

11. বেকিং পাউডারের রাসায়নিক সংকেত কোনটি?
a) Na_2CO_3 b) $NaHCO_3$
c) H_2SO_4 d) NaHcl
Solution: বেকিং পাউডারের রাসায়নিক সংকেত হলো $NaHCO_3$ আর Na_2CO_3 হলো সোডিয়াম কার্বনেট যা ওয়াশিং সোডা হিসেবে ব্যবহৃত হয়। H_2SO_4 হলো সালফিউরিক এসিড। **ans. B**

12. প্রোগ্রাম থেকে কপি করা ডাটা কোথায় সংরক্ষিত থাকে?
a) Clipboard b) RAM
c) Hard Disk d) CPU
Solution: প্রোগ্রাম থেকে কপি করা ডাটা Clipboard সংরক্ষিত থাকে। **ans. A**

13. আফ্রিকান কোন দেশে চীন সামরিক ঘাটি স্থাপনের মাধ্যমে কৌশলগত সম্পর্ক স্থাপন করেছে?
a) তানজানিয়া b) রুয়ান্ডা
c) জিবুতি d) এঙ্গোলা
Solution: চীনের প্রথম বৈদেশিক নৌঘাঁটি স্থাপনে জিবুতিকে বেছে নেয়ার কারণ হলো আফ্রিকার এই দেশটির কৌশলগত অবস্থান। দেশটি লোহিত সাগর হয়ে সুয়েজ খালে প্রবেশদ্বারের নিকটেই। আফ্রিকা ও পশ্চিম এশিয়ায় শান্তিরক্ষা নিশ্চিতকরার জন্য চীন এই ঘাঁটি স্থাপন করে। **ans. C**

14. OIC এর কততম শীর্ষ সম্মেলনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অংশগ্রহণ করেন?
a) ১ম b) ২য়
c) ৩য় d) ৪র্থ
Solution: বাংলাদেশ বঙ্গবন্ধুর নেতৃত্বে পাকিস্তানের লাহোরে ১৯৭৪ সালের ২২ থেকে ২৪ ফেব্রুয়ারি অনুষ্ঠিত OIC এর দ্বিতীয় শীর্ষ সম্মেলনে সদস্য হিসেবে আনুষ্ঠানিকভাবে যোগ দেয়। **ans. B**

15. 'Freedom House' সংগঠনের সদর দপ্তর কোথায়?
a) জেনেভা b) লন্ডন
c) ওয়াশিংটন d) টরেন্টো
Solution: যুক্তরাষ্ট্র ভিত্তিক একটি আন্তর্জাতিক নজরদারী সংগঠন হলো 'Freedom House'. কয়েক দশক ধরে বাক্ স্বাধীনতা, রাজনৈতিক ও নাগরিক অধিকার বিষয়ে বিভিন্ন দেশের ব্যাংকিং করে আসছে 'Freedom House'. **ans. C**

16. 'করোনা ভাইরাস' চীনের কোন প্রদেশে প্রথম দেখা দেয়?
a) উহান b) উনবেন
c) সাংহাই d) হুবেই
Solution: চীনের হুবেই প্রদেশের উহান শহর থেকে 'করোনা ভাইরাস' প্রথম দেখা দেয়। **ans. D**

17. 'আফ্রিকান পার্ল' কোন দেশকে বলা হয়?
a) উগান্ডা b) দক্ষিণ আফ্রিকা
c) কেনিয়া d) মিশর
Solution: উগান্ডাকে 'Pearl of Africa' নামে অভিহিত করেন উইনস্টন চার্চিল। উগান্ডাকে বজ্রঝড়ের দেশ বলা হয়। এই দেশের গেরিলা সংগঠনের নাম 'Lords Resistance Army'. দেশটির রাজধানীর নাম কাম্পালা এবং মুদ্রার নাম শিলিং। সোমালিয়া 'Horn of Africa' নামে পরিচিত। **ans. A**

18. 'Central Bureau of Investigation' কোন দেশে অবস্থিত?
a) ভারত b) যুক্তরাষ্ট্র
c) সিংগাপুর d) ফ্রান্স
Solution: 'Central Bureau of Investigation' ভারতের একটি গোয়েন্দা এবং নিরাপত্তা সংস্থা যা একযোগে দেশের প্রধানমন্ত্রী ফেডারেল আইন প্রয়োগকারী সংস্থা হিসেবে কাজ করে। **ans. A**

19. Interpol এর বর্তমান সদস্য সংখ্যা কত?
a) ১৮৪ b) ১৯০
c) ১৯২ d) ১৯৪
Solution: Interpol এর বর্তমান সদস্য সংখ্যা ১৯৪টি। Interpol হলো International Policing Agency. এটি মূলত International এর Inter এবং 'Police' এর 'Pol' নিয়ে 'Interpol' হয়েছে। ১৯২৩ সালে প্রতিষ্ঠিত এই সংগঠনের সদরদপ্তর ফ্রান্সের লিওতে। বাংলাদেশ ১৯৭৬ সালের ১৪ অক্টোবর এই সংস্থার সদস্যপদ লাভ করে। **ans. D**

20. যুক্তরাজ্য কবে BREXIT বাস্তবায়ন করে?
a) ২১ জানুয়ারি, ২০২০ b) ১ জানুয়ারি, ২০২০
c) ১১ জানুয়ারি, ২০২০ d) ৩১ জানুয়ারি, ২০২০
Solution: উল্লেখ্য, ব্রেক্সিট (BREXIT) চুক্তি হচ্ছে ইউরোপীয় ইউনিয়ন থেকে যুক্তরাজ্যের অপসারণ। যা সংক্ষেপে ব্রেক্সিট নামে পরিচিত। ইউরোপীয় ইউনিয়নভুক্ত ২৮টি দেশ একে অন্যের সাথে ব্যবসা-বাণিজ্য করতে পারে এবং এক দেশ থেকে অন্য দেশে যেতে পারে, সেখানে বসবাস বা কাজ করতে পারে। বৃটেন ১৯৭৩ সালে ইউরোপীয়ান ইকোনমিক কমিটির **ans. D**

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

সাথে যুক্ত হয়। ২০১৬ সালে জুনে একটি গণ ভোট নিয়েছিলো যুক্তরাজ্য সেখানে ভোটাররা ইউরোপীয় ইউনিয়ন ছাড়ার পক্ষে ভোট দেন। ইউরোপীয় ইউনিয়নের বর্তমান সদস্য দেশ ২৭টি।

21. ভারতের সাথে স্থলসীমান্ত চুক্তি কবে স্বাক্ষরিত হয়?
a) ১৬ জুলাই, ১৯৭৪ b) ১৬ জুন, ১৯৭৪
c) ১৬ মার্চ, ১৯৭৪ d) ১৬ মে, ১৯৭৪ **ans. D**

Solution: ভারতের সাথে স্থলসীমান্ত চুক্তি স্বাক্ষরিত হয় ১৬ মে, ১৯৭৪ সালে নয়াদিল্লি, ভারতে। আর চুক্তিটি কার্যকর হয় ৬ জুন ২০১৫ সালে। উল্লেখ্য, বাংলাদেশ-ভারত সীমান্ত চুক্তিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ভারতের ইন্দিরা গান্ধী স্বাক্ষর করেন।

22. 'সাবাস বাংলাদেশ' ভাস্কর্যটি কোথায় অবস্থিত ?
a) ঢাকা বিশ্ববিদ্যালয়
b) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
c) খুলনা বিশ্ববিদ্যালয়
d) রাজশাহী বিশ্ববিদ্যালয়
e) কোনটিই নয় **ans. D**

Solution: বাংলাদেশের বিভিন্ন স্থাপত্য, স্থপতি ও স্থাপত্যের অবস্থানঃ

স্থাপত্য	স্থপতি	স্থান
কেন্দ্রীয় শহীদ মিনার	হামিদুর রহমান	ঢাকা মেডিকেল কলেজ প্রাঙ্গণ
জাতীয় স্মৃতিসৌধ	মঈনুল হোসেন	সাভার, ঢাকা
জাতীয় সংসদ ভবন	লুই আইকান	শের-ই-বাংলা নগর, ঢাকা
মুজিবনগর স্মৃতিসৌধ	তানভীর কবির	মুজিবনগর (মেহেরপুর)
অপরাজেয় বাংলা	সৈয়দ আব্দুল্লাহ খালেদ	ঢাকা বিশ্ববিদ্যালয় (কলাভবন)
স্বোপার্জিত স্বাধীনতা	শামীম সিকদার	ঢাকা বিশ্ববিদ্যালয় (TSC)
ক্যাকটাস	হামিদুজ্জামান খান	ঢাকা বিশ্ববিদ্যালয়
দোয়েল চত্বর	আজিজুল জলিল পাশা	কার্জন হল, ঢাকা বিশ্ববিদ্যালয়
সাবাস বাংলাদেশ	নিতুন কুন্ডু	রাজশাহী বিশ্ববিদ্যালয়
সংশপ্তক	হামিদুজ্জামান	জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

23. ২০১৮ সালে বাংলাদেশে প্রত্যক্ষ বিনিয়োগে শীর্ষ দেশ কোনটি?
a) রাশিয়া b) যুক্তরাষ্ট্র
c) চীন d) ভারত **ans. C**

Solution: রিপোর্ট সমীক্ষা ২০১৯ অনুযায়ী, ২০১৮ সালে বাংলাদেশে বিনিয়োগকারী শীর্ষ দেশ চীন; বিনিয়োগের পরিমাণ ১০৩ কোটি মার্কিন ডলার। ২০২০ সালে বাংলাদেশে সবচেয়ে বেশি বিনিয়োগ এসেছে তৈরি পোশাক খাতে।

24. পোশাক রপ্তানিতে বিশ্বে বাংলাদেশের অবস্থান কত?
a) ১ম b) ২য়
c) ৩য় d) ৪র্থ **ans. Note**

Solution: বাংলাদেশে সবচেয়ে বেশি বৈদেশিক মুদ্রা আয় হয় তৈরি পোশাক রপ্তানি থেকে। উল্লেখ্য, বর্তমানে রপ্তানিতে বাংলাদেশ ৩য় অবস্থানে রয়েছে (১ম চীন এবং ২য় ইউরোপিয়ান ইউনিয়ন)। একক দেশ হিসেবে পোশাক রপ্তানিতে বাংলাদেশ বিশ্বে দ্বিতীয় (১ম চীন এবং ২য় ভিয়েতনাম)। আর বস্ত্র আমদানিতে বাংলাদেশের অবস্থান বিশ্বে চতুর্থ।

25. উপকূল হতে বাংলাদেশের অর্থনৈতিক সমুদ্রসীমা কত?
a) ১৫০ নটিক্যাল মাইল b) ১৭৫ নটিক্যাল মাইল
c) ২০০ নটিক্যাল মাইল d) ২২৫ নটিক্যাল মাইল **ans. C**

Solution: বাংলাদেশে অর্থনৈতিক সমুদ্র সীমা ২০০ নটিক্যাল মাইল বা ৩৭০.৪০ কিলোমিটার। আঞ্চলিক সমুদ্রসীমা ১২ নটিক্যাল মাইল এবং সন্নিহিত এলাকা ১৮ নটিক্যাল মাইল। এখানে, ১ নটিক্যাল মাইল = ১.১৫ মাইল বা ১.৮৫২ কিলোমিটার।

26. নিচের কোন স্থানে সবচেয়ে কম বৃষ্টিপাত হয়?
a) লালখান b) লালপুর
c) শ্রীমঙ্গল d) কোনটি নয় **ans. B**

Solution: বাংলাদেশের সবচেয়ে বেশি বৃষ্টিপাত হয় সিলেটের লালখানে এবং সবচেয়ে কম বৃষ্টিপাত হয় নাটোরের লালপুরে।

27. 'মুক্তিরগান' চলচ্চিত্রের নির্মাতা --
a) জহির রায়হান b) খান আতাউর রহমান
c) শহীদুল ইসলাম d) তারেক মাসুদ **ans. D**

Solution: 'মুক্তিরগান' চলচ্চিত্রের নির্মাতা হলেন তারেক মাসুদ। উল্লেখ্য,

পরিচালক	জহির রায়হান	খান আতাউর রহমান
চলচ্চিত্রের নাম	স্টপ জেনোসাইড	এখনও অনেক রাত

28. কোনটির আইনগত ভিত্তি আছে?
a) দানশীলতার b) এতিমখানার
c) ধর্মপ্রচার d) ওয়াকফ্ **ans. D**

Solution: ওয়াক্ফ অর্থ সম্পত্তি থেকে আয়কৃত অর্থকে পবিত্রভাবে উৎসর্গ করা। ১৯৬২ সালের ওয়াক্ফ অধ্যাদেশ এর ২ ধারায় বলা হয়েছে যে, কোনো মুসলমান কর্তৃক ধর্মীয়, পবিত্র বা দাতব্য কাজের উদ্দেশ্যে তার স্থাবর বা অস্থাবর সম্পত্তি স্থায়ীভাবে উৎসর্গ করাকে ওয়াক্ফ বলে।

29. বাংলাদেশের বর্তমানে প্রবাসী আয় GDP এর
a) ৯% b) ১২%
c) ১৫% d) ১৭% **ans. Note**

Solution: বাংলাদেশ রিপোর্ট সমীক্ষা ২০১৯ অনুযায়ী জিডিপিতে প্রবাসী আয়ের অবদান ৫.৪%। উল্লেখ্য,

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

বর্তমানে প্রবাসী আয় বা রেমিট্যান্স অর্জনে শীর্ষ দেশ ভারত (বাংলাদেশের অবস্থান ৯ম)।

30. 'মুজিব বাহিনী' কাদের নিয়ে গঠিত হয়েছিল?
a) যুবকদের b) শ্রমিকদের
c) পেশাজীবীদের d) ছাত্রছাত্রীদের ans. A

Solution: মুজিব বাহিনী মুক্তিযুদ্ধের সময় গঠিত একটি মুক্তিযোদ্ধা বাহিনী। আওয়ামী লীগ ও এর ছাত্র সংগঠন ছাত্রলীগ কর্মীদের নিয়ে এই বাহিনী গঠন করা হয়। প্রায় ৫ হাজার সদস্যের এ বাহিনীকে ৪টি সেক্টরে ভাগ করা হয় এবং এর নেতৃত্বে ছিল ১৯ সদস্যের কেন্দ্রীয় কমান্ড।

31. 'মূল্যবোধ' কী?
a) রীতিনীতি b) আচরণের মানদন্ড
c) মানব আচরণ d) মানবরীতি ans. B

Solution: 'মূল্যবোধ' জীবনাচরণের অংশ। দীর্ঘদিনের আচার-আচরণ, বিশ্বাস ও দৃষ্টিভঙ্গির সমন্বয়ে মূল্যবোধ গড়ে ওঠে। দীর্ঘ অনুশীলনের পর গ্রহণ-বর্জন প্রক্রিয়ায় যেসব মূল্যবোধ গ্রহণ করা হয় যেগুলো সঠিক, উচিৎ, নৈতিক ও কাঙ্ক্ষিত। অর্থাৎ মূল্যবোধ বা Values হলো মানুষের আচরণ পরিচালনাকারী নীতি ও মানদণ্ড।

32. ঢাকা পৌরসভার প্রথম নির্বাচন অনুষ্ঠিত হয় কত সালে?
a) ১৬০৮ b) ১৯৬৪
c) ১৮৮৪ d) ১৯৯০ ans. C

Solution: ১৮৬৪ সালের ১ আগষ্ট ঢাকা পৌরসভা প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠার ২০ বছর পর ১৮৮৪ সালে ঢাকায় পৌরসভা নির্বাচন অনুষ্ঠিত হয়।

33. বিশ্বের কততম দেশ হিসেবে বাংলাদেশ ই-পাসপোর্ট চালু করেছে?
a) ১১৩তম b) ১১৫তম
c) ১১৭তম d) ১১৯তম ans. D

Solution: বিশ্বের ১১৯তম দেশ হিসেবে বাংলাদেশ ই-পাসপোর্ট চালু করেছে। আর দক্ষিণ এশিয়ার প্রথম দেশ হিসেবে বাংলাদেশ ই-পাসপোর্ট চালু করেছে ২২ জানুয়ারি ২০২০ সালে। প্রাথমিকভাবে ঢাকায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে স্থাপন করা ৯টি 'ই-গেট' দিয়ে সুবিধা মিলবে ই-পাসপোর্ট ব্যবহারের।

34. 'কৈবর্ত বিদ্রোহ' কোন আমলে সংঘটিত হয়?
a) পাল b) সেন
c) মোঘল d) ইংরেজ ans. A

Solution: পাল সিংহাসনে বসেন তৃতীয় বিগ্রহপালের পুত্র দ্বিতীয় মহীপাল। তাঁর সময় পাল রাজত্বের দুর্যোগ আরও ঘনীভূত হয়। এ সময় উত্তর বঙ্গের বরেন্দ্র অঞ্চলের সামন্তবর্গ প্রকাশ্যে বিদ্রোহ ঘোষণা করে। ইতিহাসে এ বিদ্রোহ 'কৈবর্ত বিদ্রোহ' নামে পরিচিত। এ বিদ্রোহের নেতা ছিলেন কৈবর্ত নায়ক দিব্যোক বা দিব্য। তিনি দ্বিতীয় মহীপালকে হত্যা করে বরেন্দ্র দখল করে নেন এবং নিজ শাসন প্রতিষ্ঠা করেন।

35. বাংলাদেশের প্রথম ডিজিটাল জেলা কোনটি?
a) ঢাকা b) কুমিল্লা
c) যশোর d) মাগুরা ans. C

Solution: দেশের প্রথম ডিজিটাল জেলা হিসেবে আনুষ্ঠানিক স্বীকৃতি পায় যশোর। ২০ ডিসেম্বর ২০১২ সালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা যশোরকে দেশের প্রথম ডিজিটাল জেলা হিসেবে ঘোষণা করেন। আর বাংলাদেশে প্রথম সাইবার সিটি নির্মিত হয়েছে সিলেটে।

36. বাংলাবান্ধা কোন জেলায় অবস্থিত?
a) ঠাকুরগাঁও b) শেরপুর
c) পঞ্চগড় d) জয়পুরহাট ans. C

Solution: 'বাংলাবান্ধা' বাংলাদেশের রংপুর বিভাগের পঞ্চগড় জেলার অন্তর্গত তেতুলিয়া উপজেলার একটি ইউনিয়ন। এটি বাংলাদেশের সর্ব উত্তরের ইউনিয়ন এবং সর্ব উত্তরের স্থলবন্দরটিও এখানে অবস্থিত।

37. রবিশঙ্কর একজন বিখ্যাত
a) সেতারবাদক b) বেহালা বাদক
c) গায়ক d) সবগুলো ans. A

Solution: পণ্ডিত রবিশঙ্কর হলেন একজন ভারতীয় বাঙালি সঙ্গীতজ্ঞ যিনি সেতারাবাদনে কিংবদন্তিতুল্য শ্রেষ্ঠত্বের জন্য বিশ্বব্যাপী সুপরিচিত।

38. 'বাংলা একাডেমী'র মূল ভবনের প্রাক্তন নাম
a) বর্ধমান হাউজ b) চামেলী হাউজ
c) আহসান মঞ্জিল d) শান্তি নিকেতন ans. A

Solution: বাংলা একাডেমী বাংলা ভাষা সংক্রান্ত সর্ববৃহৎ গবেষণা প্রতিষ্ঠান। ১৯৫৫ সালের ৩ ডিসেম্বর ঢাকার বর্ধমান হাউজে এটি প্রতিষ্ঠিত হয়। ১৯৫২ ভাষা আন্দোলন এবং এদেশের মুসলিম মধ্যবিত্তের জাগরণ ও আত্মপরিচয় বিকাশের প্রেরণায় বাংলা একাডেমীর জন্ম হয়।

39. ১৩তম এসএ গেমসে বাংলাদেশে কতটি স্বর্ণপদক অর্জন করে?
a) ১৬ b) ১৭
c) ১৮ d) ১৯ ans. D

Solution: ১৩তম এসএ গেমসে বাংলাদেশে অর্জনগুলোঃ

সাল	আয়োজক	সোনা	রুপা	ব্রোঞ্জ	মোট
২০১৯	কাঠমান্ডু-পোখারা	১৯	৩২	৮৭	১৩৮

40. বাংলাদেশের কোন দ্বীপে বাতিঘর আছে?
a) নিঝুম b) হাতিয়া
c) কুতুবদিয়া d) সন্দ্বীপ ans. C

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark Wondershare PDFelement

Solution: বাংলাদেশের কুতুবদিয়া দ্বীপে বাতিঘর নির্মাণ করা হয় ১৮৪৬ সালে এবং ঘূর্ণায়মান বাতি স্থাপিত করা হয় ১৮৯২ সালে। উল্লেখ্য, বাংলাদেশে মোট ৬টি বাতিঘর রয়েছে। এগুলো হলোঃ কুতুবদিয়া বাতিঘর, সেন্টমার্টিন বাতিঘর, কক্সবাজার বাতিঘর, নরম্যানস পয়েন্ট বাতিঘর, পতেঙ্গা বাতিঘর এবং হিরণ পয়েন্ট বাতিঘর।

41. বাংলাদেশের বৃহত্তম পানি শোধনাগার কোনটি?
a) সায়েদাবাদ b) সোনাকান্দা
c) শ্যামবাজার d) পোস্তগোলা **ans. A**

Solution: বাংলাদেশের বৃহত্তম পানি শোধনাগার অবস্থিত ঢাকার সায়েদাবাদে। নির্মাণকাল ২০০২ সালে। ঢাকা শহরে পানি সরবরাহের জন্য প্রথম পানি সরবরাহ কার্যক্রম স্থাপিত হয় ১৮৭৪ সালে ঢাকার চাঁদনীঘাটে।

42. লবণের দ্রবণে আঙ্গুর রাখলে তা চুপসে যায় কোন প্রক্রিয়ায়?
a) ব্যাপন b) অন্তঃঅভিস্রবণ
c) বহিঃ অভিস্রবণ d) ইমবাইবিশন **ans. C**

Solution: অধিকাংশ কলয়েডধর্মী পদার্থই পানিগ্রাহী। উদ্ভিদ দেহে বিভিন্নধর্মী কলয়েড পদার্থ রয়েছে। পদার্থের এই গুণের কারনেই তা পানি শোষণ করতে পারে। কলয়েডধর্মী বিভিন্ন পদার্থ যে প্রক্রিয়ায় নানা ধরনের তরল পদার্থ শোষণ করে তাকে ইমবাইবেশন বলে। বহিঃ অভিশ্রবণের কারণে লবণের দ্রবণে আঙ্গুর রাখলে আঙ্গুর পানি শোষণ করে তা ফেটে গিয়ে চুপসে যায়।

43. নিচের কোনটি একটি কম্পিউটার ভাইরাস?
a) SQL b) Blueray
c) CIH d) SPSS **ans. C**

Solution: ১৯৯৯ সালে ২৬ এপ্রিল চেরনোবিল ভাইরাসের কারণে বিভিন্ন দেশের অন্তত ৫ লক্ষ কম্পিউটার ক্ষতিগ্রস্ত হয়। ভাইরাসটি কম্পিউটার বায়োসের Memory মুছে দিতে পারে। BIOS কাজ করতে না পারলে পুরো কম্পিউটার অচল হয়ে পড়ে। ভাইরাসটির নামকরণ করা হয় ইউক্রেনের চেরনোবিল শহরের নামে। ১৯৮৬ সালের ২৬ এপ্রিল তৎকালীন সোভিয়েত ইউনিয়নের চেরনোবিল পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রে ভয়াবহ বিস্ফোরণ ঘটে। ঠিক এই দিনেই ভাইরাসটি কম্পিউটারে আঘাত হানে।

44. কম্পিউটার বা ইন্টারনেটের ব্যবহার কখন ক্ষতিকর?
a) ব্যবহার না করলে b) বাড়াবাড়ি ব্যবহার
c) দৈনিক d) সাময়িক **ans. B**

45. কম্পিউটারের আইকিউ কী?
a) ০ b) ১২০ এর বেশি
c) ১২০ এর কম d) ২০০ **ans. A**

Solution: কম্পিউটারের কোনো IQ নেই। এ ত যা ইনপুট দেয়া হয় তা প্রক্রিয়াকরণের মাধ্যমে Output হিসেবে বের হয়। এজন্য কম্পিউটারের IQ শূন্য ধরা হয়।

46. সফ্‌ট ড্রিংসে কোনটি ব্যবহৃত হয়?
a) ডিডিটি b) সর্বেট
c) কার্বাইড d) ফরমালিন **ans. C**

Solution: কোমল পানীয়তে সবচেয়ে দ্রবীভূত অবস্থায় কার্বন সমৃদ্ধ পানি, মিষ্টিজাতীয় পদার্থসহ সুগন্ধ যুক্ত পদার্থের উপাদান বিদ্যমান থাকে।

47. 'আগামীকাল' এর পরোক্ষ উক্তি কি?
a) আগেরদিন b) পরদিন
c) পূর্বদিন d) সেদিন **ans. B**

48. কোনটি অনুপার্জিত আয়?
a) কমিশন b) প্রাপ্য কমিশন
c) অগ্রিম প্রাপ্ত কমিশন d) প্রাপ্ত কমিশন **ans. C**

Solution: যে আয়টা সেবা দেয়ার পূর্বেই গ্রহণ করা হয়েছে তাকে অনুপার্জিত আয় বা Unearned Income বলা হয়। যেমনঃ স্টেডিয়ামে খেলা শুরুর পূর্বে টিকিট বিক্রি করে যে আয় হয় তা অনুপার্জিত আয়। আর এটি হলো অগ্রিম প্রাপ্ত কমিশন।

49. তরঙ্গ দ্বারা এক স্থান থেকে অন্য স্থানে কি সঞ্চারিত হয়?
a) ক্ষমতা b) শক্তি
c) গতি d) বেগ **ans. B**

Solution: শব্দ এক ধরনের শক্তি ও তরঙ্গ। এই শক্তি সঞ্চারিত হয় শব্দ তরঙ্গের মাধ্যমে। শব্দ তরঙ্গ হলো অনুদৈর্ঘ্য তরঙ্গ। কোনো মাধ্যমের কণাগুলোর বা স্তরসমূহের সংকোচন ও প্রসারণের সৃষ্টির মাধ্যমে এই তরঙ্গ এক স্থান হতে অন্য স্থানে সঞ্চারিত হয়।

Bangladesh Bank
Recruitment Test for DE/ CO (IT) – 07.02.2020

01. Which technology has made possible to pinpoint precision to the optical storage?
a) Optical fibers b) Electronic guns
c) Magnetic heads d) Laser beams **ans. D**

02. In flowchart what does below symbol represent?



a) Document b) Database
c) Terminal d) Process **ans. B**

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

03. How many generations are available for USB specifications?
a) One b) Two
c) Three d) Four **ans. D**

04. ARPANET stands for
a) Advanced Research Project Automatic Network
b) Advanced Research Programmed Auto Network
c) Advanced Research Projects Agency Network
d) Advanced Research Project Authorized Network

Solution: ARPANET এর পূর্ণরূপ হলো Advanced Research Projects Agency Network. ARPANET দিয়ে ইন্টারনেটের প্রাথমিক কার্যক্রম শুরু হয়। ১৯৬৯ সালে যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা বিভাগ একটি গবেষণা প্রকল্পের আওতায় দেশের চারটি বিশ্ববিদ্যালয়কে পরীক্ষামূলক কম্পিউটার নেটওয়ার্কের মাধ্যমে সংযুক্ত করে। এ নেটওয়ার্কের নাম আরপানেট। প্রাথমিক অবস্থায় গবেষণা প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয়ের জন্য এ নেটওয়ার্কের ব্যবহার উন্মুক্ত ছিল। কিন্তু এ অবস্থা বেশি দিন স্থায়ী হয়নি। বর্তমানে তা সকলের জন্য উন্মুক্ত। ১৯৮২ সালে বিভিন্ন নেটওয়ার্কের মধ্যে সংযোগের উপযোগী টিসিপি/আইপি (TCP/IP: Transmission Control Protocol/ Internet Protocol) প্রোটোকল উদ্ভাবনের সাথে ইন্টারনেট শব্দটি চালু হয়। ১৯৮৩ সালের আরপানেটে টিসিপি/আইপি প্রোটোকল ব্যবহারকারীর সংখ্যা দ্রুত বেড়ে যায়। বর্তমানেও এটিই ইন্টারনেট প্রটোকল নামে পরিচিত। **ans. C**

05. Small computer system interface (SCSI) is pronounced as ____.
a) Asci b) Seuzzy
c) SCSI d) None **ans. B**

06. ____ was a chess-playing computer developed by IBM.
a) Bright Red b) Deep Blue
c) Light Green d) Dark Pink **ans. B**

07. Which is not a programming language in below?
a) Perl b) Cobra
c) Joule d) Tesla **ans. D**

08. How many bits are there in Unicode?
a) 8 b) 12
c) 16 d) 20 **ans. C**

Solution: ১৯৯১ সালে Apple Computer Corporation এবং Xerox Corporation এর একদল প্রকৌশলী যৌথভাবে ইউনিকোড উদ্ভাবন করেন। বিশ্বের যেকোনো সকল ভাষাকে কম্পিউটারে কোডভুক্ত করার জন্য ইউনিকোড ব্যবহৃত হয়। ইউনিকোড মূলত ২ বাইট বা ১৬ বিটের কোড। এই কোডের মাধ্যমে ৬৫,৫৩৬ বা ২^১৬ টি অদ্বিতীয় চিহ্নকে নির্দিষ্ট করা যায়। ফলে যে সমস্ত ভাষাকে কোডভুক্ত করার জন্য ৮ বিট অপর্যাপ্ত ছিল (যেমনঃ চায়নিজ, কোরিয়ান, জাপানীজ ইত্যাদি) সে সকল ভাষার সকল চিহ্নকে সহজেই কোডভুক্ত করা সহজতর হলো। বর্তমানে এই কোডের প্রচলন শুরু হয়েছে। ইউনিকোড অ্যাসকি কোডের সাথে কম্প্যাটিবল। অর্থাৎ ইউনিকোডের প্রথম ২৫৬টি কোড অ্যাসকি ২৫৬টি কোডের অনুরূপ।

09. When was first artificial sattelite established?
a) 1940 b) 1960
c) 1950 d) 1970 **ans. Note**

Solution: ১৯৫৭ সালের ৪ অক্টোবর 'স্পুটনিক-১' নামে প্রথম কৃত্রিম উপগ্রহ মহাশূন্যে প্রেরণ করা হয়েছিল। এটি পাঠিয়েছিলো সাবেক সোভিয়েত ইউনিয়ন।

10. 1 terabyte ____ gigabytes in the decimal system.
a) 1,000 b) 720
c) 1,950 d) 1,970 **ans. A**

Solution:
1 Kilo Byte (KB) = 2^{10} (Byte) বা 1,024 Byte.
1 Mega Byte (MB) = 2^{20} (Byte) বা 1,024 Kilo Byte.
1 Giga Byte (GB) = 2^{30} (Byte) বা 1,024 Mega Byte.
1 Tera Byte (TB) = 2^{40} (Byte) বা 1,024 Giga Byte.
1 Peta Byte (PB) = 2^{50} (Byte) বা 1,024 Tera Byte.
1 Exa Byte (EB) = 2^{60} (Byte) বা 1,024 Peta Byte.
1 Zetta Byte (ZB) = 2^{70} (Byte) বা 1,024 Exa Byte.
1 Yotta Byte (YB) = 2^{80} (Byte) বা 1,024 Zetta Byte.
1 Bronot Byte (BB) = 2^{90} (Byte) বা 1,024 Yotta Byte.
1 Geop Byte = 2^{100} (Byte) বা 1,024 Bronot Byte.

11. Who is the president of the National Assembly of Bangladesh?
a) Speaker b) Prime Minister
c) Most senior MP d) Chief Whip **ans. A**

Solution: স্পিকার জাতীয় সংসদের সভাপতি বা প্রধান নির্বাহী। তিনি সংসদের কার্যপ্রণালী নিয়ন্ত্রণ করেন। রাষ্ট্রপতির অনুপস্থিত বা তার অসামর্থ্যের কারণে স্পিকার রাষ্ট্রপতির দায়িত্ব পালন করে। স্পিকার জাতীয় সংসদ সদস্যদের শপথ বাক্য পাঠ করান।

12. The 'First Cyber City' of Bangladesh is ____.
a) Chittagong b) Sylhet
c) Rajshahi d) Khulna **ans. B**

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark Wondershare PDFelement

Solution: ফ্রি Wifi ছাড়াও সিলেট সিটি কর্পোরেশন ডিজিটাল তথ্য সেবা কেন্দ্র চালু করেছে। বাংলাদেশে এই উদ্যোগ সিলেটেই প্রথম নেয়া হয়। এর ফলে সিলেট বর্তমানে Wifi নগরীতে পরিণত হয়েছে।

13. Which country is bordered by both the Atlantic and Indian Ocean?
a) Japan b) India
c) South Africa d) China **ans. C**

Solution: প্রকৃতপক্ষে দক্ষিণ আফ্রিকার তিনটি মহাসাগর বেষ্টিত অবস্থায় আছে। এর দক্ষিণে দক্ষিণ আটলান্টিক, পূর্বে ভারত মহাসাগর এবং পশ্চিমে পশ্চিমাঞ্চলীয় মহাসাগর বেষ্টিত।

14. Tumbru Rohinga Camp of Bangladesh is located in
a) Cox'Bazar b) Rangamati
c) Khagrachori d) Bandarban **ans. D**

Solution: বান্দরবান জেলার নাইক্ষ্যংছড়িতে তাম্রু রোহিঙ্গা ক্যাম্প রয়েছে। এটি মিয়ানমার সীমান্তের কাছাকাছি অবস্থিত।

15. During the Liberation War of Bangladesh the Secretary General of the UN was ____.
a) Boutros Boutros-Ghali b) U Thant
c) Kurt Waldheim d) Dag Hammarskjold **ans. B**

Solution: বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সময় উ থান্ট জাতিসংঘের মহাসচিব ছিলেন (মিয়ানমার)। তিনি ৩০.১১.১৯৬১ থেকে ৩১.১২.১৯৭১ সাল পর্যন্ত কর্মরত ছিলেন। উল্লেখ্য, কুর্ট ওয়াল্ডহেইম (অস্ট্রিয়া) জাতিসংঘের মহাসচিব হিসেবে কর্মরত ছিলেন ০১.০১.১৯৭২ থেকে ৩১.১২.১৯৮১ সাল পর্যন্ত। আর বুট্রোস বুট্রোস ঘালি (মিসর) জাতিসংঘের মহাসচিব হিসেবে কর্মরত ছিলেন ০১.০১.১৯৯২ থেকে ৩১.১২.১৯৯৬ সাল পর্যন্ত।

16. Who invented cinema projection?
a) Lui Pastor b) Galileo
c) Thomas Alva Edioson d) Luis Brail **ans. C**

Solution: থমাস আলভা এডিসন ১৮৯৩ সালে আমেরিকায় প্রথম সিনেমা প্রজেক্টর আবিস্কার করেন।

17. Don Bradman is a famous ____ cricketer.
a) English b) West Indian
c) Scottish d) Australian **ans. D**

Solution: অস্ট্রেলিয়ান ক্রিকেটার স্যার ডোনাল্ড ব্র্যাডম্যানকে সর্বকালের সেরা ব্যাটসম্যান হিসেবে ধরা হয়।

18. 'Black Monday' is related to
a) Environment b) Stock Market
c) Women's Right d) Terrorism **ans. B**

Solution: ১৯২৯ সালের ২৮ অক্টোবর এবং ১৯৮৭ সালে ১৯ অক্টোবর শেয়ার মার্কেটের যে বিপর্যয় ঘটেছিল সেদিন ছিলো সোমবার। তাই শেয়ার মার্কেটের এই বিপর্যয়কে 'Black Monday' বলে।

19. When was the Constitution of Bangladesh adopted in the National Parliament of Bangladesh?
a) 2 October 1971 b) 16 December 1972
c) 4 November 1972 d) 4 January 1973 **ans. C**

Solution: সংবিধান ১৯৭২ সালের ৪ নভেম্বর পার্লামেন্টে গৃহীত হয় আর কার্যকরী হয় ১৯৭২ সালের ১৬ ডিসেম্বর থেকে। এই সংবিধান রচনার সদস্য ছিলেন ৩৪ জন।

20. TRIPS agreement is prepared on ____.
a) Patent b) Bilateral trade
c) Climate d) Peace **ans. A**

Solution: TRIPS হলো এক ধরনের চুক্তি। এটি হলো 'The Agreement on Trade Related Aspects of Intellectual Property Rights'. এটি মূলত আন্তর্জাতিক মেধাস্বত্ব আইন।

প্রাণি সম্পদ অধিদপ্তর

পদের নামঃ ভিএফ/ এফ এ/ কম্পাউন্ডার; তারিখঃ ১৪.০২.২০২০

01. 'প্রতিটি চোখ থেকে একটি স্বাধীন উদ্ভিদের জন্ম হয়' সেই উদ্ভিদ নিচের কোনটি?
a) আলু b) আদা
c) পুদিনা d) রসুন **ans. A**

Solution: কিছু কিছু উদ্ভিদে মাটির নিচের শাখা অত্যধিক খাদ্য সঞ্চয়ের ফলে স্ফীত হয়ে কন্দের সৃষ্টি হয়, এদেরকে টিউবার বলে। ভবিষ্যতে এই কন্দ প্রজননের কাজ করে। কন্দের গায়ে ক্ষুদ্র ক্ষুদ্র গর্ত থাকে। এগুলো দেখতে চোখের মতো। এদেরকে তাই চোখ বলে। প্রতিটি চোখ থেকে একটি স্বাধীন উদ্ভিদের জন্ম হয়। এভাবেই আলুর প্রজনন সম্পন্ন হয়।

02. 'অসমোসিস' শব্দটির অর্থ কী?
a) ব্যাপন b) অভিস্রবণ
c) পানি শোধণ d) প্রস্বেদন **ans. B**

03. নিচের কোনটির হৃদপিন্ড চার প্রকোষ্ঠ বিশিষ্ট?
a) হাঙ্গর b) হাঁস
c) উট d) কুমির **ans. D**

Solution: সকল মাছের প্রকোষ্ট ২টি। ব্যাঙ, সাপ, ক্যাটলফিস, হাঙ্গরের প্রকোষ্ট ৩টি। ৪টি করে প্রকোষ্ট আছে সকল স্তন্যপায়ী প্রাণী, পাখি, কুমির এবং গুইসাপের। তেলাপোকা বা আরশোলার ১৩টি প্রকোষ্ট আছে।

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

04. বিভিন্ন রোগ নিরাময়ে কোনটি ব্যবহৃত হয়?
a) প্রোটন b) নিউট্রন
c) আইসোটোপ d) ইলেকট্রন ans. C

05. আন্তর্জাতিক পদ্ধতিতে ওজন স্তরের একক কী?
a) সেন্টিগ্রাম b) কেজি
c) কুইন্টাল d) গ্রাম ans. B

Solution: আন্তর্জাতিক একক পদ্ধতি (International System of Units – SI) সাতটি মৌলিক ভৌত একক চিহ্নিত করেছে। মেট্রিক এককের আধুনিক সংস্করণ হলো SI একক। ১৯৬০ সালে সেন্টিগ্রাম-গ্রাম-সেকেন্ড (CGS) বা Metric এককের পরিবর্তে মিটার-কিলোগ্রাম-সেকেন্ড (MKS) পদ্ধতি চালু হয়।

06. ব্যাটারিতে সঞ্চিত শক্তি হল
a) তাপশক্তি b) যান্ত্রিক শক্তি
c) রাসায়নিক শক্তি d) আলোকশক্তি ans. C

Solution: তড়িৎ কোষ ও ব্যাটারিতে রাসায়নিক শক্তি তড়িৎশক্তিতে রূপান্তরিত হয়। ইঞ্জিনে যখন জ্বালানী পোড়ানো হয় তখন রাসায়নিক শক্তি তাপ শক্তিতে রূপান্তরিত হয়। বৈদ্যুতিক মোটরে তড়িৎ শক্তি যান্ত্রিক শক্তিতে রূপান্তরিত হয়। আর বৈদ্যুতিক বাল্বে তড়িৎ শক্তি আলোক শক্তিতে রূপান্তরিত হয়।

07. ফিউজ তার কিসের সংকর?
a) টিন ও লোহা b) টিন ও সীসা
c) সোনা ও রূপা d) সীসা ও ব্রোঞ্জ ans. B

Solution: ফিউজ একটি খাটো, সরু এবং কম গলনাঙ্ক বিশিষ্ট বিদ্যুৎ পরিবহন করে অনির্দিষ্ট সময়ের জন্য। বেশি বিদ্যুৎ প্রবাহিত হলে তারটি গলে গিয়ে বৈদ্যুতিক বর্তনীকে বিদ্যুৎ সরবরাহ হতে বিচ্ছিন্ন রাখে।

08. আঙ্গুর ফলে কোন এসিড থাকে?
a) টারটারিক এসিড b) অক্সালিক
c) সাইট্রিক d) এসকরবিক ans. A

Solution: আঙ্গুর ফলে টারটারিক এসিড থাকে।

ফলের নাম	লেবু	আপেল	টমেটো	আমলকি	পেয়ারা
এসিডের নাম	সাইট্রিক	ম্যালিক	ম্যালিক	অক্সালিক	এসকরবিক

09. অক্সালিক এসিড থাকে কোন ফলে?
a) কমলা b) টমেটো
c) আপেল d) লেবু ans. B

Solution: অক্সালিক এসিড থাকেঃ টমেটো, আমলকি, কচুতে।

10. কোনটির অভাবে মানবদেহে স্কার্ভি রোগ হয়?
a) ট্যানিক এসিড b) এসিটিক এসিড
c) এসকরবিক এসিড d) ম্যালিক এসিড ans. C

Solution: ভিটামিন সি'র (এসকরবিক এসিড) অভাবে স্কার্ভি রোগ হয়। ভিটামিন সি শরীরে কোষের কোলাজেন তৈরী করে। ভিটামিন সি'র অভাবে কোলাজেন ফাইবার দুর্বল হয়ে পড়ে। ফলে দাঁতের মাড়ির অভ্যন্তরে রক্তপাত হয় এবং সংযোগ কণাগুলো ভঙ্গুর হয়ে পড়ে।

11. অপটিক্যাল ফাইবার কী?
a) সরু তার b) ধাতব তার
c) সরু কাচ তন্তু d) সরু ধাতব তার ans. C

Solution: অপটিক্যাল ফাইবার ক্যাবল হল এক ধরনের আলো পরিবাহী তার যা এক বা একাধিক অপটিক্যাল ফাইবার দিয়ে তৈরি করা হয়। এই অপটিক্যাল ফাইবার বৈদ্যুতিক অন্তরক বা ডাই-ইলেকট্রিক পদার্থ দিয়ে তৈরি এক ধরনের আঁশ বা ফাইবার-যা আলো নিবন্ধকরণ ও পরিবহনে সক্ষম। এই ফাইবার দেখতে মানুষের চুলের চেয়ে সরু হয়ে থাকে। অপটিক্যাল ফাইবার বিদ্যুৎ অপরিবাহী হলেও আলো পরিবহনে অত্যন্ত দক্ষ।

12. সূর্যের সবচেয়ে নিকটবর্তী নক্ষত্রের নাম কী?
a) বুধ b) হ্যালি
c) আলফা সেন্টরি d) চাঁদ ans. C

Solution: প্রক্সিমা সেন্টরাই বা আলফা সেন্টরাই হলো খুব কম ভরের লাল বামন নক্ষত্র। সূর্য থেকে এর দূরত্ব ৪.২৩ আলোকবর্ষ প্রায়। স্কটিশ জ্যোতির্বিদ রবার্ট আইল ১৯১৫ সালে এই নক্ষত্র আবিষ্কার করেন।

13. সৌর জগতের গ্রহ কয়টি?
a) ৮টি b) ৯টি
c) ১০টি d) ১১টি ans. A

Solution: সৌর জগতের গ্রহগুলি হলো (সূর্য থেকে দূরত্বের দিক থেকে) বুধ, শুক্র, পৃথিবী, মঙ্গল, বৃহস্পতি, শনি, ইউরেনাস এবং নেপচুন। এই ৮টি গ্রহের মধ্যে ৬টির নিজস্ব প্রাকৃতিক উপগ্রহ রয়েছে।

14. প্রথম মহাকাশচারী ব্যক্তি কে?
a) নীল অর্মস্ট্রং b) ইউরি গ্যাগারিন
c) ভেলেন্টিনা তেরেসকোভা d) স্টিফেন হকিং ans. B

Solution: ইউরি গ্যাগারিন একজন সোভিয়েত বৈমানিক এবং নভোচারী। তিনি ১৯৬১ সালের ১২ এপ্রিল ভস্টক নভোযানে চড়ে সর্বপ্রথম পৃথিবী কক্ষপথ প্রদক্ষিণ করেন। নীল আর্মস্ট্রং চাঁদে পা রাখা প্রথম ব্যক্তি। ভেলেন্তিনা তেরেশকোভা প্রথম নারী হিসেবে মহাশূন্যে পরিভ্রমণ করেন।

15. নিচের কোনটি কোষের শুণাবলী রক্ষা করে?
a) খাদ্যপ্রাণ b) আমিষ
c) স্নেহ d) পানি ans. D

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

16. কয়টি দেশ নিয়ে জাতিসংঘ যাত্রা করেছিলো?
a) ৪৮টি b) ৫০টি
c) ৫১টি d) ৬০টি **ans. C**

Solution: দ্বিতীয় বিশ্বযুদ্ধের শেষের দিকে ১৯৪৫ সালের ২৫ এপ্রিল থেকে ২৬ জুন সানফ্রান্সিসকোতে আন্তর্জাতিক সংগঠন প্রশ্নে জাতিসমূহের সম্মেলনে ৫০টি দেশের প্রতিনিধিরা জাতিসংঘ সনদ রচনা করেন এবং সম্মেলনে অংশগ্রহণকারী ৫০টি দেশ ২৬ জুন সনদটি অনুমোদন ও স্বাক্ষর করেন। পরবর্তীতে ১৯৪৫ সালের ১৫ অক্টোবর পোল্যান্ড ৫১তম দেশ হিসেবে সনদে স্বাক্ষর করে এবং ২৪ অক্টোবর জাতিসংঘ আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে। অর্থাৎ জাতিসংঘ ৫১টি দেশ নিয়ে যাত্রা শুরু করে।

17. ১৯৭১ সালের ৭ই মার্চ বঙ্গবন্ধু কোথায় ভাষণ দিয়েছিলেন?
a) রেসকোর্স ময়দানে b) প্রেসিডেন্ট ভবনে
c) পার্লামেন্ট ভবনে d) রমনা পার্কে **ans. A**

Solution: ১৯৭১ সালের ৭ মার্চ তারিখে ঢাকার রেসকোর্স ময়দানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐতিহাসিক ভাষণ দেন। উল্লেখ্য, ২৩ ফেব্রুয়ারি ১৯৬৯ সালে রেসকোর্স ময়দানে (বর্তমানে সোহরাওয়ার্দী উদ্যান) তৎকালীন ডাকসু ভিপি তোফায়েল আহমেদ শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধিতে ভূষিত করেন।

18. বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার ঘোষণা করা হয়েছিল?
a) ১৬ ডিসেম্বর, ১৯৭১ b) ১০ এপ্রিল, ১৯৭১
c) ১৭ এপ্রিল, ১৯৭১ d) ২৬ মার্চ, ১৯১৭ **ans. B**

Solution: মুজিবনগর সরকার বা বাংলাদেশের অস্থায়ী সরকার গঠিত ১৯৭১ সালের ১০ এপ্রিল মেহেরপুর জেলার ভবের পাড়া গ্রামের আম্র-কাননে। শপথ গ্রহণ অনুষ্ঠিত হয় ১৯৭১ সালের ১৭ এপ্রিল।

19. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মস্থান কোথায়?
a) টুঙ্গিপাড়া b) টংগী
c) টাঙ্গাইল d) টঙ্গিবাড়ী **ans. A**

Solution: ১৯২০ সালের ১৭ই মার্চ, গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জন্মগ্রহণ করেন।

20. বাংলাদেশের জাতীয় পতাকার রঙ কয়টি?
a) ২টি b) ৩টি
c) ৪টি d) ৫টি **ans. A**

Solution: বাংলাদেশের জাতীয় পতাকার রঙ ২টি।

পতাকার রং	গাঢ় সবুজের মাঝে লালবৃত্ত
ডিজাইনার	কামরুল হাসান
নকশা প্রথম তৈরী করেন	শিবনারায়ন দাস (১৯৭০ সাল ৬ জুন)
সরকারি ভাবে গৃহীত হয়	১৭ জানুয়ারি ১৯৭২ সালে
পতাকার অনুপাত	১০ ঃ ৬ অথবা ৫ ঃ ৩
প্রথম উত্তোলন	২ মার্চ, ১৯৭১ সালে
প্রথম উত্তোলন করেন	আ. স. ম. আব্দুর রব, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বটতলায়

21. বাংলাদেশের সাংবিধানিক নাম হলো?
a) বাংলাদেশ
b) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
c) বাংলাদেশ প্রজাতন্ত্র
d) বাংলাদেশ ইসলাম প্রজাতন্ত্র **ans. B**

Solution: বাংলাদেশের সাংবিধানিক নাম হলো গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ। উল্লেখ্য, বাংলাদেশের সাংবিধানিক নামের ইংরেজি পাঠ হলো 'The People's Republic of Bangladesh'.

22. বাংলাদেশ প্রধান বিচারপতি নিয়োগ দেন কে?
a) জাতীয় সংসদ b) প্রধানমন্ত্রী
c) স্পীকার d) রাষ্ট্রপতি **ans. D**

Solution: রাষ্ট্রপতি রাষ্ট্রের প্রধান। সরকারের যাবতীয় নির্বাহী কার্যাদি রাষ্ট্রপতির নামে সম্পাদিত হয়। প্রধানমন্ত্রী নিয়োগ ছাড়াও রাষ্ট্রপতি অন্যান্য মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপমন্ত্রীদেরও নিয়োগ প্রদান করেন। রাষ্ট্রপতি প্রধানমন্ত্রীর পরামর্শক্রমে বাংলাদেশের এটর্নি জেনারেল, সুপ্রিম কোর্টের বিচারক, প্রধান নির্বাচন কমিশনার এবং অন্যান্য নির্বাচন কমিশনার, মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান ও অন্যান্য সদস্যদের নিয়োগ প্রদান করেন। রাষ্ট্রপতি বাংলাদেশের প্রতিরক্ষা সার্ভিসের সর্বাধিনায়ক।

23. ঢাকা সিটি কর্পোরেশনের প্রথম নির্বাচিত মেয়রের নাম কী?
a) আনিসুল হক
b) মোহাম্মদ হানিফ
c) সাইদ খোকন
d) সাদেক হোসেন খোকা **ans. B**

Solution: মোহাম্মদ হানিফ ঢাকা সিটি কর্পোরেশনের প্রথম সরাসরি ভোটে নির্বাচিত মেয়র। ১৯৯৪ সালের ১২ মার্চ থেকে ২০০২ সালের ৪ এপ্রিল পর্যন্ত এই ৮ বছর ঢাকা সিটি কর্পোরেশনের মেয়র হিসেবে দায়িত্ব পালন করেন।

24. বাংলাদেশের বৃহত্তম নদী বন্দর
a) ভৈরব b) নারায়ণগঞ্জ
c) চাঁদপুর d) বরিশাল **ans. B**

Solution: শীতলক্ষা নদীর তীরে অবস্থিত নারায়নগঞ্জ নদীবন্দর বাংলাদেশের বৃহত্তম নদীবন্দর। বাংলাদেশের প্রধান নদীবন্দরগুলো হলোঃ ঢাকা, বরিশাল, চাঁদপুর, খুলনা, আরিচা, বাঘাবাড়ী, পটুয়াখালী, নরসিংদী, ছাতক, মেঘনাঘাট ইত্যাদি।

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

25. বাংলাদেশের কোন জেলা চায়ের জন্য বিখ্যাত?
a) ঢাকা
b) বগুড়া
c) ভোলা
d) সিলেট

Solution: বাংলাদেশের সিলেটের মালনিছড়ায় ১৮৫৭ সালে প্রথম বাণিজ্যিকভাবে চা উৎপাদন শুরু হয়। মৌলভীবাজার জেলায় সবচেয়ে বেশি চা উৎপন্ন হয়। এছাড়া সিলেট, হবিগঞ্জ, চট্টগ্রাম, রাঙামাটি জেলায়ও চা উৎপাদিত হয়। **ans. D**

দুর্নীতি দমন কমিশন
পদের নামঃ সহকারী পরিচালক; তারিখঃ ২৮.০২.২০২০

01. মুক্তিযুদ্ধ পূর্ব মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র কোনটি?
a) ধীরে বহে মেঘনা
b) জীবন থেকে নেয়া
c) ওরা এগারো জন
d) রক্তাক্ত বাংলা

Solution: জহির রায়হান যে ছবিগুলো পরিচালনা করেন তা হলোঃ 'Stop Genocide (প্রামাণ্যচিত্র)', 'জীবন থেকে নেয়া (১৯৭০)', 'সঙ্গম'। **ans. B**

02. সংবিধানের কোন অনুচ্ছেদে বাংলাকে রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেওয়া হয়েছে?
a) ১ নং
b) ৩ নং
c) ৫ নং
d) ৮ নং

Solution: সংবিধানের ৩নং অনুচ্ছেদে বাংলাকে রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেওয়া হয়েছে। **ans. B**

অনুচ্ছেদ	১নং	৫নং	৮নং
কি বলা হয়েছে	প্রজাতন্ত্র	রাজধানী	রাষ্ট্রপরিচালনার মূলনীতিসমূহ

03. অর্থ মন্ত্রণালয় এর বিভাগ কয়টি?
a) ৪টি
b) ২টি
c) ৩টি
d) কোন বিভাগ নাই **ans. A**

Solution: অর্থ মন্ত্রণালয় এর বিভাগ ৪টি বিভাগঃ

১	২	৩	৪
অর্থ বিভাগ	অভ্যন্তরীণ সম্পদ	অর্থনৈতিক সম্পর্ক	আর্থিক প্রতিষ্ঠান

04. 'আইনের দৃষ্টিতে সবাই সমান' এটি সংবিধান এর কোন অনুচ্ছেদ এর অন্তর্ভুক্ত?
a) ২৮
b) ২৭
c) ৩০
d) ৩২ **ans. B**

Solution: 'আইনের দৃষ্টিতে সবাই সমান' এটি সংবিধান এর ২৭নং অনুচ্ছেদ এর অন্তর্ভুক্ত।

অনুচ্ছেদ	২৮নং	৩০নং	৩২নং
কি বলা হয়েছে	ধর্ম প্রভৃতি কারনে বৈষম্য	বিদেশী খেতাব প্রভৃতি গ্রহণ নিষিদ্ধকরণ	জীবন ও ব্যক্তি-স্বাধীনতার অধিকার-রক্ষণ

05. সংবধানের কোন অনুচ্ছেদে অনুপার্জিত আয় সম্পর্কে বলা হয়েছে?
a) ১৫
b) ২০
c) ২৫
d) ২৭ **ans. B**

Solution: সংবধানের ২০নং অনুচ্ছেদে অনুপার্জিত আয় সম্পর্কে বলা হয়েছে।

অনুচ্ছেদ	১২নং	১৫নং	১৭নং
কি বলা হয়েছে	মৌলিক প্রয়োজনে ব্যবস্থা	আন্তর্জাতিক শান্তি, সংহতি, নিরাপত্তার উন্নয়ন	[illegible]

06. জাতীয় যুব নীতি অনুসারে যুবদের বয়সসীমা কত?
a) ১৮-৩৫ বছর
b) ২২-৩০ বছর
c) ২০-৩৮ বছর
d) ১৮-৩০ বছর **ans. A**

Solution: ১৮ থেকে ৩৫ বছর বয়সী যে কোনো নাগরিক যুব বলে গণ্য হবে। এমন বিধান রেখে জাতীয় যুবনীতি ২০১৭ চূড়ান্ত করা হয়। খসড়া যুবনীতি পর্যালোচনায় দেখা গেছে, এতে ১৭টি ধারা ও বেশ কিছু উপধারা রয়েছে।

07. ২০১৯ সালে 'স্বাধীনতা পদক' পেয়েছেন কতজন?
a) ৯
b) ১০
c) ১২
d) ১৫ **ans. Note**

Solution: ২০১৯ সালে 'স্বাধীনতা পদক' পেয়েছেন ৭টি ক্যাটাগরিতে মোট ১৪ জন। উল্লেখ্য, ২০২০ সালে 'স্বাধীনতা পদক' দেওয়া হয়েছে ২০ জন ব্যক্তি এবং ১টি প্রতিষ্ঠানকে (বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট)। আর পুরস্কারটি প্রদান করা হয় ২০ ফেব্রুয়ারি, ২০২০ সালে।

08. মুজিব শতবর্ষের লোগোর ডিজাইনার -
a) সব্যসাচী হাজরা
b) মুস্তাফা মনোয়ার
c) শিল্পী শাহাবুদ্দীন
d) হাশেম খান **ans. A**

Solution: মুজিব বর্ষের লোগোর ডিজাইনার সব্যসাচী হাজরা। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন 'মুজিব শতবর্ষ' উপলক্ষে লোগো প্রকাশ করা হয়েছে। ১০ জানুয়ারি ২০২০ বঙ্গবন্ধুর ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে মুজিব বর্ষের ক্ষণগণনা শুরু এবং লোগো উন্মোচন করা হয়।

09. বাংলাদেশের সর্বপ্রাচীন জনপদের নাম কি?
a) হরিকেল
b) গৌড়
c) পুণ্ড্র
d) তাম্রলিপি **ans. C**

Solution: প্রাচীন বাংলার জনপদগুলোর মধ্যে অন্যতম হলো পুণ্ড্র। 'পুণ্ড্র' বলে একটি জাতি এ জনপদ গড়ে তুলেছিল। পুণ্ড্রদের রাজ্যের রাজধানীর নাম ছিল 'পুণ্ড্রনগর'। বাংলাদেশে প্রাপ্ত পাথরের চাকতিতে খোদাই করা সম্ভবত প্রাচীনতম শিলালিপি পুণ্ড্রতে পাওয়া গেছে। উল্লেখ্য, বাংলা পূর্বে প্রায় ১৬টি জনপদে বিভক্ত ছিল। এগুলো হলো পুণ্ড্র হরিকেল, সমতট, গৌড়, বঙ্গ ইত্যাদি।

10. বীরপ্রতীক খেতাব প্রাপ্ত নারীর সংখ্যা কতজন?
a) ১
b) ২
c) ৩
d) ৪ **ans. B**

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

Solution: মুক্তিযুদ্ধে অসামান্য অবদান রাখার জন্য দুইজন মহিলাকে 'বীরপ্রতীক' খেতাব প্রদান করা হয়। তাঁরা হলেনঃ মুক্তিযোদ্ধা তারামন বিবি ও মুক্তিযোদ্ধা সেতারা বেগম। মুক্তিযোদ্ধা তারামন বিবি ১১নং সেক্টরে যুদ্ধ করেন এবং সেতারা বেগম ২ নং সেক্টরে যুদ্ধ করেন।

11. বাংলাদেশের প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনার মেয়াদ ছিল -

a) ১৯৭২-১৯৭৭ b) ১৯৭৪-১৯৭৯
c) ১৯৭৩-১৯৭৮ d) ১৯৭৫-১৯৭৬ **ans. C**

Solution: উন্নয়নে পঞ্চবার্ষিকী পরিকল্পনার প্রবর্তক রাশিয়ার সাবেক প্রেসিডেন্ট স্ট্যালিন (১৯২১ সালে)। বাংলাদেশের পঞ্চবার্ষিক পরিকল্পনাসমূহঃ

পরিকল্পনা	মেয়াদকাল	বরাদ্দ অর্থ (কোটি টাকায়)	প্রকৃত ব্যয় (কোটি টাকায়)	অর্জিত প্রবৃদ্ধি (%)
প্রথম	১৯৭৩-৭৮	৪৪৫৫	২০৭৪	৪.০
দ্বিতীয়	১৯৮০-৮৫	১৭২০০	১৫২৯৭	৩.৮
তৃতীয়	১৯৮৫-৯০	৩৮৬০০	২৭০১১	৩.৮
চতুর্থ	১৯৯০-৯৫	৬২০০০	৫৯৮৪৮	৪.১৫
পঞ্চম	১৯৯৭-০২	১৯৫৯৫২	১৩৭৩৬৪	৫.২১

12. 'নজরুল মঞ্চ' কোথায় অবস্থিত?

a) বাংলা একাডেমিতে
b) রাজশাহী বিশ্ববিদ্যালয়ে
c) চারুকলা ইন্সটিটিউটে
d) জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ে **ans. A**

Solution: নজরুল মঞ্চ বাংলা একাডেমিতে অবস্থিত। অমর একুশে বইমেলায় নজরুল মঞ্চে উপস্থিত হন দেশের খ্যাতনামা লেখক, গবেষক, কবি ও সাহিত্যিক। ২০০৩ সালের ২৫ জুন নজরুল মঞ্চ উদ্বোধন ও নজরুল ভাস্কর্য উন্মোচন করা হয়। নজরুলের ভাস্কর্যটি তৈরি করেছেন শিল্পী হামিদুজ্জামান।

13. 'মহাসেন' কার সাথে সম্পর্কিত?

a) সাইক্লোন b) টর্নেডো
c) ভূমিকম্প d) বন্যা **ans. A**

Solution: 'মহাসেন' হলো একটি সাইক্লোন বা ঘূর্ণিঝড়ের নাম যা বাংলাদেশের চট্টগ্রামের কাছে খেপুপাড়া দিয়ে বাংলাদেশে প্রবেশ করেছিল। এই ঘূর্ণিঝড়ের কারণে চট্টগ্রাম, কক্সবাজার ও মংলা সমুদ্রবন্দরে ৩নং সতর্কতা সংকেত দেখাতে বলা হয়েছিল।

14. তিতাস উপজেলা কোন জেলায় অবস্থিত?

a) ব্রাহ্মণবাড়িয়া b) কুমিল্লা
c) চাঁদপুর d) ফেনী **ans. A**

Solution: 'তিতাস উপজেলা' কুমিল্লা জেলার অন্তর্ভুক্ত একটি উপজেলা। এই উপজেলাটি গঠন করা হয় ২০০৪ সালে।

15. বাংলাদেশের অন্তর্গত সুন্দরবনের আয়তন কত?

a) ৭,৫৫০ বর্গ কি.মি b) ৬,৫৫০ বর্গ কি.মি
c) ৬,৫৭৫ বর্গ কি.মি d) ৫,৫৭৫ বর্গ কি.মি

ans. Note

Solution: ৬,০১৭ বর্গকিলোমিটার আয়তনের সুন্দরবন বিশ্বের বৃহত্তম ব-দ্বীপ, দীর্ঘতম লবণাক্ত জলাভূমি এবং জীব বৈচিত্র্য সমৃদ্ধ একটি গুরুত্বপূর্ণ Ecosystem. জলাভূমি হিসেবে রামসার এলাকার সকল বৈশিষ্ট্য বিদ্যমান থাকায় সুন্দরবনকে ১৯৯২ সালে ৫৬০তম রামসার এলাকা হিসেবে ঘোষণা করা হয়। ১৯৯৭ সালে ইউনেস্কো এটিকে 'বিশ্ব ঐতিহ্য' হিসেবে ঘোষণা করে।

16. বাংলাদেশের সবচেয়ে বড় জেলা কোনটি?

a) রাঙামাটি b) চট্টগ্রাম
c) খাগড়াছড়ি d) ময়মনসিংহ **ans. A**

Solution: আয়তনে বাংলাদেশের বৃহত্তম জেলা হলো রাঙামাটি (৬১১৬.১১ বর্গ কিলোমিটার বা ২৩৬১ বর্গ মাইল। আর ক্ষুদ্রতম জেলা হলো নারায়ণগঞ্জ (৬৮৪.৩৭ বর্গ কিলোমিটার বা ২৬৪ বর্গ মাইল)। জেলা নিয়ে কিছু কথাঃ বাংলাদেশের প্রথম জেলা গঠিত হয় ১৬৬৬ সালে; প্রথম গঠিত জেলা চট্টগ্রাম (১৬৬৬)।

17. ছয় দফা ঘোষিত হয়-

a) লাহোরে b) পেশোয়ারে
c) করাচিতে d) ইসলামাবাদে **ans. A**

Solution: ঐতিহাসিক ৬ দফার প্রবক্তা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। পূর্ব বাংলার জনগণের প্রতি পাকিস্তান রাষ্ট্রের চরম বৈষম্যমূলক আচরণ ও অবহেলার বিরুদ্ধে আন্দোলন সংগ্রাম গভীর ও সুস্পষ্ট রূপ লাভ করে ৬ দফার স্বায়ত্তশাসনের দাবিনামায়। ১৯৬৬ সালের ৫ থেকে ৬ ফেব্রুয়ারি লাহোরে অনুষ্ঠিত বিরোধী দলসমূহের এক সম্মেলনে যোগদান করেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক শেখ মুজিবুর রহমান। সেখানে তিনি সংবাদ সম্মেলন করে পূর্ব পাকিস্তানের জনগণের অধিকার রক্ষার জন্য ৬ দফা দাবি তুলে ধরেন।

18. মুক্তিযুদ্ধের কোন সেক্টরটি ছিল ব্যতিক্রমধর্মী

a) ১০ নং b) ৯ নং
c) ৪ নং d) ৭ নং **ans. A**

Solution: মুক্তিযুদ্ধকালীন ১১টি সেক্টরের মধ্যে ১০নং সেক্টরটি ছিল নৌ-সেক্টর। নৌবাহিনীর আটজন বাঙালি কর্মকর্তার সমন্বয়ে এই সেক্টর গঠন করা হয়েছিল। ১৯৭১ সালে ১০নং সেক্টরে ছিল নদী ও বঙ্গোপসাগর।

19. 'একাত্তরের দিনগুলি' লিখেছেন

a) সেলিনা হোসেন b) সুফিয়া কামাল
c) এম আর আখতার মুকুল d) জাহানারা ইমাম **ans. D**

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

Solution: 'একাত্তরের দিনগুলি, বুকের ভেতর আগুন, বিদায় দে মা ঘুরে আসি' মুক্তিযুদ্ধ ভিত্তিক গ্রন্থগুলো লিখেছেন জাহানারা ইমাম। বইটি প্রথম প্রকাশিত হয় ১৯৮৬ সালে।

20. 'বালিয়াটি জমিদার বাড়ি' কোথায় অবস্থিত?
a) লক্ষ্মীপুর b) মানিকগঞ্জ
c) ঢাকা d) টাংগাইল

Solution: 'বালিয়াটি জমিদার বাড়ি' মানিকগঞ্জ জেলায় অবস্থিত। এটি ১৯ শতকে নির্মিত অন্যতম প্রাসাদ। মানিকগঞ্জের ঐতিহাসিক ও দর্শনীয় স্থান হলো একচালা দুর্গ শিবালয়, মত্তের মাঠ, আনন্দময়ী কালিবাড়ী, তেওতা জমিদার বাড়ি, ধানকোড়া জমিদার বাড়ি, দশচিড়া বৌদ্ধবিহার ও স্তূপ, নবরত্ন মাঠ ইত্যাদি। **ans. B**

21. গ্রীসের পূর্বনাম কি ছিল?
a) থালাস b) মেসিডোনিয়া
c) হেলাস d) থামাস

ans. C

22. ইউনেস্কোর কততম নির্বাহী সভায় বাংলাদেশের সাথে একসাথে মুজিব বর্ষ উদযাপনের সিদ্ধান্ত গৃহীত হয় -
a) ৩৯তম b) ৪০তম
c) ২০৬তম d) ২০৭তম

Solution: ২৫ নভেম্বর ২০১৯ সালে ইউনেস্কোর সদরদপ্তর প্যারিসে সংগঠনটির ৪০তম সম্মেলনে পূর্ণাঙ্গ অধিবেশনে সর্বসম্মতভাবে মুজিববর্ষ উদযাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। এই সিদ্ধান্তের ফলে ইউনেস্কো এর ১৯৩টি দেশে একযোগে বঙ্গবন্ধু জন্মশতবার্ষিকী উদযাপন করবে। **ans. B**

23. 'Dead Heart of Africa' কোন দেশ?
a) সুদান b) বুরুন্ডি
c) উগান্ডা d) শাদ

Solution: মধ্য আফ্রিকার ভূবেষ্টিত দেশ শাদ। আয়তন অনুসারে এটি আফ্রিকার পঞ্চম বৃহত্তম দেশ। সমুদ্র থেকে এর দূরত্ব এবং মরু আবহাওয়ার কারণে শাদকে 'Dead Heart of Africa' বলা হয়। শাদের রাজধানীর নাম হলো এনজামেনা। **ans. D**

24. 'ব্ল্যাক ফরেস্ট' কোন দেশে অবস্থিত?
a) জার্মানি b) সুইডেন
c) নাইজেরিয়া d) মালি

Solution: জার্মানির দক্ষিণ-পশ্চিমে অবস্থিত পর্বতময় বনভূমির নাম 'ব্ল্যাক ফরেস্ট' রাখা হয়েছে মূলত এর অপরূপ সৌন্দর্যের কারণে। এখানে পাহাড় ও বন একসাথে মিশে তৈরী হয়েছে এক অনাবিল পরিবেশ। লম্বা লম্বা গাছ আর উঁচু উঁচু পাহাড়ের কারণে এই বন 'ব্ল্যাক ফরেস্ট' নামে পরিচিত। **ans. A**

25. সম্প্রতি জাতিসংঘে ভোটাধিকার বাতিল হয় কোন দেশের?
a) ইরান b) মালি
c) সিরিয়া d) ভেনিজুয়েলা

Solution: লেবানন ও ইয়েমেনসহ সাতটি দেশের ভোটাধিকার কেড়ে নিয়েছে জাতিসংঘ। এই দেশগুলোর বিরুদ্ধে মূল অভিযোগ তারা জাতিসংঘে নির্ধারিত বার্ষিক অনুদান দেয়নি। জাতিসংঘ চার্টারের ১৯ অনুচ্ছেদ অনুযায়ী এই দেশগুলোর ভোটাধিকার কেড়ে নেয়া হয়েছে। তালিকার অন্যান্য দেশগুলো হলো ভেনিজুয়েলা, মধ্য আফ্রিকা প্রজাতন্ত্র, গাম্বিয়া, লেসোথো ও টোঙ্গে। **ans. D**

26. 'Green Deal' চুক্তি স্বাক্ষরিত হয়েছে কোন দেশে?
a) ফ্রান্স b) নরওয়ে
c) পর্তুগাল d) ফিনল্যান্ড

Solution: 'Green Deal' একটি জলবায়ু সংক্রান্ত চুক্তি। **ans. A**

27. কলকাতা নদীবন্দরের নতুন নাম কী?
a) জ্যোতি বসু বন্দর b) শ্যামাপ্রসাদ বন্দর
c) সুভাষ বোস বন্দর d) নলিনী বিহার বন্দর

Solution: সম্প্রতি ভারতের কলকাতা বন্দরের নাম পরিবর্তনের ঘোষণা এসেছে। এই বন্দরের নতুন নাম হবে শ্যামা প্রসাদ মুখার্জি বন্দর। শ্যামাপ্রসাদ মুখার্জি দেশের শিল্প ভাবনার পথিকৃৎ ছিলেন। তাঁর হাত ধরেই ভারতের চিত্তরঞ্জন লোকোমোটিভ কারখানা, ভিভিসি, হিন্দুস্তান বিমান কারখানা গড়ে উঠেছিল যা দেশের অগ্রগতিতে অসামান্য ভূমিকা রেখেছে। **ans. B**

28. 'রেইডার' শব্দটি কোন খেলার সাথে সম্পর্কিত?
a) হাডুডু b) কাবাডি
c) রাগবি d) ফুটবল

Solution: কাবাডি খেলায় দম নিয়ে যে বিপক্ষ খেলোয়ার কোর্টে হানা দেয় তাকে রেইডার বলে। **ans. B**

29. নোবেল বিজয়ী অভিজিৎ ব্যানার্জি কততম বাঙালি?
a) ২য় b) ৩য়
c) ৪র্থ d) ৫ম

Solution: ২০১৯ সালে তিন জন নোবেল বিজয়ীর একজন হলেন ভারতীয় বংশদ্ভূত মার্কিন অর্থনীতিবিদ অভিজিৎ ব্যানার্জি। রবীন্দ্রনাথ ঠাকুর, অমর্ত্য সেন, ড. মুহম্মদ ইউনুস সহ অভিজিৎ ব্যানার্জি নিয়ে এ পর্যন্ত মোট ৪জন বাঙালি নোবেল পুরস্কারে ভূষিত হন। উল্লেখ্য, নিলাম তত্ত্ব এবং নতুন নিলাম ফরমেটের প্রতিচ্ছবিগুলোর আবিস্কারের জন্য ২০২০ সালে অর্থনীতিতে যৌথভাবে নোবেল পুরস্কার পেয়েছেন (২ জন) পল আর মিলগ্রাম (যুক্তরাষ্ট্র) এবং রবার্ট বি উইলসন (যুক্তরাষ্ট্র)। **ans. C**

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

30. কোন দেশের পতাকায় চাঁদ ও সূর্য আছে?
a) সোমালিয়া b) ব্রুনাই
c) তুরস্ক d) নেপাল **ans. D**

Solution: নেপালের পতাকা দুটি রক্তিম ক্ষুদ্র পতাকার সমন্বয়ে গঠিত, যার প্রান্তের রঙ নীল। পতাকার উপরে চন্দ্র ও নিচের সূর্যের প্রতীক রয়েছে।

31. 'Wall Street' কোথায়
a) নিউ জার্সি b) ক্যালিফোর্নিয়া
c) নিউইয়র্ক d) ওয়াশিংটন **ans. C**

Solution: 'Wall Street' নিউইয়র্কে অবস্থিত বিখ্যাত শেয়ার বাজার। নিউ জার্সি যুক্তরাষ্ট্রের একটি বাণিজ্যিক ও শিল্প নগরী। ওয়াশিংটন ডিসি যুক্তরাষ্ট্রের রাজধানী।

32. 'City of Love & Lights' কোথায়?
a) বার্লিন b) হেগ
c) প্যারিস d) লাস ভেগাস **ans. C**

Solution: 'ভালোবাসার শহর' হিসেবে বিখ্যাত প্যারিসের আরেকটি ডাকনাম হলো 'আলোর শহর'। ইংরেজিতে প্যারিসকে 'City of Light' বলা হয়। নবজাগরণের সময় প্যারিস হয়ে উঠে শিক্ষা ও চিন্তা-ধারণার এক বিশাল কেন্দ্র। এজন্য প্যারিসের নামকরণ করা হয় 'Laville-Lumiere' অথবা 'City of Light'.

33. পরবর্তী ওয়ান ডে বিশ্বকাপ ক্রিকেট কোথায় অনুষ্ঠিত হবে?
a) ভারত b) অস্ট্রেলিয়া
c) নিউজিল্যান্ড d) দক্ষিণ আফ্রিকা **ans. A**

Solution: ২০২৩ সালে ১৩তম ক্রিকেট বিশ্বকাপের আসর বসবে ভারতে। ৯ ফেব্রুয়ারি, ২০২৩ থেকে শুরু হবে এই বিশ্বকাপ। ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হবে ২৬ মার্চ, ২০২৩ সালে। ২০১১ সালে ভারত-শ্রীলংকা ও বাংলাদেশে অনুষ্ঠিত হয়েছিল ক্রিকেট বিশ্বকাপ। আর ২০১৯ সালে ক্রিকেট বিশ্বকাপ অনুষ্ঠিত হয়েছিল ইংল্যান্ডে।

34. ইউরোপের প্রবেশদ্বার কোনটি?
a) ভিয়েনা b) বুদাপেস্ট
c) রোম d) লিসবন **ans. A**

Solution: মস্কো, রোম, প্যারিস ইত্যাদি ইউরোপীয় দেশের গুরুত্বপূর্ণ শহর থেকে মোট আটটি রেলপথ অস্ট্রিয়ার ভিয়েনায় মিলিত হয়েছে বলে ভিয়েনাকে ইউরোপের প্রবেশদ্বার বলে।

35. ২০১৯ সালে নিরাপদ নগরী সূচকে শ্রেষ্ঠ নগরী -
a) টোকিও b) হেরসিংকি
c) স্টকহোম d) ওসাকা **ans. A**

Solution: ডিজিটাল, স্বাস্থ্য, অবকাঠামোগত ও ব্যক্তিগত সুরক্ষা নির্দেশক যাচাই করে নিরাপদ নগরী সূচক প্রণয়ন করা হয়। এই প্রতিবেদন প্রকাশ করে যুক্তরাজ্যভিত্তিক গবেষণা প্রতিষ্ঠান 'Economist Intelligence Unit'. ২০১৯ সালের প্রকাশিত প্রতিবেদন সূচকে সবচেয়ে অনিরাপদ নগরীরর তালিকায় আছে নাইজেরিয়ার লাগোস (৬০), ভেনেজুয়েলার কারাকাস (৫৯), মিয়ানমারের ইয়াঙ্গুন (৫৮) পাকিস্তানের করাচি (৫৭) এবং বাংলাদেশের ঢাকা (৫৬) তম।

36. What is 'Cloud Computing'?
a) Online game b) Internet based service
c) Online Banking d) None **ans. B**

Solution: Cloud computing এর মূল বিষয়টি হলো নিজের ব্যবহৃত কোন প্রতিষ্ঠানের নিকট হতে সার্ভিস বা হার্ডওয়্যার ভাড়া নেয়া। অনেকগুলো ফার্ম একসাথে ভাড়া নিলে সামান্য খরচেই এই সেবা পাওয়া সম্ভব। কিন্তু একক কোন ক্ষুদ্র ফার্মের জন্য Cloud computing খুবই ব্যয়বহুল।

37. The client of computer server is known as .
a) Terminal b) Work Station
c) Subscriber d) Desktop **ans. B**

38. CPU এর অন্তর্ভুক্ত নয় -
a) RAM b) ROM
c) Cache d) Disk **ans. D**

Solution: কম্পিউটারের কেন্দ্রীয় অংশ হলো CPU. CPU কে কম্পিউটারের ব্রেইন বলা হয় । CPU কে তিন ভাগে ভাগ করা যায়ঃ *i*) Arithmatic Logic Unit (*ii*) Control Unit (*iii*) Register Memory. এছাড়া RAM, ROM এবং Cache এগুলো CPU এর Memory Unit এর অন্তর্ভুক্ত।

39. কোনটি ইনপুট ডিভাইস নয়?
a) স্ক্যানার b) মাউস
c) কী-বোর্ড d) প্রিন্টার **ans. D**

Solution: **Input Device:** Keyboard, Mouse, Joy-Stick, Light pen, Scanner, Graphics Tablet, Microphone, Magnetic Ink Character Reader (MICR), Optical Character Reader (OCR), Bar Code Reader, Optical Mark Reader (OMR) ইত্যাদি। আর **Output Device:** Monitor, Graphic Plotter, Printer, Speaker, Projector ইত্যাদি।

40. বর্তমানে ব্যবহৃত কম্পিউটার কোন প্রজন্মের?
a) ৩য় b) ৪র্থ
c) ৫ম d) ৬ষ্ঠ **ans. B**

Solution: বর্তমানে ব্যবহৃত কম্পিউটার ৪র্থ প্রজন্মের।

প্রজন্ম	১ম	২য়	৩য়	৪র্থ
সময়কাল	১৯৪৬-১৯৫৯	১৯৫৯-১৯৬৫	১৯৬৫-১৯৭১	১৯৭১-বর্তমান

ঢাকা দক্ষিণ সি
পদের নামঃ হিসাব সহকারী
01. কম্পিউটার ভাইরাস একটি
a) প্রোগ্রাম
c) সফটওয়্যার
Solution: কম্পিউটার ভা
স্বয়ংক্রিয়ভাবে নির্বাহ
(Self Extracted), Replicated) করে। এ
যা কম্পিউটারের
কম্পিউটারকে অস্বাভা
দায়ক কাজ করতে বা
কম্পিউটার ব্যবহার
কম্পিউটারের পরিভাষ
পূর্ণরূপ হলো Vita
Under Seize অর্থা
করা হয়েছে। গবেষক
Cohen) এই ভাইরা
Software বা প্রোগ্রা
সিস্টেম ক্ষতিসাধন ক
02. কোন জেলার সবচেয়ে
a) পঞ্চগড়
c) মৌলভীবাজার
Solution: বাংলাদেশে স
মৌলভীবাজার জেলা
জাদুঘর ১৬ সে
মৌলভীবাজারে যাত্র
১৬৭টি চা বাগান র
03. শহীদ বুদ্ধিজীবি দিব
a) ১৪ ডিসেম্বর
c) ২১ ফেব্রুয়ারি
Solution: ১৪ ডিসেম্বর
ডিসেম্বর বিজয় দি
পালিত হয় ২১ যে
পালিত হয় ২৬ মার্চ
04. পানিবাহিত রোগ
a) টাইফয়েড
c) ম্যালেরিয়া
Solution: পানির মাধ্য
রোগ বলে। ডায়রি
বাহিত রোগ। ডেঙ্গু
জনিত রোগ।

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

পদের নামঃ হিসাব সহকারী; তারিখঃ ২৯.০২.২০২০

01. কম্পিউটার ভাইরাস একটি ---- ।
a) প্রোগ্রাম
b) হার্ডওয়্যার
c) সফটওয়্যার
d) কোনোটি নয়
ans. A

Solution: কম্পিউটার ভাইরাস এ ধরনের প্রোগ্রাম যা স্বয়ংক্রিয়ভাবে নির্বাহ (Self Executed), সংক্রমণ (Self Extracted), নিজস্ব সংখ্যাবৃদ্ধি (Self Replicated) করে। এই প্রোগ্রাম কিছু নির্দেশ বহন করে যা কম্পিউটারের সিপিইউ কর্তৃক গ্রহণ করে কম্পিউটারকে অস্বাভাবিক, অগ্রহণযোগ্য এবং অস্বস্তি দায়ক কাজ করতে বাধ্য করে। এই প্রোগ্রামের উদ্দেশ্য কম্পিউটার ব্যবহারকারীকে বিড়ম্বনায় ফেলা। কম্পিউটারের পরিভাষায় ভাইরাস (Virus) শব্দটির পূর্ণরূপ হলো Vital Information Resources Under Seize অর্থাৎ গুরুত্বপূর্ণ উৎসগুলো বাজেয়াপ্ত করা হয়েছে। গবেষক ফ্রেডরিক কোহেন (Frederick Cohen) এই ভাইরাসের নামকরণ করেন। এটি একটি Software বা প্রোগ্রাম যা দ্বারা কম্পিউটারের অপারেটিং সিস্টেম ক্ষতিসাধন করে থাকে।

02. কোন জেলার সবচেয়ে বেশী চা বাগান আছে?
a) পঞ্চগড়
b) সিলেট
c) মৌলভীবাজার
d) চট্টগ্রাম
ans. C

Solution: বাংলাদেশে সবচেয়ে বেশি ৯৩টি চা বাগান রয়েছে মৌলভীবাজার জেলায়। উল্লেখ্য, বাংলাদেশের প্রথম চা জাদুঘর ১৬ সেপ্টেম্বর, ২০০৯ সালে শ্রীমঙ্গল, মৌলভীবাজারে যাত্রা শুরু করে। বর্তমানে বাংলাদেশে ১৬৭টি চা বাগান রয়েছে।

03. শহীদ বুদ্ধিজীবি দিবস কবে পালিত হয়?
a) ১৪ ডিসেম্বর
b) ১৬ ডিসেম্বর
c) ২১ ফেব্রুয়ারি
d) ২৫ মার্চ
ans. A

Solution: ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস। আর, ১৬ ডিসেম্বর বিজয় দিবস। আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয় ২১ ফেব্রুয়ারি। স্বাধীনতা ও জাতীয় দিবস পালিত হয় ২৬ মার্চ।

04. পানিবাহিত রোগ কোনটি?
a) টাইফয়েড
b) ডেঙ্গুজ্বর
c) ম্যালেরিয়া
d) যক্ষা
ans. A

Solution: পানির মাধ্যমে যে রোগ ছড়ায় তাকে পানি বাহিত রোগ বলে। ডায়রিয়া, টাইফয়েড, জন্ডিস এগুলো পানি বাহিত রোগ। ডেঙ্গু, ম্যালেরিয়া ও যক্ষা এগুলো ভাইরাস জনিত রোগ।

পরিবেশ অধিদপ্তর

পদের নামঃ কম্পিউটার অপারেটর; তারিখঃ ০৬.০৩.২০২০

01. বাংলাদেশের স্বাধীনতা দিবস কবে?
a) ১৬ ডিসেম্বর
b) ১৭ মার্চ
c) ২৬ মার্চ
d) ২১ ফেব্রুয়ারি
ans. C

02. বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতি কে?
a) বিচারপতি আবু সাঈদ
b) বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান
c) মোহাম্মদ উল্লাহ
d) খন্দকার মোস্তাক আহমেদ
ans. B

Solution: বাংলাদেশের প্রথম বা অস্থায়ী সরকার ১০ এপ্রিল ১৯৭১ সালে মেহেরপুর জেলার বৈদ্যনাথতলার (বর্তমান মুজিবনগর) ভবের-পাড়া গ্রামের আমবাগানে গঠিত হয়।

নাম	পদবি
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান	রাষ্ট্রপতি
সৈয়দ নজরুল ইসলাম	অস্থায়ী/উপ-রাষ্ট্রপতি
তাজউদ্দিন আহমদ	প্রধানমন্ত্রী
ক্যাপ্টেন এম. মনসুর আলী	মন্ত্রী
খন্দকার মোশতাক আহমদ	মন্ত্রী
আবুল হাসানাত মোহাম্মদ কামারুজ্জামান	মন্ত্রী

03. বাংলাদেশের জাতীয় পাখির নাম কী?
a) শালিক
b) দোয়েল
c) ময়না
d) টিয়া
ans. B

04. বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস কোনটি?
a) ২০ জানুয়ারি
b) ১০ জানুয়ারি
c) ২৪ জানুয়ারি
d) ২৮ জানুয়ারি
ans. B

Solution: পাকিস্তানের কারাগার থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৮ জানুয়ারি ১৯৭২ সালে মুক্তি লাভ করেন। তিনি ১০ জানুয়ারি বাংলাদেশে আসেন। এজন্য ১০ জানুয়ারি স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত হয়।

05. সতীদাহ প্রথা রোধ করেন কে?
a) রাজা রামমোহন রায়
b) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
c) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
d) রবীন্দ্রনাথ ঠাকুর
ans. Note

Solution: সতীদাহ প্রথার বিলোপ আইন করেন লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক (১৮২৯ সালে)। রাজা রামমোহন রায় সতীদাহ প্রথা বিলোপের জন্য জোর প্রচেষ্টা করেন।

06. বাংলাদেশের জাতীয় পতাকার অনুপাত কত?
a) ১১ ঃ ৬
b) ৭ ঃ ৩
c) ৪ ঃ ৩
d) ১০ ঃ ৬
ans. D

Solution: বাংলাদেশের জাতীয় পতাকার অনুপাত ১০ ঃ ৬।

পতাকার রং	গাঢ় সবুজের মাঝে লালবৃত্ত
ডিজাইনার	কামরুল হাসান
নকশা প্রথম তৈরী করেন	শিবনারায়ন দাস (১৯৭০ সাল ৬ জুন)
সরকারি ভাবে গৃহীত হয়	১৭ জানুয়ারী ১৯৭২ সালে
পতাকার অনুপাত	১০ ঃ ৬ অথবা ৫ ঃ ৩

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark Wondershare PDFelement

প্রথম উত্তোলন	২ মার্চ, ১৯৭১ সালে
প্রথম উত্তোলন করেন	আ. স. ম. আব্দুর রব, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বটতলায়

07. বিশ্ব পরিবেশ দিবস কবে?

a) ৬ জুলাই b) ৩১ মে
c) ৫ জুন d) ২১ ফেব্রুয়ারি **ans. C**

Solution: বিশ্ব পরিবেশ দিবস প্রতি বছর ৫ জুন বিশ্বব্যাপী রাজনৈতিক কর্মোদ্যোগ আর জনসচেতনতার মাধ্যমে পরিবেশ সচেতনতার লক্ষ্যে পালিত দিবস। এই দিনটিতেই জাতিসংঘের মানবিক পরিবেশ কনফারেন্স (United Nations Conference on the Human Environment) শুরু হয়েছিল। এই কনফারেন্স হয়েছিল ১৯৭২ সালের ৫ থেকে ১৬ জুন অবধি। এই কনফারেন্স ঐ বছরই চালু করেছিল জাতিসংঘের সাধারণ সভা। তখন থেকেই প্রতি বছর এই দিবস পালিত হয়ে আসছে। দিবসটি প্রথম পালিত হয় ১৯৭৪ সালে।

08. কোন ব্যক্তি বীর শ্রেষ্ঠ হিসেবে সম্মানিত?

a) তারামন বিবি
b) গোলাম দস্তগীর গাজী
c) তৌফিক-ই-এলাহী
d) স্কোয়াড্রন লিডার রুহুল আমিন **ans. D**

Solution: ইঞ্জিনরুম আর্টিফিসার রুহুল আমিন মুক্তিযুদ্ধে ১০ নং সেক্টরে যুদ্ধ করেন। ১০ ডিসেম্বর ১৯৭১ সালে তিনি শহীদ হন। তিনি সাতজন বীরশ্রেষ্ঠের একজন।

09. জাতিসংঘের ভাষা কয়টি?

a) ৬টি b) ৪টি
c) ৫টি d) ৭টি **ans. A**

Solution: জাতিসংঘের দাপ্তরিক ভাষা ৬টি। যথা: ইংরেজি, স্প্যানিশ, আরবি, ফরাসি, চীনা ও রুশ।

10. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম তারিখ কবে?

a) ৭ মার্চ b) ১৭ মার্চ
c) ১৫ আগস্ট d) ১৭ এপ্রিল **ans. B**

Solution: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯২০ সালের ১৭ মার্চ গোপালগঞ্জের মধুমতি নদীর শাখা নদী বাইগারের পাশে অবস্থিত টুঙ্গিপাড়ায় জন্মগ্রহণ করেন।

11. করোনাভাইরাসকে কী নামে আন্তর্জাতিকভাবে আখ্যায়িত করা হয়েছে?

a) Covid-19 b) Nobel
c) Corona 19 d) Novel 19 **ans. A**

Solution: করোনা ভাইরাস বলতে ভাইরাসের একটি শ্রেণিকে বোঝায় যেগুলি স্তন্যপায়ী প্রাণী এবং পাখিদেরকে আক্রান্ত করে। করোনা ভাইরাস চীনের হুবেই প্রদেশের উহান শহরে ৩১ ডিসেম্বরে, ২০১৯ সালে সনাক্ত হয়। চীনের বাইরে করোনা ভাইরাসের প্রথম সন্ধান পাওয়া যায় থাইল্যান্ডে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা ১১ মার্চ, ২০২০ করোনা ভাইরাসকে মহামারি ঘোষণা করে। বাংলাদেশে প্রথম করোনা ভাইরাস সনাক্ত হয় ৮ মার্চ, ২০২০ এবং প্রথম মৃত্যু হয় ১৮ মার্চ, ২০২০ সালে।

12. বাংলাদেশের অস্থায়ী সরকারের প্রথম প্রধানমন্ত্রী কে?

a) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
b) এম মনসুর আলী
c) সৈয়দ নজরুল ইসলাম
d) তাজউদ্দিন আহমেদ **ans. D**

Solution: বাংলাদেশের অস্থায়ী সরকারের প্রথম প্রধানমন্ত্রী হলে তাজউদ্দিন আহমেদ। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছিলেন রাষ্ট্রপতি। সৈয়দ নজরুল ইসলাম ছিলেন অস্থায়ী/উপ-রাষ্ট্রপতি। ক্যাপ্টেন এম. মনসুর আলী ছিলেন অর্থ মন্ত্রী।

13. আমেরিকার (United State of America) রাজধানী কোথায়?

a) নিউইয়র্ক b) ওয়াশিংটন
c) লসএঞ্জেলস d) বোস্টন **ans. B**

Solution: আমেরিকা এর রাজধানী ওয়াশিংটন ডিসি। ডিসি এর পূর্ণরূপ হলো ডিসট্রিক্ট অব কলম্বিয়া।

14. আহসান মঞ্জিল কোন নদীর তীরে অবস্থিত?

a) যমুনা b) মেঘনা
c) বুড়িগঙ্গা d) তুরাগ **ans. C**

Solution: আহসান মঞ্জিল বুড়িগঙ্গা নদীর তীরে অবস্থিত। উল্লেখ্য, 'আহসান মঞ্জিল' এর প্রতিষ্ঠাতা নওয়াব আবদুল গণি। তিনি তাঁর পুত্র খাজা আহসানুল্লাহ-র নামানুসারে এর নামকরণ করেন।

15. কোন দেশটি দক্ষিণ এশিয়ার আন্তর্ভুক্ত?

a) ইরাক b) শ্রীলংকা
c) রাশিয়া d) চীন **ans. B**

Solution: দক্ষিণ এশিয়ায় মোট ৯টি দেশ আছে। দেশগুলো হলোঃ বাংলাদেশ, ভারত, পাকিস্তান, শ্রীলংকা, নেপাল, ভুটান, মালদ্বীপ, আফগানিস্তান এবং ইরান।

16. কোনটি পরিবেশের অংশ?

a) পানি b) মাটি
c) বায়ু d) সবকটি **ans. D**

Solution: পরিবেশের উপাদানগুলোকে ২ ভাগে ভাগ করা যায়ঃ ক. জীব উপাদান এবং খ. জড় উপাদান। বৃক্ষ, তরুলতা, পশু, পাখি ইত্যাদি জীব উপাদান। আর পানি, বায়ু, মাটি এগুলো হলো জড় উপাদান।

17. বাংলা নববর্ষ হিসেবে পহেলা বৈশাখ চালু করেন কে?

a) সম্রাট বাবর b) সম্রাট শাহজাহান
c) সম্রাট আকবর d) কোনটিই নয় **ans. C**

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

Solution: বাংলা নববর্ষ হিসেবে পহেলা বৈশাখ চালু করেন সম্রাট আকবর। সম্রাট আকবর, তাঁর জ্যোতিষী ফতেহ উল্লাহ সিরাজী এবং সম্রাট আকবরের অর্থমন্ত্রী- এই তিনজন মিলে ইংরেজী ১৫৫৬ এবং হিজরী ৯৬৩ সালে বাংলা সাল চালু করেন।

18. চট্টগ্রাম সমুদ্র বন্দর কোন নদীর তীরে অবস্থিত?
a) বাকখালী b) কর্ণফুলী
c) কক্সবাজার d) ফেনী

Solution: পায়রা সমুদ্র বন্দর রামনাবাদ চ্যানেলের তীরে (পটুয়াখালী) অবস্থিত। বাগেরহাটের মংলা সমুদ্র বন্দর পশুর নদীর তীরে অবস্থিত। **ans. B**

19. সেন্টমার্টিন দ্বীপ কোন জেলায় আওতায়?
a) চট্টগ্রাম b) টেকনাফ
c) কক্সবাজার d) ফেনী

Solution: সেন্টমার্টিন বাংলাদেশের একমাত্র প্রবালদ্বীপ যা মূল ভূ-খণ্ডের সর্বদক্ষিণে এবং কক্সবাজার জেলা শহর থেকে ১২০ কিলোমিটার দূরে ১৭ বর্গকিলোমিটার এর একটি ক্ষুদ্র দ্বীপ। স্থানীয় ভাষায় সেন্টমার্টিনকে নারিকেল জিঞ্জিরা বলে ডাকা হয়। এটি টেকনাফ উপজেলার মধ্যে পড়েছে। **ans. C**

20. মহাস্থানগড়ের পুরাতন নাম কী?
a) পুণ্ড্রবর্ধন b) সুবর্ণগ্রাম
c) বিক্রমপুর d) নদীয়া

Solution: মহাস্থানগড়ের পুরাতন নাম পুণ্ড্রবর্ধন। বগুড়া শহর হতে সাত মাইল উত্তরে করতোয়া নদীর পশ্চিম তীরে মহস্থানগড়, যা একসময় মৌর্য ও গুপ্ত বংশের রাজাদের রাজধানী ছিল। আর এই রাজধানীর নাম ছিল 'পুণ্ড্রনগর'। বাংলাদেশে প্রাপ্ত পাথরের চাকতিতে খোদাই করা সম্ভবত প্রাচীনতম শিলালিপি এখানে পাওয়া গেছে। **ans. A**

21. আমাজন নদী কোন মহাদেশে অবস্থিত?
a) আফ্রিকা b) উত্তর আমেরিকা
c) দক্ষিণ আমেরিকা d) এশিয়া

Solution: আমাজন নদী দক্ষিণ আমেরিকা মহাদেশে অবস্থিত। আমাজন অরণ্যের আয়তন ৫৫,০০,০০০ বর্গকিলোমিটার। ৯টি দেশ জুড়ে এই অরণ্য বিস্তৃত। আমাজন অরণ্যের ৬০% রয়েছে ব্রাজিলে, ১৩% রয়েছে পেরুতে এবং বাকি অংশ রয়েছে কলম্বিয়া, ভেনেজুয়েলা, ইকুয়েডর, বলিভিয়া, গায়ানা, সুরিনাম এবং ফরাসি গায়ানা। **ans. C**

22. ব্রহ্মপুত্র নদীর উৎস কোনটি?
a) গঙ্গোত্রী হিমবাহ b) মানস সরোবর
c) যমুনা d) বঙ্গোপসাগর

Solution: ব্রহ্মপুত্রের উৎপত্তি হিমালয় পর্বতমালার কৈলাস শৃঙ্গের হিমবাহে, যা তিব্বতের পশ্চিমাঞ্চলে অবস্থিত। ব্রহ্মপুত্র নদীটি তিব্বত ও আসামের ভিতর দিয়ে প্রবাহিত হয়ে কুড়িগ্রামের মধ্য দিয়ে বাংলাদেশে প্রবেশ করেছে। আর ময়মনসিংহের দেওয়ানগঞ্জের কাছে ব্রহ্মপুত্র দক্ষিণ-পূর্ব দিকে বাঁক নিয়ে ময়মনসিংহ জেলার মধ্য দিয়ে প্রবাহিত হয়ে ভৈরববাজারের দক্ষিণে মেঘনায় পড়েছে। **ans. B**

23. পানামা খাল কোন কোন মহাসাগরকে যুক্ত করেছে?
a) ভারত মহাসাগর ও আটলান্টিক মহাসাগর
b) আটলান্টিক ও প্রশান্ত মহাসাগর
c) প্রশান্ত ও ভারত মহাসাগর
d) কোনটিই নয়

Solution: পানামা খাল জাহাজ চলাচলের জন্য পানামা প্রজাতন্ত্রের ইস্থমাসে নির্মিত একটি খাল যা আটলান্টিক ও প্রশান্ত মহাসাগরকে যুক্ত করেছে। ইস্থমাস বলতে দুটো বড় ভূখণ্ডকে সংযোগকারী সরু ভূমিকে বোঝায় যার অন্য দুই পাশে সাধারণত পানি থাকে। পানামার ইস্থমাস উত্তর ও দক্ষিণ আমেরিকা মহাদেশকে যুক্ত করে এবং আটলান্টিক ও প্রশান্ত মহাসাগরকে আলাদা করে রাখে। এই খালটি তাই এক অর্থে মহাদেশ দুটিকে আলাদা করে এবং মহাসাগর দুটিকে যুক্ত করেছে। আর এই খালটি প্রথম ব্যবহার করা হয় ১৫ আগস্ট ১৯১৪ সালে। **ans. B**

24. মিসরীয় সভ্যতা কোন নদীর তীরে অবস্থিত ছিল?
a) গঙ্গা b) নীলনদ
c) হোয়াংহো d) রাইন

Solution: প্রাচীন মিশরীয় সভ্যতা ইতিহাসের প্রাচীন এবং সাংস্কৃতিক সমৃদ্ধ সভ্যতা। প্রাচীন এই সভ্যতা গড়ে উঠেছিল নীল নদকে কেন্দ্র করে। এই সভ্যতার বর্তমান অবস্থান মিশর। এই সভ্যতা ২৫০০ বছরেরও বেশি সময়কাল ধরে স্থায়ী ছিল। ধর্মীয় চিন্তা, শিল্প, লিখন পদ্ধতি, কাগজের আবিষ্কার, জ্ঞান-বিজ্ঞান চর্চায় সবকিছুতেই মিশরীয় সভ্যতার অবদান অনস্বীকার্য। **ans. B**

25. বিশ্বের সর্বোচ্চ শৃঙ্গ কোনটি?
a) কেওক্রাডং b) মাউন্ট এভারেস্ট
c) কিলিমানজারো d) কোনটিই নয়

Solution: মাউন্ট এভারেস্ট, যা নেপালে সগরমাথা এবং তিব্বতে চেহামোলাংমা নামে পরিচিত বিশ্বের সর্বোচ্চ পর্বতশৃঙ্গ। এই শৃঙ্গটি হিমালয়ের মহালঙ্গুর হিমালয় পর্বতমালায় অবস্থিত। সমুদ্রপৃষ্ঠ হতে এর উচ্চতা ৮,৮৪৮ মিটার (২৯,০২৯ ফুট) হলেও পৃথিবীর কেন্দ্র হতে এই শৃঙ্গের দূরত্ব সর্বাধিক নয়। চীন ও নেপালের আন্তর্জাতিক সীমান্ত মাউন্ট এভারেস্টের শীর্ষবিন্দু দিয়ে গেছে। উল্লেখ্য, কেওক্রাডং বাংলাদেশের দ্বিতীয় সর্বোচ্চ পর্বতশৃঙ্গ। এটি বান্দরবানে রুমায় অবস্থিত। পূর্ব **ans. B**

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

আফ্রিকার দেশ তানজানিয়ার উত্তর প্রান্তে অবস্থিত মাউন্ট কিলিমানজারোকে 'Roof of the Africa' বলা হয়। এটি আফ্রিকা মহাদেশের সর্বোচ্চ পর্বত।

26. ভারতের সর্বশেষ বৃটিশ গভর্ণর কে ছিলেন?
a) লর্ড হার্ডিঞ্জ b) মাউন্টব্যাটেন
c) এলান অক্টোভিয়ান d) লর্ড কার্জন **ans. B**

Solution: লর্ড মাউন্টব্যাটেন ১৯৪৭ সালের ২১ ফেব্রুয়ারি হতে ১৯৪৭ সালের ১৫ আগস্ট পর্যন্ত কর্মরত ছিলেন। তাঁর সময়কালেই ভারতীয় স্বাধীনতা ঘোষণা হয়।

27. স্বাধীনতা যুদ্ধে বাংলাদেশকে কয়টি সেক্টরে ভাগ করা হয়েছিল?
a) ১২টি b) ১৩টি
c) ১১টি d) ১০টি **ans. C**

Solution: বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে বিজয় নিশ্চিত করতে এবং যুদ্ধ সুষ্ঠভাবে পরিচালনার জন্য ১৯৭১ সালের ১১ জুলাই সমগ্র বাংলাদেশকে ১১টি সেক্টরে ভাগ করা হয়। তন্মধ্যে ১০নং সেক্টর নৌ-কমান্ড নিয়ে গঠিত হয়। এ সেক্টরের কোনো নিয়মিত কমান্ডার ছিলেন না। এ সেক্টর গঠনের উদ্যোক্তা ছিলেন ফ্রান্সে প্রশিক্ষণরত তৎকালীন পাকিস্তান নৌবাহিনীর আটজন বাঙালি কর্মকর্তা।

28. আয়তনে বিশ্বের সবচেয়ে বড় জলপ্রপাত কোনটি?
a) অ্যাঞ্জেল b) ভিক্টোরিয়া
c) নায়াগ্রা d) তুগেলা **ans. C**

Solution: নায়াগ্রা জলপ্রপাতটি যুক্তরাষ্ট্র এবং কানাডা এই দুটি দেশের মধ্যে অবস্থিত। এই জলপ্রপাতের উচ্চতা ১৬৭ মিটার। উল্লেখ্য, নিচে উচ্চতায় বিশ্বের বিখ্যাত কিছু জলপ্রপাতের নাম দেওয়া হলোঃ

নাম	উচ্চতা ফুট	অবস্থান
অ্যাঞ্জেল	৩,২১২	ভেনিজুয়েলা
তুগেলা	৩,১১০	দক্ষিণ আফ্রিকা
ট্রেস হারমানাস	৩,০০০	পেরু
য়ুপেনা	২,৯৫৩	যুক্তরাষ্ট্র
ভিক্টোরিয়া	৩৫৪.৩৩	জাম্বিয়া-জিম্বাবুয়ে

29. আন্তর্জাতিক মানবাধিকার দিবস কবে?
a) ১০ ডিসেম্বর b) ১১ জানুয়ারি
c) ১ ডিসেম্বর d) ২০ মার্চ **ans. A**

Solution: ভুটানের রাজধানীর নাম 'থিম্পু'। আর মুদ্রার নাম 'গুলট্রাম'। নেপালের রাজধানী হলো কাঠমুন্ডু (সার্কের সদর দপ্তরও অবস্থিত)। নিষিদ্ধ দেশ তিব্বতের রাজধানী হলো 'লাসা'। তুরস্কের রাজধানী আংকারা।

02. কত বছর পর পর হ্যালির ধুমকেতু দেখা যায়?
a) ৭০ বছর b) ৬৫ বছর
c) ৮০ বছর d) ৭৬ বছর **ans. D**

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

Solution: ৭৬ বছর পরপর হ্যালির ধূমকেতু পৃথিবীর আকাশে দৃশ্যমান হয়। ইংরেজ জ্যোতির্বিজ্ঞানী এডমন্ড হ্যালির নামানুসারে এর নামকরণ করা হয়েছে। ১৯৮৬ সালে সৌরজগতের অভ্যন্তরে শেষবারের মধ্য দেখা গিয়েছিল। ২০৬১ সালে এটি আবার দেখা যাবে।

03. বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী' কোন সময়কাল পর্যন্ত?
a) ১৯৫৫ b) ১৯৫২
c) ১৯৬৬ d) ১৯৬৯ **ans. A**

Solution: ১৯৫৫ সাল পর্যন্ত আত্মজীবনী এতে লেখা আছে যা ১৯৬৭ সালে ঢাকা কেন্দ্রীয় কারাগারে অভ্যন্তরীণ অবস্থায় লেখা শুরু করে ছিলেন।

04. শান্তিতে অবদানের জন্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন পদকটি পেয়েছিলেন?
a) ফ্রিডম পদক b) জুলিও কুরী পদক
c) জওহরলাল পদক d) মেগসাই পদক **ans. B**

Solution: শান্তিতে অবদান রাখার জন্য বিশ্ব শান্তি পরিষদ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে ১০ অক্টোবর, ১৯৭২ সালে 'জুলিও কুরি' পদকে ভূষিত করে। আর এই পুরস্কার প্রদান করা হয় ২৩ মে, ১৯৭৩ সালে।

05. বাংলাদেশের দ্রুততম মানব (২০২০) নিম্নের কোনজন?
a) ইসমাইল হোসেন b) হাসান মিয়া
c) আবদুস সালাম d) রাকিন হোসেন **ans. A**

Solution: বাংলাদেশের দ্রুততম মানব ও মানব (২০২০) যথাক্রমে মোহাম্মদ ইসমাইল হোসেন এবং শিরিন আক্তার।

ঢাকা ওয়াসা
পদের নামঃ সাব এসিসটেন্ট ইঞ্জিনিয়ার; তারিখঃ ২৬.১২.২০২০

01. সার্কের সদর দপ্তর কোথায়?
a) ঢাকা b) নয়াদিল্লী
c) কলম্বো d) কাঠমুন্ডু **ans. D**

Solution: দক্ষিণ এশিয়ার আঞ্চলিক সহযোগিতা সংস্থা সার্ক ৮ ডিসেম্বর ১৯৮৫ সালে ঢাকায় প্রতিষ্ঠিত হয়। সাতটি সদস্য দেশ নিয়ে এটি প্রতিষ্ঠিত হলেও বর্তমানে আট সদস্য বিশিষ্ট সংস্থাটির সদর দপ্তর নেপালের রাজধানী কাঠমুন্ডুতে।

02. যে রোগে শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা ধ্বংস হয়?
a) কোভিড-১৯ b) জন্ডিস
c) এইডস d) ধনুষ্টংকার **ans. C**

Solution: Acquired Immune Deficiency Syndrome বা AIDS একটি মারাত্মক রোগ। এটি শরীরের টি-লিম্ফোসাইট ধ্বংসের মাধ্যমে রোগ প্রতিরোধ ক্ষমতা নষ্ট করে। ফলে দেহ সহজে নিউমোনিয়া, যক্ষ্মার মত রোগে আক্রান্ত হয় এবং রোগী ক্রমশ মৃত্যুর দিকে অগ্রসর হয়।

03. ১৯৭১ সালে মুক্তিযুদ্ধকালে বাংলাদেশকে কয়টি সামরিক সেক্টরে বিভক্ত করা হয়েছিল?
a) ৯টি b) ১৫টি
c) ১৭টি d) ১১টি **ans. D**

Solution: স্বাধীনতা যুদ্ধকালে বাংলাদেশকে ১১টি (বিভক্ত করেন কর্নেল এম এ জি ওসমানী) সেক্টরে বিভক্ত করা হয়েছিল ১১ জুলাই ১৯৭১ সালে। উল্লেখ্য, মুক্তিযুদ্ধের সময় সমগ্র বাংলাদেশকে ৬৪টি সাব-সেক্টরে ভাগ করা হয়। ১০নং সেক্টর সরাসরি প্রধান সেনাপতির অধীনে ছিল। সম্মুখ সমরে পাকিস্তান সেনাবাহিনীর সঙ্গে যুদ্ধে লিপ্ত হওয়ার জন্য ৩টি (জেড ফোর্স, কে ফোর্স, এস ফোর্স) নিয়মিত ব্রিগেড গঠন করা হয়।

04. বাংলাদেশ জাতিসংঘের-
a) ১৪৬ তম সদস্য b) ১৩৬ তম সদস্য
c) ১২৬ তম সদস্য d) ১১৬ তম সদস্য **ans. B**

Solution: ১৯৭৪ সালের মধ্যেই বাংলাদেশ বিশ্বের অধিকাংশ রাষ্ট্র ও জাতিসংঘসহ প্রায় সকল আন্তর্জাতিক সংস্থার স্বীকৃতি লাভ করে। সাধারণ পরিষদের সর্বসম্মত সিদ্ধান্ত অনুযায়ী ১৭ সেপ্টেম্বর ১৯৭৪ সালের বাংলাদেশ জাতিসংঘের ১৩৬তম সদস্য হিসেবে যোগদান করে।

05. মুজিবনগরে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রথম অস্থায়ী সরকার শপথ গ্রহণ করে কত তারিখে?
a) ১০ মার্চ b) ১৭ এপ্রিল
c) ২৬ মার্চ d) ১৭ মে **ans. D**

Solution: ১০ এপ্রিল ১৯৭১ সালে মুজিবনগর সরকার গঠিত হয় এবং ১৭ এপ্রিল ১৯৭১ সালে শপথ গ্রহণ করে।

06. বাংলাদেশে সবচাইতে বেশী পাট উৎপন্ন হয় কোন জেলায়?
a) ফরিদপুর b) রংপুর
c) জামালপুর d) শেরপুর **ans. A**

Solution: ২০১৭ সালে বিবিএস কর্তৃক প্রকাশিত তথ্য অনুযায়ী পাট উৎপাদনে দ্বিতীয় স্থানে রয়েছে রাজবাড়ী (৫,০৫,৭৭০ বেইল)। আর চতুর্থ স্থানে রয়েছে জামালপুর (৪,৭০,৭৮১ বেইল)।

07. জাতিসংঘ কোন বছর প্রতিষ্ঠিত হয়?
a) ১৯৪১ b) ১৯৪৫
c) ১৯৪৮ d) ১৯৪৯ **ans. B**

Solution: United Nations Organization বা জাতিসংঘ যাত্রা শুরু করে ২৪ অক্টোবর ১৯৪৫। ১৯৯৫ সালে সংস্থাটি ৫০ বছর পূর্ণ করে। সংস্থাটি ৫০ বছর উপলক্ষে গোল্ডেন জুবিলি দিবস পালন করে।

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

08. নিম্নের কোন দুর্যোগটি বাংলাদেশের জনগনের জীবিকা পরিবর্তনের ক্ষেত্রে দীর্ঘস্থায়ী প্রভাব ফেলতে পারে?
a) ভূমিকম্প b) সমুদ্রের জলস্তরের বৃদ্ধি
c) ঘূর্নিঝড় ও জলোচ্ছাস d) খরা ও বন্যা **ans. C**

09. রাষ্ট্রের চতুর্থ স্তম্ভ কাকে বলা হয়?
a) রাজনীতি b) বুদ্ধিজীবি সম্প্রদায়
c) সংবাদ মাধ্যম d) যুবশক্তি **ans. C**

Solution: রাষ্ট্রের চতুর্থ স্তম্ভ 'সংবাদ মাধ্যম'। উল্লেখ্য, রাষ্ট্রের প্রথম স্তম্ভ 'জাতীয় সংসদ'; দ্বিতীয় স্তম্ভ 'নির্বাহী বিভাগ তথা প্রশাসন বিভাগ'; তৃতীয় স্তম্ভ 'বিচার বিভাগ'।

10. জাতিসংঘের স্থায়ী সদস্য-
a) জাপান, জার্মানী, ফ্রান্স, ব্রিটেন, কানাডা, যুক্তরাষ্ট্র
b) উত্তর কোরিয়া, পাকিস্তান, ভারত, ইসরাইল, চীন
c) যুক্তরাজ্য, জার্মানী, ব্রিটেন, ব্রাজিল, চীন
d) ফ্রান্স, রাশিয়া, যুক্তরাষ্ট্র, ব্রিটেন, চীন **ans. D**

Solution: জাতিসংঘের নিরাপত্তা পরিষদের মোট সদস্য ১৫টি (স্থায়ী ৫টি এবং অস্থায়ী ১০টি)। যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, রাশিয়া, ফ্রান্স ও চীন এই ৫টি স্থায়ী সদস্যকে পি৫ (P5) বলা হয়। কারণ এদের ভেটো প্রয়োগের ক্ষমতা রয়েছে।

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স
পদের নামঃ এসএই বি/আর (সি); তারিখঃ ২০২০

01. বাংলাদেশের হোয়াইট গোল্ড হিসেবে পরিচিত কোনটি?
a) ইলিশ মাছ b) পাট
c) রূপা d) চিংড়ি **ans. D**

Solution: রপ্তানি পণ্য হিসেবে চিংড়ির অপার সম্ভাবনা ও বহির্বিশ্বে ব্যাপক চাহিদার কারণে একে বাংলাদেশের 'White Gold' বলা হয়। দেশের প্রথম চিংড়ি গবেষণা কেন্দ্রটি স্থাপিত হয় বাগেরহাটে ১৫ মার্চ ২০১১ সালে।

02. email এর পূর্ণরূপ কি?
a) electrical mail b) electronic mail
c) emergency mail d) efficient mail **ans. B**

Solution: Email এর পূর্ণরূপ Electronic Mail. এর কাজ হলো একটি কম্পিউটার হতে অন্য কম্পিউটারে বা ফ্যাক্স মেশিনে তথ্য পাঠানো।

03. বাংলাদেশের জাতীয় পতাকার ডিজাইনার কে?
a) জয়নুল আবেদীন b) হামিদুর রহমান
c) কামরুল হাসান d) হাশেম খান **ans. C**

Solution: বাংলাদেশের জাতীয় পতাকার ডিজাইনার কামরুল হাসান। তিনি জাতীয় প্রতীক এবং বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের প্রতীক 'বলাকা'র নকশা করেন। তিনি 'এই জানোয়ারদের হত্যা করতে হবে', 'দেশ আজ বিশ্ববেহায়ার খপ্পরে' শিরোনামে রাজনৈতিক Sketch আঁকেন। তাঁকে 'পটুয়া' বলে ডাকা হয়।

04. 'মুক্তির গান' চলচ্চিত্র কে পরিচালনা করেছেন?
a) জহির রায়হান b) আলমগীর কবির
c) গীতা মেহতা d) তারেক মাসুদ **ans. D**

Solution: চলচ্চিত্র নির্মাতা তারেক মাসুদ (১৯৫৬ - ২০১১) এর প্রথম পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র 'মাটির ময়না' (২০০২)। বাংলাদেশের প্রথম চলচ্চিত্র হিসেবে সেরা বিদেশি ভাষার চলচ্চিত্রের জন্য একাডেমি বা অস্কার পুরস্কারের জন্য মনোনীত হয়েছিল। তারেক মাসুদের প্রথম স্বল্পদৈর্ঘ্য 'সোনার বেড়ি' (১৯৮৫) এবং সর্বশেষ ফিচার চলচ্চিত্র 'রানওয়ে' (২০১০)। তাঁর উল্লেখযোগ্য প্রামাণ্যচিত্র মুক্তির গান, নারীর কথা, মুক্তির কথা, আ ফাইন্ড অফ চাইল্ডহুড, ভয়েসেস অফ চিলড্রেন।

05. বিশ্ব পরিবেশ দিবস কোনটি?
a) ৫ মে b) ১৫ মে
c) ৫ জুন d) ১৫ জুন **ans. C**

Solution: বিশ্ব পরিবেশ দিবস প্রতি বছর ৫ জুন বিশ্বব্যাপী রাজনৈতিক কর্মোদ্যোগ আর জনসচেতনতার মাধ্যমে পরিবেশ সচেতনতার লক্ষ্যে পালিত দিবস। এই দিনটিতেই জাতিসংঘের মানবিক পরিবেশ কনফারেন্স (United Nations Conference on the Human Environment) শুরু হয়েছিল। এই কনফারেন্স হয়েছিল ১৯৭২ সালের ৫ থেকে ১৬ জুন অবধি। এই কনফারেন্স ঐ বছরই চালু করেছিল জাতিসংঘের সাধারণ সভা। তখন থেকেই প্রতি বছর এই দিবস পালিত হয়ে আসছে। দিবসটি প্রথম পালিত হয় ১৯৭৪ সালে।

06. বাংলাদেশের কোন সংস্থা করোনা ভাইরাস সনাক্তকরন প্রথম শুরু করে?
a) ICDDRB b) BSMMU
c) DPHE d) IEDCR **ans. D**

Solution: বাংলাদেশের করোনা ভাইরাস সনাক্তকরন প্রথম শুরু করে রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইন্সটিটিউট বা IEDCR (Institute of Epidemiology Disease Control and Research).

07. বাংলাদেশের প্রথম করোনা রোগী কত তারিখে সনাক্ত হয়?
a) ৭ মার্চ, ২০২০ b) ৮ মার্চ, ২০২০
c) ৯ মার্চ, ২০২০ d) ১০ মার্চ ২০২০ **ans. B**

Solution: বাংলাদেশের প্রথম করোনা ভাইরাস সনাক্ত হয় ৮ মার্চ, ২০২০ এবং প্রথম মৃত্যু হয় ১৮ মার্চ, ২০২০ সালে।

08. আফ্রিকা ও ইউরোপকে বিভক্ত করেছে-
a) ডোভার প্রণালী b) জিব্রাল্টার প্রণালী
c) বেরিং প্রণালী d) পক প্রণালী **ans. B**

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

Solution: আফ্রিকা ও ইউরোপকে বিভক্ত করেছে জিব্রোল্টার প্রণালী।

নাম	ইংরেজি নাম	পৃথক করেছে	সংযুক্ত করেছে
জিব্রাল্টার প্রণালী	Strait of Gibraltar	আফ্রিকা -ইউরোপ	উত্তর আটলান্টিক -ভূমধ্যসাগর
ডোভার প্রণালী	Strait of Dover	ফ্রান্স-ব্রিটেন	ইংলিশ চ্যানেল-উত্তর সাগর
বেরিং প্রণালী	Bering Strait	এশিয়া-উত্তর আমেরিকা	উত্তর সাগর-বেরিং সাগর
পক প্রণালী	Palk Strait	ভারত ও শ্রীলংকা	ভারত মহাসাগর-আরব সাগর

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
পদের নামঃ সহকারী প্রশাসনিক কর্মকর্তা; তারিখঃ ০৪.১২.২০২০

01. কৃষ্ণ গহ্বরের (Black Hole) প্রকৃতি সম্পর্কে প্রধান ধারণা কে দেন?
a) নিউটন b) স্টিফেন হকিং
c) আইনস্টাইন d) গ্যালিলিও **ans. C**

02. সম্প্রতি সরকার কর্তৃক গৃহীত শুদ্ধ বানান কোনটি?
a) Chitagong b) Chittagong
c) Chotogramm d) Chattogram **ans. D**

Solution: সম্প্রতি পাঁচটি জেলার ইংরেজি বানান পরিবর্তন করা হয়েছে। এগুলো হলোঃ

বর্তমান নাম	পূর্বনাম
Chattogram	Chittagong
Cumilla	Comilla
Barishal	Barisal
Jashore	Jessore
Bogura	Bogra

03. কোন কর্মসূচি বাঙালি জাতির 'মুক্তি সনদ' হিসেবে পরিচিত?
a) ৪-দফা কর্মসূচি b) ১৭-দফা কর্মসূচি
c) ৬-দফা কর্মসূচি d) ৯-দফা কর্মসূচি **ans. C**

Solution: বাঙালি জাতির 'মুক্তির সনদ' হিসেবে পরিচিত ছয় দফা কর্মসূচি। কারণ, ৬ দফা পূর্ব পাকিস্তানের জনগণের অর্থনৈতিক, রাজনৈতিক, সামরিকসহ সকল অধিকার কথা তুলে ধরে। আইয়ুব সরকার একে 'বিচ্ছিন্নতাবাদী কর্মসূচি' হিসেবে আখ্যায়িত করে। এ কর্মসূচি বাঙালি জাতীয় চেতনামূলে বিস্ফোরণ ঘটায়। এতে প্রত্যক্ষভাবে স্বাধীনতার কথা বলা না হলেও ৬ দফা কর্মসূচি বাঙালিদের স্বাধীনতার মন্ত্রে গভীরভাবে উজ্জীবিত করে। ৬ দফা কর্মসূচি ঘোষণার জন্য পাকিস্তানি শাসকগোষ্ঠী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে বিচ্ছিন্নবাদী এবং পাকিস্তানের এক নম্বর শত্রু বলে চিহ্নিত করে। পাকিস্তান সরকার ৬ দফা গ্রহণ না করে দমন-পীড়ন শুরু করলে আন্দোলন অনিবার্য হয়ে ওঠে।

04. বাংলাদেশের প্রথম সার্চ ইঞ্জিনের নাম কী?
a) পিপীলিকা b) চরকি
c) নিজয় d) অভ্র **ans. A**

Solution: 'পিপীলিকা' বাংলাদেশের প্রথম এবং একমাত্র সার্চ ইঞ্জিন। এটি বাংলা ও ইংরেজি দুই ভাষাতেই কাজ করতে সক্ষম। এটি ১৩ এপ্রিল ২০১৩ সালে চালু হয়।

05. বঙ্গবন্ধু কৃষি পুরস্কারের বর্তমান নাম কী?
a) নোবেল পুরস্কার b) জাতীয় কৃষি পুরস্কার
c) আন্তর্জাতিক পুরস্কার d) বঙ্গবন্ধু পুরস্কার **ans. Note**

Solution: বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার যা কৃষি উন্নয়নে গবেষণা ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতিস্বরূপ দেওয়া হয়। এই পুরস্কার বাংলাদেশের কৃষি মন্ত্রণালয়ের অধীনে ১৯৭৩ সালে দেওয়া শুরু হয়েছিল।

06. বাংলাদেশের সংবিধান এ পর্যন্ত কতবার সংশোধন করা হয়েছে?
a) ৯ বার b) ৭ বার
c) ২৭ বার d) ১৭ বার **ans. D**

Solution: বাংলাদেশের সংবিধানে এখন পর্যন্ত মোট ১৭টি সংশোধনী আনা হয়েছে। সর্বশেষ ১৭তম সংশোধনী পাস হয় ৮ জুলাই, ২০১৮ সালে।

07. বাংলাদেশে থেকে মিয়ানমারে প্রত্যাবর্তনে রোহিঙ্গাদের প্রধান দাবি কোনটি?
a) ঘরবাড়ি পুনর্নির্মাণ b) জানমালের নিরাপত্তা
c) গণহত্যার বিচার d) নাগরিকত্ব **ans. D**

Solution: বাংলাদেশে থেকে মিয়ানমারে প্রত্যাবর্তনে রোহিঙ্গাদের প্রধান দাবিগুলো হলোঃ নাগরিকত্ব, নিরাপত্তা, বাড়িঘর জমি ফেরত পাবার নিশ্চয়তা। উল্লেখ্য, বাংলাদেশে রোহিঙ্গারা প্রবেশকরে ২৫ আগস্ট, ২০১৭ সালে।

08. ২০২০ সালে শান্তিতে নোবেল পুরস্কার পেয়েছে কোন সংস্থা?
a) UNHCR b) FAW
c) WFP d) Red Cross **ans. C**

Solution: সংঘাত এবং যুদ্ধকবলিত এলাকাগুলোতে ক্ষুধা নিরসনে অবদান রাখার স্বীকৃতিস্বরূপ জাতিসংঘের অঙ্গ সংস্থা 'বিশ্ব খাদ্য কর্মসূচি' বা 'World Food Programme' (WFP) ২০২০ সালে শান্তিতে নোবেল পুরস্কার পেয়েছে।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
পদের নামঃ উপ-সহকারী পরিচালক; তারিখঃ ০৫.১২.২০২০

01. বাংলাদেশের একমাত্র পাহাড়-বিশিষ্ট দ্বীপ কোনটি?
a) পাহাড়পুর b) কুতুবদিয়া
c) নিঝুমদ্বীপ d) মহেশখালি **ans. D**

Solution: বাংলাদেশের একমাত্র পাহাড়-বিশিষ্ট বৃহত্তম দ্বীপ মহেশখালি। এই দ্বীপটি টেকনাফ, কক্সবাজারে অবস্থিত।

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

উল্লেখ্য, কুতুবদিয়া দ্বীপে বাতিঘর অবস্থিত। নিঝুম দ্বীপ অবস্থিত হাতিয়া, নোয়াখালীতে।

02. **২০২২ সালে ফিফা বিশ্বকাপ ফুটবল কোথায় অনুষ্ঠিত হবে?**
a) ইংল্যান্ড b) ব্রাজিল
c) কাতার d) আর্জেন্টিনা

Solution: ২০২২ সালের ফিফা বিশ্বকাপের ২২তম আসর অনুষ্ঠিত হবে মধ্যপ্রাচ্যের পারস্য উপসাগরের পশ্চিম তীরে অবস্থিত আয়তনে ছোট কিন্তু অর্থনৈতিক ও রাজনৈতিকভাবে অত্যন্ত শক্তিশালী দেশ কাতারে। উল্লেখ্য, ২০২৬ সালের ২৩তম ফুটবল বিশ্বকাপ অনুষ্ঠিত হবে যৌথভাবে আমেরিকা, মেক্সিকো ও কানাডায়। **ans. C**

03. **নির্মাণাধীন পদ্মা সেতুর দৈর্ঘ্য কত হবে?**
a) ৬.২৫ কিমি b) ৬.১৫কিমি
c) ৫.১৫কিমি d) ৫.২৫ কিমি

Solution: নির্মাণাধীন পদ্মা বহুমুখী সেতুর দৈর্ঘ্য ৬.১৫ কিমি এবং প্রস্থ ১৮.১০ মি। উল্লেখ্য, উভয় প্রান্তের সংযোগ সড়কের দৈর্ঘ্য ১২.১৬ কিমি (এর মধ্যে ১১.৯৫ কিমি জাজিরা প্রান্তে)। এর নির্মাতা প্রতিষ্ঠান হলো চায়না মেজর ব্রিজ ইঞ্জিনিয়ারিং কোম্পানি লিমিটেড। নদী শাসক সংস্থা হলো সিনোহাইড্রো করপোরেশন এবং তদারকি পরামর্শক হলো কোরিয়ান এক্সপ্রেসওয়ে করপোরেশন। **ans. B**

04. **বাংলাদেশের বৃহত্তম দ্বীপ কোনটি?**
a) ভোলা b) সেন্ট মার্টিন
c) হাতিয়া d) সন্দ্বীপ

Solution: বাংলাদেশের একমাত্র পাহাড়ী দ্বীপ মহেশখালী। এটি কক্সবাজার জেলার মহেশখালী উপজেলায় অবস্থিত। এ দ্বীপটির আয়তন ৩৬২.১৮ বর্গ কিমি। হাতিয়া দ্বীপ হচ্ছে বাংলাদেশের বঙ্গোপসাগর এলাকার উত্তর দিকে অবস্থিত মেঘনা নদীর মোহনায় অবস্থিত একটি দ্বীপ। এই দ্বীপটি নোয়াখালী জেলায় পড়েছে। এই দ্বীপের আয়তন ৩৭১ কিলোমিটার। চরফ্যাশন হলো ভোলা জেলার একটি উপজেলা। চরফ্যাশনে উপমহাদেশের সর্বোচ্চ ওয়াচ টাওয়ার নির্মিত হয়েছে। ছেঁড়া দ্বীপ কক্সবাজার জেলার টেকনাফ উপজেলায় অবস্থিত বাংলাদেশের সর্বদক্ষিণের দ্বীপ। **ans. A**

05. **মুক্তিযুদ্ধের সময় সমগ্র বাংলাদেশকে কয়টি সেক্টরে বিভক্ত করা হয়েছিল?**
a) ১১টি b) ৭টি
c) ৩টি d) ১৭টি

Solution: ১০ এপ্রিল সরকার ৪টি সামরিক জোনে বাংলাদেশকে ভাগ করে ৪ জন সেক্টর কমান্ডার নিযুক্ত করে। ১১ এপ্রিল তা পুনর্গঠিত করে ১১টি সেক্টরে বিভক্ত করা হয়। এ ছাড়া বেশ কিছু সাব-সেক্টর এবং তিনটি বিগ্রেড ফোর্স গঠিত হয়। **ans. A**

06. **বাংলাদেশ কত সালে জাতিসংঘের সদস্যপদ লাভ করে?**
a) ১৯৭২ সালে b) ১৯৭৪ সালে
c) ১৯৭৩ সালে d) ১৯৭৮ সালে

Solution: জাতিসংঘের ২৯তম অধিবেশনে ১৭ সেপ্টেম্বর ১৯৭৪ সালে বাংলাদেশ জাতিসংঘের সদস্যপদ লাভ করে। বাংলাদেশ জাতিসংঘের ১৩৬তম সদস্য দেশ। উল্লেখ্য, বাংলাদেশ জাতিসংঘের নিরাপত্তা পরিষদের দুইবার অস্থায়ী সদস্যপদ লাভ করে। **ans. B**

07. **পাটের জন্মরহস্য উদ্ভাবনে গবেষণা করেন কে?**
a) ড. মুহাম্মদ ছিদ্দিকুল্লাহ b) ড. মোবারক আহমেদ
c) ড. মাকসুদুল আলম d) বাহাদুর মিয়া

Solution: পাটের জীবনরহস্য বা জিনোম সিকোয়েন্স প্রথম আবিষ্কার করেন বাংলাদেশের বিজ্ঞানী ড. মাকসুদুল আলম। জিনোম সিকোয়েন্সকে কাজে লাগিয়ে প্রথম উৎপাদিত পাট হলো রবি-১। উল্লেখ্য মাকসুদুল আলম যুক্তরাষ্ট্রের হয়ে পেঁপে, মালয়েশিয়ার হয়ে রাবার এবং বাংলাদেশের হয়ে পাট ও ছত্রাকের জীবন রহস্য উন্মোচন করেন। বাংলাদেশি জিনতত্ত্ববিদ মাকসুদুল আলম ২০ ডিসেম্বর ২০১৪ সালে যুক্তরাষ্ট্রে মারা যান। **ans. C**

08. **Joe Biden Jr. মার্কিন যুক্তরাষ্ট্রের কততম প্রেসিডেন্ট নির্বাচিত হলেন?**
a) ৪৪ তম b) ৪৫ তম
c) ৪৭ তম d) ৪৬ তম

Solution: Joe Biden Jr. মার্কিন যুক্তরাষ্ট্রের ৪৬তম প্রেসিডেন্ট নির্বাচিত হন। **ans. D**

বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট
পদের নামঃ সহকারী পরিচালক; তারিখঃ ১৮.১২.২০২০

01. **Which country has the highest energy consumption per capita in the world?**
a) USA b) Iceland
c) Saudi Arabia d) UK

Solution: ইউরোপের দেশ Iceland এ মাথাপিছু শক্তির ব্যবহারের পরিমাণ হলো ১৮,৭৭৪ কেজি। যা পৃথিবীর মধ্যে সর্বোচ্চ। **ans. B**

02. **Which of the following is not considered to be a source of renewable energy?**
a) Hydropower b) Wind
c) Natural Gas d) Solar

Solution: যে শক্তি ব্যবহারে পুনঃব্যবহারের কোন সুযোগ থাকে না তাকে অনবায়নযোগ্য শক্তি বলে। এই শক্তি ব্যবহারে বিভিন্ন ক্ষতিকর পদার্থ যেমনঃ কার্বন-ডাই-অক্সাইড, কার্বন মনোক্সাইড ইত্যাদি উৎপন্ন হয়ে বাতাসে মিশে যায়। আর অনবায়নযোগ্য শক্তির উৎসগুলোঃ কয়লা, তেল, প্রাকৃতিক গ্যাস ইত্যাদি। **ans. C**

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

03. Who is the author of the book Principia Mathematica?
a) Issac Newton b) Albert Einstein
c) Copernicus d) Galileo **ans. A**

Solution: ১৬৮৬ সালে বিখ্যাত বিজ্ঞানী স্যার আইজ্যাক নিউটন তাঁর অমর গ্রন্থ 'ফিলোসোফিয়া ন্যাচারলিস প্রিন্সিপিয়া ম্যাথমেটিকা'।

04. Who has won the US Open 2020 men's singles title?
a) Roger Federrer b) Dominic Thiem
c) Novak Djokovic d) Rafel Nadal **ans. B**

Solution: US Open 2020 এর পুরুষদের একক খেলায় চ্যাম্পিয়ন হন Dominic Thiem. ১৪০তম এই আসরটি অনুষ্ঠিত হয় ৩১ আগস্ট ২০২০ থেকে ১৩ সেপ্টেম্বর পর্যন্ত।

05. Who won the Nobel Prize 2020 in literature?
a) Louise Gluck b) Kazuo Ishiguro
c) Olga Tokarczuk d) Peter Handke **ans. A**

Solution: কাব্যিক কণ্ঠ যা নিরলস সৌন্দর্য স্বতন্ত্র অস্তিত্বকে সর্বজনীন করে তোলে এই জন্য ২০২০ সালে সাহিত্যে নোবেল পুরস্কার পেয়েছেন যুক্তরাষ্ট্রের নাগরিক Louise Gluck. উল্লেখ্য, ১৯৯৩ সালে কবি লুইস গ্লুক 'The Wild Iris' গ্রন্থের জন্য পলিৎজার পুরস্কার পান। আর ১৯৯৭ সালে সাহিত্যে প্রথম নোবেল পুরস্কার পান সুলি প্রুদোম।

06. What is the name of the currency of Latvia?
a) Lira b) Euro
c) Dollar d) Pound **ans. B**

Solution: Latvia এর মুদ্রার নাম ইউরো। আর এর রাজধানীর নাম রিগা। এটি উত্তর-পূর্ব ইউরোপের একটি দেশ।

NRBC Bank Ltd.
Recruitment Test of TAO – 01.01.2021

01. Which level language is Assembly Language?
a) high-level programming language.
b) medium-level programming language.
c) low-level programming language.
d) machine language. **ans. C**

Solution: ১৯৪৫ সাল থেকে শুরু করে এ পর্যন্ত কয়েকশত প্রোগ্রামিং ল্যাংগুয়েজ বা ভাষা আবিষ্কৃত হয়েছে। এ সকল ভাষাকে বৈশিষ্ট্য অনুযায়ী পাঁচটি স্তর বা প্রজন্মে ভাগ করা যায়। যথা:

০১. প্রথম প্রজন্ম বা ফার্স্ট জেনারেশন ভাষা (১৯৪৫) : মেশিন ভাষা (Machine Language)

০২. দ্বিতীয় প্রজন্ম বা সেকেন্ড জেনারেশন ভাষা (১৯৫০) : অ্যাসেম্বলি ভাষা (Assembly Language)

০৩. তৃতীয় প্রজন্ম বা থার্ড জেনারেশন ভাষা (১৯৬০) : উচ্চতর বা হাই লেভেল ভাষা (High level)

০৪. চতুর্থ প্রজন্ম বা ফোর্থ জেনারেশন ভাষা (১৯৭০) : অতি উচ্চতর ভাষা (Very High Level)

০৫. পঞ্চম প্রজন্ম বা ফিফথ্ জেনারেশন ভাষা (১৯৮০) : স্বাভাবিক বা ন্যাচারাল ভাষা (Natural)

মেশিন ভাষা ও অ্যাসেম্বলি ভাষাকে লো লেভেল ভাষা বলে। এ দুটি ভাষাকে লো লেভেল ভাষা বলার কারণ হল এগুলো কম্পিউটারের ভাষা (০ বা ১) কিংবা এর কাছাকাছি। অন্যদিকে উচ্চতর বা হাই লেভেলের ভাষা মানুষের ভাষা যেমন ইংরেজির কাছাকাছি।

02. What is the full form of ALU?
a) Arithmetic logic unit
b) Allowed logic unit
c) Ascii logic unit
d) Arithmetic least unit **ans. A**

Solution: ALU এর পূর্ণরূপ হলো Arithmetic logic unit. অ্যারিথমেটিক লজিক ইউনিট হচ্ছে কম্পিউটারের ক্যালকুলেটর স্বরূপ। ইটা সকল গাণিতিক (Arithmatic) এবং সিদ্ধান্ত গ্রহণের (Decision Making Function) কাজ করে থাকে। গাণিতিক যুক্তি ইউনিটেই মূলত কম্পিউটারের মস্তিষ্ক হিসেবে কাজ করে।

03. What is the period of coverage of the 8th five-year plan of Bangladesh?
a) FY 2016-FY2020 b) FY 2017-FY 2021
c) FY 2019-FY2023 d) FY 2020-FY2024 **ans. A**

Solution: অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার মেয়াদ ২০২১ - ২০২৫ সাল পর্যন্ত। উল্লেখ্য, ২৯ ডিসেম্বর ২০২০ সালে বাংলাদেশ পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগ অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা মেয়াদ চূড়ান্ত অনুমোদন দেয়। 'কাউকে পিছনে ফেলে নয়' এই স্লোগানকে সামনে রেখে অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বিভিন্ন অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন সূচকে পিছিয়ে পড়া জনগোষ্ঠী এবং অঞ্চলকে চিহ্নিত করে লক্ষ্যভিত্তিক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনার কয়েকটি লক্ষ্যসমূহঃ বাজেট ৬৪,৯৫,৯৮০ কোটি টাকা; ৭৫ লাখ কর্মসংস্থান সৃষ্টি; ৭৭ লাভ কোটি টাকা বিনিয়োগ (৭৬% বেসরকারি খাতে); ডেল্টা ২১০০ প্ল্যানের কার্যক্রম শুরু; ২০২৪-২৫ অর্থবছরে ডিজিপি প্রবৃদ্ধির হার ৮.৫১% অর্জন; দারিদ্র্যের হার ১২.১৭% এ নামিয়ে আনা।

04. The place bankers meet to settle their mutual claims and accounts is known as
a) Treasury b) Clearing House
c) Dumping House d) Head office **ans. B**

Solution: Clearing House হলো এমন একটি পদ্ধতি যার মাধ্যমে কোনো নির্দিষ্ট এলাকা বা অঞ্চলের তালিকাভুক্ত ব্যাংকসমূহ তাদের পরস্পরের মধ্যকার দেনা-পাওনা

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

নিষ্পত্তিকরণের জন্য কেন্দ্রীয় ব্যাংক নির্দিষ্ট কোনো স্থানে নির্দিষ্ট সময়ে একত্রিত হয় এবং কেন্দ্রীয় ব্যাংক বা তার কোনো প্রতিনিধির তত্ত্বাবধানে আন্তঃব্যাংকিং দেনা-পাওনা নিষ্পত্তি করে।

05. What is the name of the Russian developed CORONA vaccine?
a) COVAX b) GAVI
c) Pfizer d) Sputenik **ans. D**

Solution: রাশিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে গামালিয়া রিসার্চ ইনস্টিটিউট অব এপিডেমিওলজি অ্যান্ড মাইক্রোবায়োলজি তৈরি করে Sputenik-V নামের ভ্যাকসিন। এটি ৯৫% কার্যকর এবং ২-৮° সেলসিয়াস তাপমাত্রায় সংরক্ষণ করা যাবে।

দেশ	বাংলাদেশ	যুক্তরাষ্ট্র	যুক্তরাজ্য	জার্মান	ভারত
প্রতিষ্ঠান	গ্লোব বায়োটেক	ফাইজার, মডার্না	অ্যাস্ট্রোজেনেকা ফার্মাসিটিক্যাল	বায়োএনটেক	সিরাম ইন্সটিটিউট

06. How much is the current foreign exchange reserve of Bangladesh?
a) $24,000 Million b) $43,017 Million
c) $39,185 Million d) $40,816 Million **ans. Note**

Solution: বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০২০ অনুযায়ী বৈদেশিক মুদ্রার মজুতের পরিমাণ ৩৬,০৩৭ মার্কিন ডলার।

07. What is the Cash Reserve Ratio (CRR) for the scheduled commercial bank?
a) 8.2% b) 2.2%
c) 4.0% d) 7.4% **ans. C**

Solution: CRR হলো Cash Reserve Ratio বা নগদ সংরক্ষিত অনুপাত। মোট ব্যাংক জামানতের একটি নির্দিষ্ট শতাংশ কেন্দ্রীয় ব্যাংকের সাথে বর্তমান Account এ রাখা হয়। এই অর্থ ব্যাংক বিনিয়োগ করতে পারে না। অর্থাৎ বাণিজ্যিক ব্যাংক বাংলাদেশ ব্যাংকের সাথে দিন শেষে স্থানীয় মুদ্রায় যে Balance রাখে তাকে CRR বলে। Monetary Policy ঠিক রাখার জন্য কেন্দ্রীয় ব্যাংকে SLR এবং CRR মিলে ১৮.৫০% রাখতে হয়। এর মধ্যে CRR হলো ৪.০%.

08. An unwanted repetitious message, such as unsolicited bulk e-mail is known as
a) Spam b) Trash
c) Calibri d) Courier **ans. A**

Solution: ভূয়া এবং অযাচিত মেইল এসে Spam এ জমা হয়।

09. Who won the Nobel Prize in economics in 2020?
a) Paul M. Romer b) Paul R. Milgrom
c) Svetlana Alexievich d) Jean Tirole **ans. B**

Solution: নিলাম তত্ত্ব এবং নতুন নিলাম ফরমেটের প্রতিষ্ঠাবিশুলোর আবিষ্কারের জন্য ২০২০ সালে অর্থনীতিতে যৌথভাবে নোবেল পুরস্কার পেয়েছেন (২ জন) পল আর মিলগ্রাম (যুক্তরাষ্ট্র) এবং রবার্ট বি উইলসন (যুক্তরাষ্ট্র)।

10. Devaluation of currency is likely to increase
a) Import b) Duty
c) Tariff d) Export **ans. D**

Solution: বিনিময় হার হ্রাস করা হলে একই পরিমাণ বিদেশী মুদ্রায় অধিক পরিমাণ দেশীয় মুদ্রা পাওয়া যায় বলে বিদেশের বাজারে দেশীয় পণ্যের দাম হ্রাস পায়। ফলে বিদেশে দেশীয় পণ্যের চাহিদা বৃদ্ধি পায়। এতে দেশের রপ্তানির পরিমাণ বাড়ে।

11. Who is the promoter of Chinese 'One Belt One Road' initiative?
a) Xi Jinping b) Chiang Kaisak
c) Shinzo Abe d) Mao Shetung **ans. A**

Solution: চীনে Communist party এর একটি অনুষ্ঠানে দেশটির প্রেসিডেন্ট Xi Jinping সর্বপ্রথম 'One Belt One Road' বা 'OBOR' এর ধারণা দেন। 'One Belt One Road' এ সিল্ক রোড এবং সমুদ্রসীমার সমন্বয় ঘটিয়ে নতুন একটি অবকাঠামো প্রকল্পের অবতারণা করা হবে।

12. Currency swap facility has been extended by the government for which international body's members?
a) G20 b) SAARC
c) ASEAN d) NAFTA **ans. B**

13. Freetown is the capital of:
a) Senegal b) Guinea
c) Sierra Leone d) Liberia **ans. C**

Solution: Freetown is the capital of Sierra Leone.

দেশের নাম	সেনেগাল	গিনি	লাইবেরিয়া
রাজধানী	ডাকার	কোনাক্রি	মনরোভিয়া

14. What was the inflation rate in November 2020 in Bangladesh?
a) 8.20% b) 2.20%
c) 5.52% d) 7.42% **ans. C**

Solution: যেকোন দেশের অর্থনীতিতে মুদ্রাস্ফীতি একটি জটিল সমস্যা। কোন কালপরিধিতে পণ্য-সেবার মূল্য টাকার অঙ্কে বেড়ে গেলে অর্থনীতির ভাষায় তাকে মুদ্রাস্ফীতি বলা হয়। সাধারণত পণ্যদ্রব্যের দাম বেড়ে গেলে স্থানীয় মুদ্রা দিয়ে ঐ পণ্য ক্রয়ে বেশি পরিমাণ মুদ্রার প্রয়োজন কিংবা একই পরিমাণ মুদ্রা দিয়ে আগের পরিমাণ পণ্য কিনতে গেলে পরিমাণে কম পাওয়া যায়।

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

সুতরাং মুদ্রাস্ফীতির ফলে মানুষের ক্রয় ক্ষমতা কমে যায়। একইভাবে অর্থনীতিতে পণ্যের আসল বিনিময়মূল্য কমে যায়। সাধারনত মুদ্রাস্ফীতি সুচকের মাধ্যমে হিসাব করা হয় যাকে মুদ্রাস্ফীতি সূচক বলা হয়।

15. Which one of the following is not a platform for Google?
a) Maps b) Keep
c) OneDrive d) Sheets **ans. C**

Solution: One Drive হলো Microsoft এর একটি অনলাইন স্টোরিং হাউজ।

16. Which of the following is the currency of Myanmar?
a) Dollar b) Euro
c) Kyat d) Rupee **ans. C**

Solution: কয়েকটি এশিয়ান দেশের মুদ্রার নাম নিচে দেয়া হলোঃ

দেশের নাম	মুদ্রার নাম	দেশের নাম	মুদ্রার নাম
তুরস্ক	লিরা	উত্তর ও দক্ষিণ কোরিয়া	ওন
তাজিকিস্তান	সোমনি	লাওস	কিপ
থাইল্যান্ড	বাথ	মালয়েশিয়া	রিঙ্গিত
তুর্কমেনিস্তান, আজারবাইজান	মানাত	ফিলিপাইন	পেসো
উজবেকিস্তান	সোম	ভূটান	গুলট্রাম
ভিয়েতনাম	ডং	ইসরাইল	শেকেল
মঙ্গোলিয়া	তোগরিক		

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড
পদের নামঃ সরকারী ব্যবস্থাপক (ট্রেইনি জেনারেল)
তারিখঃ ০৮.০১.২০২১

done

01. ই-মেইল ঠিকানার BCC ক্ষেত্রে এর পূর্ণরূপ কোনটি?
a) Blank Carbon Copy
b) Block Carbon Copy
c) Blind Carbon Copy
d) Bold Carbon Copy **ans. C**

Solution: ই-মেইল ঠিকানার BCC ক্ষেত্রে এর পূর্ণরূপ Blind Carbon Copy বা BCC. BCC এর ঘরে সে সমস্ত ঠিকানা টাইপ করতে হয় যাদেরকে প্রেরক ই-মেইল কপি পাঠাতে চায় কিন্তু প্রাপকদের জানাতে চায় না কাকে কাকে এর কপি পাঠানো হয়েছে। CC এবং BCC এর কাজ প্রায় একই রকম তবে CC তে যাদের উল্লেখ থাকে ই-মেইলের প্রাপক ডকুমেন্টের শেষে তাদেরকে প্রত্যেকের ঠিকানা ছাপানো অবস্থায় দেখতে পায়। অর্থাৎ প্রাপক ই-মেইলটি পেয়ে বুঝতে পারে কাকে কাকে এর কপি প্রেরণ করা হয়েছে। কিন্তু BCC তে টাইপ করা ঠিকানাসমূহ ডকুমেন্টের সাথে যাবে না। ফলে প্রাপক জানতে পারবে না কাদেরকে ই-মেইলের কপি পাঠানো হয়েছে।

02. নিচের কোনটি কম্পিউটারের হার্ডওয়্যার নয়?
a) মাউস b) পাওয়ার পয়েন্ট
c) মনিটর d) সি পি ইউ **ans. B**

Solution: পাওয়ার পয়েন্ট কম্পিউটারের হার্ডওয়্যার নয়। হার্ডওয়্যার মানে লোহালক্কর হলেও কম্পিউটারের হার্ডওয়্যার মানে একটি যন্ত্র নয়। কম্পিউটারের সাংগঠনিক কাঠামোর যে সকল যন্ত্রপাতি আমরা দেখতে পারি, স্পর্শ করতে পারি, যার বস্তুগত আয়তন আছে, তার সমষ্টিকেই হার্ডওয়্যার বলে। হার্ডওয়্যার ছাড়া সফটওয়্যার অচল, এর কোন মূল্য নেই। কম্পিউটার হার্ডওয়্যারকে প্রাথমিকভাবে তিনভাগে ভাগ করা যায়।

03. Wi-Fi এর পূর্ণরূপ কোনটি?
a) Wireless Internet
b) Wireless Field
c) Wireless Fibre
d) Wireless Fidelity **ans. D**

Solution: Wi-Fi এর পূর্ণরূপ Wireless Fidelity. ওয়াই-ফাই বা ওয়্যারলেস ফেডালিটি হচ্ছে এক ধরনের জনপ্রিয় তারবিহীন প্রযুক্তি যা রেডিও ওয়েভ ব্যবহার করে কোন ইলেকট্রনিক ডিভাইসকে উচ্চগতির ইন্টারনেট সংযোগ কিংবা কম্পিউটার নেটওয়ার্কের মাধ্যমে ডেটা-আদান প্রদান করতে পারে। এর স্ট্যান্ডার্ড হলো IEEE 802.11. এটি WiMAX এর চেয়ে অপেক্ষাকৃত ধীরগতির।

04. GPS এর পূর্ণরূপ কোনটি?
a) Great positioning System
b) Global Pointing System
c) Global Positioning System
d) Global Publication System **ans. C**

05. রঙ্গিন মনিটরের পিক্সেলে কত ধরনের রঙ থাকে?
a) ৩ b) ৮
c) ৫ d) ৬ **ans. A**

Solution: রঙ্গিন মনিটরের পিক্সেলে ৩ ধরনের রঙ থাকে। রঙিন টেলিভিশনে ৩টি মৌলিক রঙের জন্য তিনটি পৃথক ইলেকট্রন টিউব থাকে। এই তিনটি মৌলিক রং হলোঃ RGB লাল, নীল এবং সবুজ। রঙিন টেলিভিশন গ্রাহক যন্ত্রেও তিনটি ইলেক্ট্রন গান থাকে। রঙিন টেলিভিশনের পর্দা তৈরি হয় তিন রকমের ফসফর দানা দিয়ে। একটি বিশেষ রঙ শুধু তার বিশেষ রঙের ফসফরাস দানাগুলোকে আলোকিত করে। ফলে টেলিভিশন টিউবের পর্দার একই সাথে ফুটে ওঠে লাল, নীল এবং সবুজ রঙের বিন্দু এবং এদের বিভিন্ন রকম মিশ্রণে টেলিভিশনের পর্দায় ফুটে ওঠে রঙিন ছবির বিভিন্ন রঙ।

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

06. সম্প্রতি যুক্ত হওয়া বাংলাদেশের তৃতীয় সাবমেরিন কেবল সিমি উই - ৬ কনসোর্টিয়ামের ল্যান্ডিং স্টেশন কোথায় হবে?
a) বান্দরবান b) কক্সবাজার
c) সিলেট d) কুয়াকাটা ans. B

Solution: সম্প্রতি যুক্ত হওয়া বাংলাদেশের তৃতীয় সাবমেরিন কেবল সিমি উই - ৬ কনসোর্টিয়ামের ল্যান্ডিং স্টেশন হবে কক্সবাজারে। উল্লেখ্য, ২০২১ সাল নাগাদ নতুন সাবমেরিনে যুক্ত হতে পারে বাংলাদেশ। নিজেদের তৃতীয় সাবমেরিন ক্যাবলের জন্য নতুন সি-মি-উই ৬ কনসোর্টিয়ামে যুক্ত হয়েছে বাংলাদেশ। সি-মি-উই (SEA-ME-WE) হচ্ছে দক্ষিণ-পূর্ব এশিয়া, মধ্যপ্রাচ্য এবং পশ্চিম ইউরোপের সংক্ষিপ্ত রূপ।

07. PDF বলতে বোঝায়
a) Portable Document Format File
b) Public Document File
c) Public Distribution File
d) Public Distribution Folder ans. A

Solution: PDF বলতে Portable Document Format File কে বোঝায়। মূলত, Formatটি তখন ব্যবহার করা হয় যখন আপনাকে ফাইলগুলি সংরক্ষণ করতে হবে যা সংশোধন করা যায় না।

08. নিচের কোনটি অ্যান্টি ভাইরাস সফটওয়্যার?
a) Maya b) AVG
c) Outlook d) Google ans. B

Solution: কম্পিউটার ভাইরাস এক ধরণের প্রোগ্রাম যা স্বয়ংক্রিয়ভাবে নির্বাহ, সংক্রমণ, নিজস্ব সংখ্যাবৃদ্ধি করে। এই প্রোগ্রাম কিছু নির্দেশ বহন করে যা কম্পিউটারের সিপিউ কর্তৃক গ্রহণ করে কম্পিউটারকে অস্বাভাবিক, অগ্রহণযোগ্য এবং অস্বস্তিদায়ক কাজ করতে বাধ্য করে। এই প্রোগ্রামের উদ্দেশ্য কম্পিউটার ব্যবহারকারীদের বিড়ম্বনায় ফেলা।

09. ১ KB = কত বাইট?
a) ১০০০ বাইট b) ১০২৪ বাইট
c) ১০৫৬ বাইট d) ১০৬৪ বাইট ans. B

10. TCP/IP হল একটি
a) অপারেটিং সিস্টেম b) টোপোলজি
c) প্রোটোকল d) সফটওয়্যার ans. C

Solution: কম্পিউটার নেটওয়ার্কের জন্য সুপরিকল্পিত নির্ধারিত রীতিনীতিই হচ্ছে নেটওয়ার্ক প্রোটোকল। বিভিন্ন প্রতিষ্ঠান বিভিন্ন ধরনের প্রোটোকল তৈরি করেছেন। যেমনঃ TCP/IP, FTP (File Transfer Protocol), IPX/SPX, NETBEUI, Appletalk, EtherNET ইত্যাদি। এদের মধ্যে ইন্টারনেটে ব্যবহৃত প্রোটোকল হচ্ছে TCP/IT (Transmission Control Protocol/ Internet Protocol) যার ৪টি স্তর রয়েছে।

11. Biman Bangladesh Airlines started its journey on
a) 4th January 1972
b) 4th January 1971
c) 16th December 1971
d) 16th December 1972 ans. A

Solution: বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ৪ জানুয়ারি ১৯৭২ সালে যাত্রা শুরু করে। উল্লেখ্য, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স যা সাধারণত বিমান নামে পরিচিত, বাংলাদেশের একমাত্র সরকারি এবং জাতীয় পতাকাবাহী বিমান পরিবহন সংস্থা। এটি প্রধানত ঢাকায় অবস্থিত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে কার্যক্রম পরিচালনা করে। এছাড়াও চট্টগ্রাম শাহ আমানত এবং সিলেটের ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর থেকেও এর কার্যক্রম পরিচালিত হয়। প্রতিষ্ঠানটি আন্তর্জাতিক রুটের পাশাপাশি অভ্যন্তরীণ রুটেও যাত্রী এবং মালামাল পরিবহন করে।

12. How many Dreamliners does Biman Bangladesh have in its fleet?
a) 4 b) 6
c) 2 d) 8 ans. B

Solution: বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের মোট ৬টি ড্রিমলাইনার রয়েছে। এগুলো হলোঃ 'আকাশবীণা', 'হংসবলাকা', 'গাঙচিল', 'রাজহংস', 'সোনার তরী' এবং 'অচিন পাখি'। এর মধ্যে বোয়িং ৭৮৭-৮ রয়েছে ৪টি এবং ৭৮৭-৯ রয়েছে ২টি। উল্লেখ্য, বাংলাদেশ এয়ারলাইন্সের বহরে মোট ১৯টি উড়োজাহাজ রয়েছে। এর মধ্যে ১৪টি নিজস্ব এবং বাকি ৫টি লীজ। ৬টি ড্রিমলাইনার ছাড়াও বাকি ৮টি বোয়িং গুলো হলোঃ ৭৭৭-৩০০ ইআর ৪টি, বোয়িং ৭৩৭-৮০০ রয়েছে ২টি এবং ড্যাশ-৮ রয়েছে ২টি।

13. সর্বজনীন দাতা বলা হয় কোন ব্লাড গ্রুপকে?
a) A've b) B've
c) AB've d) O've ans. D

Solution: AB গ্রুপের রক্তের লোকদের রক্তে কোনো অ্যাগ্লুটিনিন না থাকায় তারা সবার রক্ত নিতে পারে। তাই তাদের সর্বজনীন গ্রহীতা বলে। আবার O গ্রুপের লোকদের রক্তে কোনো অ্যাগ্লুটিনোজেন না থাকায় তাদের পক্ষে সবাইকে রক্ত দেয়া সম্ভব। এজন্য তাদের সর্বজনীন দাতা বলে।

14. গ্রিন হাউজ গ্যাস নির্গমন হ্রাস সংক্রান্ত চুক্তি কোনটি?
a) ব্যাসল কনভেনশন b) কার্টাগোনা প্রটোকল
c) কিয়োটো প্রটোকল d) মন্ট্রিল প্রটোকল ans. C

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark Wondershare PDFelement

Solution: বিশ্ব পরিবেশ রক্ষা করার জন্য বিশ্ব উষ্ণতা রোধে জাপানের প্রাচীন রাজধানী কিয়োটাতে অনুষ্ঠিত সম্মেলনে কিয়োটো প্রটোকল স্বাক্ষর করা হয়। প্রটোকলটি স্বাক্ষরিত হয় ১৯৯৭ সালে। এর মেয়াদ শেষ হয় ২০১২ সালে। প্রটোকলটি কার্যকর হয় ১৬ ডিসেম্বর ২০০৫ সালে। প্রটোকল বলা হয়, শিল্পোন্নত দেশসমূহ তাদের গ্রিন হাউজ গ্যাসের নির্গমন ২০০৮-১২ সাল নাগাদ ১৯৯০ সালের পর্যায়ে নিয়ে আসবে তথা গড়ে ৫ শতাংশ হারে হ্রাস করবে।

বিপজ্জনক বর্জ্য দেশের সীমান্তের বাইরে চলাচল এবং এদের নিয়ন্ত্রণ বিষয়ক আন্তর্জাতিক চুক্তিই হলো **ব্যাসল কনভেনশন। কার্টাগোনা প্রটোকল** হলো জাতিসংঘের জৈব নিরাপত্তা বিষয়ক চুক্তি। **মন্ট্রিল প্রটোকলঃ** জাতিসংঘের পরিবেশ কর্মসূচি এবং পরিবেশ বিজ্ঞানীদের উদ্যোগে মন্ট্রিলে ওজনস্তর রক্ষায় যে যুগান্তকারী চুক্তি স্বাক্ষরিত হয় তাই মন্ট্রিল প্রটোকল নামে খ্যাত।

15. বাংলাদেশে আন্তর্জাতিক বিমানবন্দর কয়টি?
a) ১ টি b) ২ টি
c) ৩ টি d) ৪ টি **ans. C**

Solution: বাংলাদেশে আন্তর্জাতিক বিমানবন্দর রয়েছে ৩টি। এগুলো হলোঃ ঢাকা শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক এবং সিলেটের ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর রয়েছে।

16. কে বায়ান্নর ভাষা আন্দোলনের শহীদ নন?
a) সালাম b) আসাদ
c) জব্বার d) বরকত **ans. B**

Solution: বায়ান্নর ভাষা আন্দোলনে পুলিশের গুলিতে ঘটনাস্থলে শহিদ হন আবুল বরকত, রফিক উদ্দিন আহমদ, আবদুল জব্বার।

17. ২০২০ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন কে?
a) অভিজিৎ ব্যানার্জি b) গিটার হ্যান্ডকে
c) প্লেটা থানবার্গ d) ডব্লিউএফপি **ans. D**

Solution: সংঘাত এবং যুদ্ধকবলিত এলাকগুলোতে ক্ষুধা নিরসনে অবদান রাখার স্বীকৃতিস্বরূপ ২০২০ সালে শান্তিতে নোবেল পুরস্কার পেয়েছে জাতিংঘের অঙ্গ সংস্থা 'বিশ্ব খাদ্য কর্মসূচি' বা 'World Food Programme' (WFP).

18. মুজিব শতবর্ষের লোগোটির ডিজাইনার কে?
a) সব্যসাচী হাজরা b) মুস্তফা মনোয়ার
c) হামিদুর রহমান d) হাশেম খান **ans. A**

Solution: মুজিব শতবর্ষের লোগোটির ডিজাইনার সব্যসাচী হাজরা। এটি উন্মোচন করা হয় ১০ জানুয়ারি ২০২০ সালে।

19. অনূর্ধ্ব -১৯ ক্রিকেট বিশ্বকাপ ২০২০ এ চ্যাম্পিয়ন হওয়া বাংলাদেশ দলের অধিনায়ক কে ছিল?
a) শরিফুল b) ইমন
c) আকবর d) তামিম **ans. C**

Solution: অনূর্ধ্ব -১৯ ক্রিকেট বিশ্বকাপ ২০২০ এ চ্যাম্পিয়ন হওয়া বাংলাদেশ দলের অধিনায়ক ছিলেন আকবর আলী। উল্লেখ্য, অনূর্ধ্ব -১৯ ক্রিকেট বিশ্বকাপ ২০২০ অনুষ্ঠিত হয় দক্ষিণ আফ্রিকায়। এতে অংশগ্রহণকারী দেশ ছিল ১৬টি। ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হয় ৯ ফেব্রুয়ারি ২০২০ সালে বাংলাদেশ এবং ভারতের মধ্যে। ম্যান অব দ্য ম্যাচ হয়েছিলেন বাংলাদেশের অধিনায়ক আকবর আলী।

20. পানি বরফে পরিণত হলে কী ঘটবে?
a) ঘনত্ব বেড়ে যাবে
b) আয়তন বেড়ে যাবে
c) ভর কমে যাবে
d) আয়তনের পরিবর্তন ঘটবে না **ans. B**

Solution: পানির সর্বোচ্চ ঘনত্ব ৪°C তাপমাত্রায় হয়। কিন্তু পানি বরফে পরিণত হয় O°C তামপাত্রায়। পানি বরফে পরিণত হলে আয়তেন বেড়ে যায়। পরীক্ষা করে দেখা গিয়েছে ১১ একক আয়তনের পানি বরফে পরিণত হলে বরফের আয়ত ১২ একক হয়। অর্থাৎ পানি বরফে পরিণত হলে এর আয়তন $\frac{১}{১১}$ অংশ বেড়ে যায়। ফলে পানির তুলনায় বরফের ঘনত্ব কম হয়। পানির তুলনায় বরফের ঘনত্ব কম বলে বরফ পানির চেয়ে হালকা, তাই বরফ পানিতে ভাসে। বরফকে পানিতে ছেড়ে দিলে এর আয়তন $\frac{১১}{১২}$ অংশ পানিতে ডুবে থাকে এবং $\frac{১}{১২}$ অংশ পানিতে ভেসে থাকে।

21. ওয়ার্ল্ড ট্রেড সেন্টার বর্তমানে কী নামে পরিচিত?
a) আমেরিকান পিস সেন্টার b) জিরো পয়েন্ট
c) গ্রাউন্ড জিরো d) ওয়ার্ল্ড সিমেট্রি **ans. C**

22. বাংলাদেশ কবে আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) এর সদস্যপদ লাভ করে?
a) ২৩ মার্চ, ১৯৭২ b) ১৭ জুন, ১৯৭২
c) ২৩ আগস্ট, ১৯৭২ d) ২২ জুন, ১৯৭২ **ans. D**

Solution: বাংলাদেশ ২২ জুন, ১৯৭২ সালে আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) এর সদস্যপদ লাভ করে। আন্তর্জাতিক শ্রম সংস্থা শ্রমিক-কর্মচারীদের কর্মক্ষেত্রে উন্নতি ও তাদের সুযোগ-সুবিধার সমতা বিধান করার লক্ষ্যে প্রতিষ্ঠিত আন্তর্জাতিক সংস্থা। ভার্সাই চুক্তি অনুযায়ী ১৯১৯ সালে ১১ এপ্রিল আন্তর্জাতিক শ্রম সংস্থা প্রতিষ্ঠিত হয়।

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark Wondershare PDFelement

২০২০ এ চ্যাম্পিয়ন হওয়া
ক ছিল?
ইমন
তামিম
ans. C
ধকাপ ২০২০ এ চ্যাম্পিয়ন
য়ক ছিলন আকবর আলী।
বিশ্বকাপ ২০২০ অনুষ্ঠিত
ংশগ্রহণকারী দেশ ছিলো
হয় ৯ ফেব্রুয়ারি ২০২০
ধ্যে। ম্যান অব দ্য ম্যাচ
ক আকবর আলী।
ব?

ans. B
তাপমাত্রায় হয়। কিন্তু
পাত্রায়। পানি বরফে
। পরীক্ষা করে দেখা
বরফে পরিণত হলে
অর্থাৎ পানি বরফে
বেড়ে যায়। ফলে
য়। পানির তুলনায়
চেয় হালকা, তাই
ত ছেড়ে দিলে এর
ক এবং $\frac{১}{১২}$ অংশ

রিচিত?
য়েন্ট
মেট্রি ans. C
(আইএলও) এর

৯৭২
৯৭২ ans. D
আন্তর্জাতিক শ্রম
করে। আন্ত
র্মক্ষেত্রে উন্নতি
করার লক্ষ্যে
চুক্তি অনুযায়ী
ংস্থা প্রতিষ্ঠিত

23. যে জায়গায় বিমান রাখা হয় তাকে বলা হয়
a) Arsenal b) Hangar
c) Aerodrome d) Runway **ans. B**

Solution: যে জায়গায় বিমান রাখা হয় তাকে বলা হয় Hangar. Arsenal হলো অস্ত্রশস্ত্র এবং গোলাবারুদের কারখানা। Aerodrome হলো বিমান ঘাঁটি। Runway হলো বিমান উঠা ও নামার জন্য পথ।

24. কোন বিখ্যাত গায়ক ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের জন্য গান গেয়েছিলেন?
a) Michel Jackson b) Michel George
c) George Harrison d) Elvis Presley **ans. C**

Solution: বিখ্যাত গায়ক George Harrison ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের 'বাংলাদেশ' নামে গেয়েছিলেন। ১৯৭১ সালের ১ আগস্ট নিউইয়র্ক সিটির ম্যাডিসন স্কয়ার গার্ডেনে অনুষ্ঠিত হওয়া 'দ্য কনসার্ট ফর বাংলাদেশ' নামের সঙ্গীতানুষ্ঠানের প্রধান শিল্পী জর্জ হ্যারিসন। ১৯৭১ সালের এই দিনে পণ্ডিত রবিশংকর মুক্তিযুদ্ধের প্রতি বিশ্বজনমত গড়ে তোলা এবং শরণার্থীদের আর্থিক সহায়তা দেয়ার জন্য শিল্পী জর্জ হ্যারিসনকে নিয়ে এ অবিস্মরণীয় কনসার্টের আয়োজন করেছিলেন।

25. বাংলাদেশে মুদ্রানীতি পরিচালনার দায়িত্ব কার?
a) বাংলাদেশ ব্যাংক b) বাণিজ্যিক ব্যাংকসমূহ
c) অর্থ মন্ত্রণালয় d) আইন মন্ত্রণালয় **ans. A**

Solution: বাংলাদেশে মুদ্রানীতি পরিচালনার দায়িত্ব বাংলাদেশ ব্যাংকের উপর। প্রতি বছর দুইবার মুদ্রানীতি ঘোষণা করে বাংলাদেশ ব্যাংক। একবার বছরের শুরুতে অর্থাৎ জানুয়ারিতে। আরেকবার মুদ্রানীতি ঘোষণা হয় বছরের মাঝামাঝিতে অর্থাৎ জুলাইতে। মুদ্রানীতির কাজ হলো দেশের অর্থনৈতিক স্থিতিশীলতা রক্ষা করা। বাংলাদেশ ব্যাংক পরিস্থিতি মূল্যায়ন করে খোলাবাজার কার্যক্রম, সংবিধিবদ্ধ জমার অনুপাত পরিবর্তনসহ ব্যাংক হার পরিবর্তনের মাধ্যমে মূল্যস্ফীতি নিয়ন্ত্রণের চেষ্টা করে।

26. কোন দুইটি দেশের মধ্যে Ashes Trophy খেলা হয়?
a) ভারত ও ইংল্যান্ড
b) ইংল্যান্ড ও দক্ষিণ আফ্রিকা
c) দক্ষিণ আফ্রিকা ও অস্ট্রেলিয়া
d) অস্ট্রেলিয়া ও ইংল্যান্ড **ans. D**

Solution: অস্ট্রেলিয়া ও ইংল্যান্ড এই দুইটি দেশের মধ্যে Ashes Trophy (ক্রিকেট) খেলা হয়।

27. পদ্মা সেতুর দৈর্ঘ্য কত?
a) ৫.৪৫ কি.মি b) ৬.১৫ কি.মি
c) ৭.২৫ কি.মি d) ৮.৩৫ কি.মি **ans. B**

Solution: পদ্মা বহুমুখী সেতুর দৈর্ঘ্য ৬.১৫ কিমি এবং প্রস্থ ১৮.১০ মিটার।

28. শান্তিতে অবদানের জন্য জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন পদক পেয়েছিলেন?
a) জওহরলাল নেহেরু পদক b) ম্যাগসেসে পদক
c) জুলিও কুরী পদক d) ফ্রিডম পদক **ans. C**

Solution: চিলির রাজধানী সান্তিয়াগোতে অনুষ্ঠিত বিশ্ব শান্তি পরিষদের প্রেসিডেন্সিয়াল কমিটি সভায় শোষিত এবং নিপীড়িত জনগণের অধিকার আদায়ের সংগ্রামে তথা বিশ্বশান্তি প্রতিষ্ঠায় অসাধারণ অবদানের স্বীকৃতি হিসেবে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে 'জুলিও কুরি' শান্তি পদক প্রদানের ঘোষণা দেয়া হয় ১০ অক্টোবর, ১৯৭২ সালে। বিশ্বের ১৪০টি দেশের ২০০ প্রতিনিধির উপস্থিতিতে বঙ্গবন্ধুকে জুলিও কুরি শান্তি পদক প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। এরপর ১৯৭৩ সালের মে মাসে বিশ্ব শান্তি পরিষদের উদ্যোগে ঢাকায় অনুষ্ঠিত হয় দু'দিনব্যাপী Asian Peace & Security Conference. ঐ সম্মেলনের দ্বিতীয় দিন ২৩ মে, ১৯৭৩ জাতীয় সংসদের উত্তর প্লাজার উন্মুক্ত চত্বরে আয়োজিত এক অনুষ্ঠানে বিশ্ব শান্তি পরিষদের তৎকালীন মহাসচিব রমেশ চন্দ্র বঙ্গবন্ধুকে 'জুলিও কুরি' শান্তি পদক পরিয়ে দেন।

29. SPARRSO কি?
a) একটি আর্ন্তজাতিক পরমাণু গবেষণা কেন্দ্র
b) সরকারি কলেরা গবেষণা কেন্দ্র
c) সরকারি মহাকাশ গবেষণা কেন্দ্র
d) একটি কৃষি গবেষণা কেন্দ্র **ans. C**

Solution: SPARRSO হলো সরকারি মহাকাশ গবেষণা কেন্দ্র। এর পূর্ণরূপ হলো Space Research and Remote Sensing Organization.

30. পরম শূন্য তাপমাত্রা কত সেন্টিগ্রেড এর সমান?
a) ২৭৩.১৫° সেন্টিগ্রেড b) ২৩৭.১৫° সেন্টিগ্রেড
c) -২৭৩.১৫° সেন্টিগ্রেড d) ০° সেন্টিগ্রেড **ans. C**

Solution: যে তাপমাত্রায় কোন গ্যাসের আয়তন শূন্য হয়ে যায় তাকে পরম শূন্য তাপমাত্রা বলে। সাধারণত -২৭৩° সেলসিয়াসকে পরম শূন্য তাপমাত্রা বলা হয়। এই তাপমাত্রার কোন তাপমাত্রা বাস্তবে আশা করা যায় না। এক চরম শীতলতাও বলা হয়। কেলভিন স্কেলে এ মান O°K.

31. নিচের কোনটি ভিডিও ফাইল এক্সটেনশন ফরম্যাট?
a) jpg b) exe
c) mpg d) bmp **ans. C**

Solution: .mpg হলো Video files extension. আবার, .jpg এবং .bmp হলো Image files extension আর .exe হলো Executable files extension.

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement

32. বাংলাদেশের প্রথম অস্থায়ী রাষ্ট্রপতি কে ছিলেন?
a) সৈয়দ নজরুল ইসলাম
b) এ.এইচ.এম কামারুজ্জামান
c) জেনারেল এম এ জি ওসমানি
d) জনাব তাজউদ্দীন আহমদ
ans. A

Solution: বাংলাদেশের প্রথম অস্থায়ী রাষ্ট্রপতি ছিলেন সৈয়দ নজরুল ইসলাম। এ.এইচ.এম কামারুজ্জামান ছিলেন স্বরাষ্ট্রমন্ত্রী; জনাব তাজউদ্দীন আহমদ ছিলেন প্রধানমন্ত্রী; মুক্তিযুদ্ধে প্রধান সেনাপতি ছিলেন এম এ জি ওসমানি।

33. একটি বৃত্তের যে কোন দুটি বিন্দুর সংযোগ রেখাকে বলে?
a) ব্যাস
b) জ্যা
c) চাপ
d) ব্যাসার্ধ
ans. B

Solution: একটি বৃত্তের যে কোন দুটি বিন্দুর সংযোগ রেখাকে জ্যা বলে। বৃত্তের দীর্ঘতম জ্যা-কে ব্যাস বলে। পরিধির যে কোন অংশবিশেষকে চাপ বা বৃত্তচাপ বলে। কোন চাপের দুই প্রান্ত বিন্দু যখন বৃত্তের কেন্দ্রে মিলিত হয় তখন ঐ চাপ কেন্দ্রে নির্দিষ্ট কোণ উৎপন্ন করে। বৃত্তের কেন্দ্র থেকে পরিধি পর্যন্ত দূরত্বকে ব্যাসার্ধ বলে।

34. বাংলাদেশ রেলওয়ের সবচেয়ে বড় কারখানা কোথায়?
a) চট্টগ্রাম
b) পাকশি
c) আখাউড়া
d) সৈয়দপুর
ans. D

Solution: বাংলাদেশ রেলওয়ের সবচেয়ে বড় কারখানা সৈয়দপুর, নীলফামারীতে অবস্থিত। এটি ১৮৭০ সালে প্রতিষ্ঠিত হয়।

35. জাতিসংঘের বর্তমান মহাসচিবের নাম কী?
a) কফি আনান
b) অ্যান্তোনিও গুতেরেইস
c) বান কি মুন
d) উ থানট
ans. B

Solution: জাতিসংঘের বর্তমান মহাসচিব হলেন অ্যান্তোনিও গুতেরেইস। অ্যান্তোনিও গুতেরেইস হলেন পর্তুগালের নাগরিক। তিনি ছিলেন দেশটির সাবেক প্রধানমন্ত্রী এবং United Nations High Commissioner for Refugees হিসেবে কর্মরত ছিলেন। জাতিসংঘের নবম মহাসচিব হিসেবে ২০১৭ সালের ১ জানুয়ারিতে দায়িত্ব গ্রহণ করেন।

36. নিউমোনিয়া রোগে আক্রান্ত হয় মানবদেহের
a) ফুসফুস
b) কিডনি
c) যকৃৎ
d) প্লীহা
ans. A

Solution: নিউমোনিয়া একটি ফুসফুসের রোগ যা সাধারণত মাইক্রো অরগানিজম থেকে জন্মায়। এই রোগের যন্ত্রণাদায়ক আক্রমণের ফলে ফুসফুসের থলিতে অস্বস্তি কর যন্ত্রণা হয়। এর ফলে শৈত্যানুভূতি, জ্বরের আক্রমণ, বুকে ব্যথা, কাশি এবং নিঃশ্বাস-প্রশ্বাসে কষ্ট হয়।

37. নিচের কোনটি চৌম্বক পদার্থ নয়?
a) কাঁচা লৌহ
b) ইস্পাত
c) এলুমিনিয়াম
d) কোবাল্ট
ans. C

Solution: এলুমিনিয়াম হলো চৌম্বক পদার্থ নয়। উল্লেখ্য, যে সকল পদার্থ চুম্বক কর্তৃক সহজেই আকৃষ্ট হয় বা যাদের কৃত্রিম চুম্বক পরিণত করা যায়, তাদের চৌম্বক পদার্থ বলে। অন্যদিকে যে সকল পদার্থকে চুম্বক আকর্ষণ করে না তাদের অচৌম্বক পদার্থ বলে। লোহা, ইস্পাত, কোবাল্ট, নিকেল ইত্যাদি ধাতু চৌম্বক পদার্থ। সাধারণত লোহা, লোহার যৌগ এবং সেসব সংকর ধাতু যেগুলোতে লোহা বা ইস্পাত আছে এবং নিকেল ও কোবাল্ট চৌম্বক পদার্থ। যেহেতু লোহার উপর নিকেল ও কোবল্টের প্রলেপ দিয়ে ইস্পাত তৈরি করা হয়, তাই ইস্পাতকেও খুব ভাল মানের চুম্বকে পরিণত করা যায়। সোনা, রূপা, তামা, পিতল, অ্যালুমিনিয়াম, দস্তা, টিন ইত্যাদি ধাতুকে আকর্ষণ করে না -এরা অচৌম্বক পদার্থ। বেশির ভাগ অধাতু যেমনঃ কাঠ, কাঁচ, কাগজ, প্লাস্টিক, রবার ইত্যাদি অচৌম্বক পদার্থ।

38. ওজোন স্তরের ফাটলের জন্য মূলত দায়ী কোনটি?
a) ক্লোরো ফ্লোরো কার্বন
b) কার্বন মনো অক্সাইড
c) কার্বন ডাই অক্সাইড
d) মিথেন
ans. A

Solution: পৃথিবীতে ভৌত ও জৈব ক্রিয়ার উৎপন্ন অক্সিজেনের কিছু অংশ ওজোনে রূপান্তরিত হয়। ওজোন বায়ুমণ্ডলের উপরিভাগে একটি আচ্ছাদনের সৃষ্টি করে। একে ওজোনোস্ফিয়ার বা ওজোন স্তর বলে। এটি মানুষের পক্ষে ক্ষতিকর মহাজাগতিক রশ্মি ও অতিবেগুনি রশ্মি শোষণ করে। ভূ-পৃষ্ঠের ৬৫ মাইল উপরে অবস্থিত বায়ুমণ্ডলের চতুর্থ স্তরকে (স্ট্রাটোমণ্ডল) ওজোন স্তর বলে। ওজোন স্তর ফাটলের জন্য মুখ্যত দায়ী সিএফসি বা ক্লোরো ফ্লোরো কার্বন গ্যাস।

39. In a certain code, CIRCLE is written as RICELC. How SQUARE is written in that code?
a) QSUERA
b) QUSERA
c) UQSAER
d) UQSERA
ans. D

Solution:
ছিলো = C I R C L E
হয়েছে = R I C E L C
∴ আছে = S Q U A R E
হবে = U Q S E R A

40. তাপের একক কী?
a) ক্যালরি
b) ফারেনহাইট
c) কেলভিন
d) সেলসিয়াস
ans. A

Solution: তাপ এক প্রকার শক্তি যা কোন বস্তুর উপর প্রয়োগ করলে বস্তুর উষ্ণতা বৃদ্ধি পায় বা অবস্থার পরিবর্তন ঘটে। S.I. পদ্ধতিতে তাপের একক 'জুল'। C.G.S. পদ্ধতিতে এর একক-ক্যালরি।

Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates

Like FB Page:"BCS & Bank Job Ninja" for Mo
Remove Watermark
Wondershare PDFelement



Join FB Group:"BCS and Bank Job Ninja for More Updates